১৬ পাতার সংখ্যা
দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 14 ■ 2nd April 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

আপনি কি সফল ও প্রতিষ্ঠিত ব্যবসায়ী হতে চান?
তাহলে কম খরচে ফার্মেসি কোর্স করে ওষুধের দোকান খুলুন,
15 বছর ধরে আমরাই আছি আপনাদের সেবায় ও সহযোগিতায়
HALDAR GROUP
WB GOVT. REG. No. : IV-1903-00118/2022
An ISO 9001:2008 Certified
হেড অফিস : সোনারপুর, কলকাতা- ৭০০১৫০
D.Pharm | BA·MA·B.Sc. | B.Ed.·D.El.Ed. | LLB
B.Pharm | M.Sc.·B.Com. | M.Ed.·B.P.Ed. | LLM
www.haldargroup.org | সরাসরি ভর্তি চলছে 7439235921

# কেন্দ্রীয় সরকারে প্রায় ১০ হাজার মাল্টি টাস্কিং স্টাফ ও হাবিলদার

## প্রায় ৭ হাজার মাল্টি টাস্কিং স্টাফ

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। চাকরি হবে জেনারেল সেন্ট্রাল সার্ভিস 'গ্রুপ-সি' নন-গেজেটেড নন মিনিস্ট্রিয়াল পদে। স্টাফ সিলেকশন কমিশন সূত্রে জানা গেছে, এই পদে প্রায় ৬ হাজারের বেশি শূন্যপদ পূরণ হবে। শূন্যপদের সঠিক সংখ্যা পরে জানানো হবে। এরপর ২ পাতায়

**মাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

## ৩,৬০৩ হাবিলদার

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে (সি.বি.আই.সি. ও সি.বি.এন.) কাজের জন্য 'হাবিলদার' পদে ৩,৬০৩ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। চাকরি হবে জেনারেল সেন্ট্রাল সার্ভিস 'গ্রুপ-সি' নন-গেজেটেড নন মিনিস্ট্রিয়াল পদে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে, অর্থাৎ, জন্ম-তারিখ হতে এরপর ৫ পাতায়

# কলকাতা পুরনিগমে ১০৭ মজদুর, পরিবেশ বন্ধু

**নিজস্ব সংবাদদাতা :** কলকাতা পুর নিগমে কাজের জন্য 'কনজার্ভেন্সি মজদুর' পদে ১০৪ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। বাংলা, ইংরিজি ও হিন্দি/উর্দু/ওড়িয়া/নেপালি ভাষা লিখতে ও পড়তে জানা ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। বাড়ি বাড়ি থেকে আবর্জনা সংগ্রহ করা, রাস্তা পরিস্কার করা, ভ্যাটে আবর্জনা ফেলা ইত্যাদি কাজ করতে হবে। হাতে টানা গাড়ি, এরপর ১১ পাতায়

২০২২ সালের WBCS প্রিলি পরীক্ষা হবে জুন মাসের তৃতীয় সপ্তাহে। সম্প্রতি WBCS-এ সফল হওয়া আধিকারিকদের তৈরি করা প্রিলি ও মেন পরীক্ষার স্টাডি মেটেরিয়াল পেতে যোগাযোগ করুন
9830624170

# ডব্লু.বি.সি.এস'র ফর্ম পূরণের শেষ তারিখ বেড়ে ৫ এপ্রিল

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সিকিউটিভ) পরীক্ষার দরখাস্ত নেওয়ার শেষ তারিখ বাড়িয়ে ৫ এপ্রিল করা হয়েছে। অনলাইনে ফী জমা দেওয়ার শেষ তারিখ ৫ এপ্রিল। অফলাইনে পি.এন.বি. চালানে ফর্ম জমা দেওয়ার এরপর ৭ পাতায়

# কেন্দ্রীয় সংস্থায় ৩০০ এক্সিকিউটিভ

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা এন.এল.সি. লিমিটেড 'গ্র্যাজুয়েট এক্সিকিউটিভ ট্রেনি' পদে ৩০০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**মেকানিক্যাল :** মেকানিক্যাল বা, মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন এরপর ৭ পাতায়

# ব্যাঙ্কে ১৫৯ ম্যানেজার

**নিজস্ব সংবাদদাতা :** ব্যাঙ্ক অফ বরোদা 'ব্রাঞ্চ রিসিভেবল ম্যানেজার' পদে ১৫৯ জন লোক নিচ্ছে। চাকরি হবে চুক্তিতে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে ভালো হয়। অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। তবে এর মধ্যে ১ বছর কোনো ব্যাঙ্ক / এন.বি.এফ.সি. /ফিনান্সিয়াল প্রতিষ্ঠানে কালেকশন প্রোফাইল হিসাবে কাজ করে থাকতে হবে। বয়স হতে হবে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১৫৯টি (জেনাঃ ৬৮, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ১১, ও.বি.সি. ৪২, ই.ডব্লু.এস. ১৫)। এর মধ্যে অস্থি প্রতিবন্ধী ১, দৃষ্টিহীন প্রতিবন্ধী ২, বধির প্রতিবন্ধী ২, আই.ডি. ১টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ ৭টি, ত্রিপুরায় ১টি, ওড়িশায় ৭টি, এরপর ১১ পাতায়

KAUTILYA
CIVIL SERVICE ACADEMY
Dum Dum Cantonment, Subhasnagar, 3rd Bye Lane Kolkata-65
M: 9836336298 / 9836041198
In West Bengal we are providing the best coaching for:
WBCS
(Prelims+Mains+P.T.)
ব্যাঙ্ক ও রাজ্য-কেন্দ্রীয় সরকারের অন্য সব পরীক্ষার জন্যও ভর্তি চলছে
"আমি ভয় করবো না, ভয় করবো না দুবেলা মরার আগে মরব না ভাই মরব না"
তাই বেশি চিন্তা না করে পড়াশোনা চালিয়ে যেতে হবে — চাকরি হবেই!
2020 সালে 106 জন Prelims উত্তীর্ণ
2021 সালে 93 জন Prelims উত্তীর্ণ
2022 সালে আপনার পালা —
মাত্র 3 মাস ভালোভাবে পড়ে এক মাত্র এখান থেকেই 1st Attempt-এ Prelims পাওয়া যায়
সরাসরি Demo Class-এ আসুন ৩০ মার্চ বুধবার, বেলা ১১টায়
১২ মাস পড়লে 1st Attempt-এ Prelims Mains ও PT উত্তীর্ণ হয়ে চাকরি পাচ্ছে এখান থেকে সেই 2004 সাল থেকে লাগাতারভাবে। আসুন Saturday ও Sunday, আমাদের থেকে চাকরি পাওয়া Rank Holder-দের সঙ্গে কথাও বলতে পারবেন।
কোনো রিসেপশনিস্ট নয়, সরাসরি সরকারি চাকরি পাওয়া অফিসারদের সঙ্গে কথা বলুন।
No admission charge, only Monthly fees system

# রাজ্যের স্কুলে চটপট শিক্ষক নিয়োগ হবে

**নিজস্ব সংবাদদাতা :** রাজ্যে প্রাথমিক, উচ্চপ্রাথমিক আর নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের জন্য প্রচুর শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হবে। এখন স্কুলের পড়ালেখা স্বাভাবিকভাবে শুরু হয়েছে। তাই অনেক স্কুলে প্রচুর শূন্যপদ আছে। আগামী দিনে কোনো স্কুলেই কোনো শিক্ষক পদ ফাঁকা থাকবে না। সব শূন্যপদই দ্রুত পূরণ করা হবে। রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু ২২ মার্চ বিধানসভায় বিবৃতি দিয়ে একথা জানান। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও চান দ্রুত শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হোক। শিক্ষামন্ত্রী জানান, মেধাবী প্রার্থীরা যাতে নিজের জেলায় চাকরি পান, তার জন্য 'উৎসশ্রী' নামে একটি এরপর ৭ পাতায়

ভেতরের পাতায় আছে :
- পাওয়ার গ্রিডে ১৬ ডিপ্লোমা ট্রেনি
- WBCS প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর

# পাইলট হওয়ার সরকারি কোর্স

**নিজস্ব সংবাদদাতা :** ইন্দিরা গান্ধী রাষ্ট্রীয় উড়ান অ্যাকাডেমি 'পাইলট হওয়ার ট্রেনিং (সি.পি.এল. কোর্স)' দিচ্ছে। ফিজিক্স, অঙ্ক ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা অঙ্ক ও ফিজিক্স বিষয়ে অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আর ইংরিজিতে অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে এই কোর্সে জয়েন করার দিন থেকে ন্যূনতম ১৭ বছর। ফী ৪৫ লাখ টাকা (থাকা খাওয়া-সহ)। টাকা দিতে পারবেন ৪টি কিস্তিতে। ছেলেমেয়েদের হস্টেল আছে। ১৮ মাসের কোর্স। সেশন শুরু সেপ্টেম্বরে। সফল হলে কানপুরের ছত্রপতি সাহু জি মহারাজ বিশ্ববিদ্যালয় থেকে এরপর ৫ পাতায়

## ১০৩ আশা কর্মী

**নিজস্ব সংবাদদাতা :** পশ্চিম মেদিনীপুর জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির অধীন ঘাটাল মহকুমার ৫টি ব্লকের উপস্বাস্থ্য কেন্দ্রে কাজের জন্য 'আশা' কর্মী পদে ৩৬ জন ও এরপর ৯ পাতায়

## ডাকবিভাগে এজেন্ট

ভারতীয় ডাক বিভাগের উত্তর ২৪ পরগনা জেলার বারাসাত ডাক বিভাগীয় শাখায় ডাক জীবন বিমা ও গ্রামীণ ডাক জীবন বিমার পলিসি বিক্রির জন্য বারাসাত ও বসিরহাট হেড এরপর ৯ পাতায়

## ১৭ স্টেনো

**নিজস্ব সংবাদদাতা :** কলকাতা হাই কোর্টের অ্যাপেলেট সাইড 'পার্সোনেল অ্যাসিস্ট্যান্ট / স্টেনোগ্রাফার, গ্রেড-সি' পদে ১৭ জন লোক নিচ্ছে। এরপর ১১ পাতায়

## ৭৭ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** ন্যাশনাল অ্যারোস্পেস ল্যাবরেটরিজ 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ৭৭ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, টার্নার, এরপর ২ পাতায়



- কেশব চন্দ্র সেন'কে ১৮৬২ সালে কে 'ব্রহ্মানন্দ' উপাধি দিয়েছেন? [WBCS 2020]
- সর্বপ্রথম বাঙালী লেখক হিসাবে কে জ্ঞানপীঠ পুরস্কার পান? [Rail-NTPC 2019]
- ভারতে সিভিল সার্ভিস নিযুক্ত হওয়ার জন্য কোন সময় থেকে প্রতিযোগিতামূলক পরীক্ষা বাধ্যতামূলক হয়? [WBCS 2018]

সব ক'টি প্রশ্নই গত বছরে হওয়া ওপরের সরকারি পরীক্ষাতে এসেছে।
আর প্রত্যেকটি প্রশ্নই বেরিয়েছে আমাদের স্টাডি মেটেরিয়ালের সেটে।
প্রতি মাসে ২ বার করে বের হয় আমাদের স্টাডি মেটেরিয়াল — যা তৈরি করেন সম্প্রতি সরকারি চাকরি পাওয়া আধিকারিকেরা। যেখান থেকে অনেক প্রশ্নই সরাসরি বিভিন্ন পরীক্ষাতে এসেছে। বাড়িতে বসে প্রত্যেক মাসে এই স্টাডি মেটেরিয়াল পেতে আজই যোগাযোগ করুন :
9830624170

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩


## স্কুল-কলেজ-শিক্ষা

NSDC অনুমোদিত ফিজিওথেরাপি, ECG, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 8697893849, 32, Surya Sen St. Kol- 9.

CM

**মাসিক মাহিনায় কোচিং**
By exp. faculty specially for CGL, HS Lvl, MTS, WBCS (Preliminary & Main), TET (Eng.+Math.) & Comb. চ্যাপ্টার ধরে পড়ানো হয়। (রবিবারেও ক্লাসের সুবিধা) মগরা (হুগলি), কলকাতা (কলেজ স্ট্রিট) M : 9073447917

SH

## স্কুল-কলেজ-শিক্ষা

English, (Obj + Des + Spoken) for UPSC, WBCS, CGL, Bank রানাঘাট, শিয়ালদা এবং অনলাইন। M: 9674353404

SH

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC, মাসে 800/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রানাঘাট, বড় জাগুলি, কাঁচড়াপাড়া, শ্যামনগর। PH : 7584006555

LG

PSC, SSC, Rail, WBCS, থাই মারি রেগুলার/অনলাইন কোচিং। সাকসেস সেন্টার, বনগাঁ ও মধ্যমগ্রাম। M: 8337000600/900. দূরবর্তীদের অনলাইন সাপোর্ট।

R

**WBCS + SI (Police)**
কম নেগেটিভের টেকনিক-সহ Math+GI - অনুপম Sir (বর্ধমান) - 9153234644. GS (All) - দেবাশিস Sir (বর্ধমান+শিয়ালদা) - 8335861321, এছাড়া দু'জনেই online-এ ক্লাস করাচ্ছেন।

SH(S)

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

জয়েন্ট ছাড়াই ভর্তি
মাত্র 4.5 লাখে (থাকা-খাওয়া সহ)
GNM
INC, WBNC স্বীকৃত
B.Sc. নার্সিং
পশ্চিমবঙ্গে সরাসরি ভর্তি
সেশন 2021-22
শাশ্বতী কনসালটেন্সি
✆ 9733336367, 8343936307
জেলা ভিত্তিক Admission Partner চাই

## কর্মখালি

**আবাসিক শিক্ষক প্রয়োজন**
Sub : Beng, Eng, Hist, Math, LSc, P.Sc, Sal (7000-12000), Boys Mission, M- 9641304606, 9382120015

SH(A)

**কর্মী নিয়োগ**
প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম কোম্পানি, শপিং মল, ফ্যাক্টরিতে টাওয়ার Co.-তে ATM গার্ড পদে কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500/-—18,800/-+OT, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। যোগাযোগ M : 8536087491

SA

হাতে লিখে আয় 8,000–12,000 টাকা। বাড়িতে বসে ডাকযোগে কাজ করার সুযোগ আছে। Mob : 8274889336

R

**বেতন : 18500–42500**
Ex সার্ভিসম্যান অগ্রাধিকার, কলিকাতা, হাওড়া, বালিগঞ্জ, বজবজ, দমদম, ব্যারাকপুর, কল্যাণী, কৃষ্ণনগর, বহরমপুর, মুর্শিদাবাদ, মালদা, শিলিগুড়ি, জলপাইগুড়ি, বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া থেকে বা যাতায়াত করে। বিভিন্ন লিমিটেড কোম্পানি - হিন্দুস্থান লিভার, ব্রিটানিয়া, বিস্কফার্ম ও ব্যাঙ্ক (DSA)-তে 105 জন ছেলেমেয়ে চাই, আর্জেন্ট। M : 8536090801

SP

1. O/d পিওন (GKW-পোদড়া বাসী) 8585892443. 2. ব্যবসা/প্রকাশনা/mktg. O/d অভিজ্ঞ PRO 3. উকিল 4. A/c, Comp./Law Asst.-vigmanav@yahoo.com

D

## কর্মখালি

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
Front & Back office এ। Age 18-35, HS & Graduate. Salary 12k-20K. নিজ এলাকা। 6291125164, 9477762102

R

বারাসাতে অফিসে বসে কাজের জন্য ৭ জন মহিলা কর্মী চাই। Sal : 6K to 9K. Mob : 7797224708. (এটা কোনো কনসালটেন্সি নয়)।

D

**Airport ও ব্যাঙ্ক**
গভঃ স্বীকৃত Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে (অষ্টম-স্নাতক) M/F চাই। বেতন : 20,300/- – 47,800/- সত্বর : 8145187988

SA

**জাহাজে 89 জন কর্মী চাই**
গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে ব্যাচেলার প্রার্থীদের ৮ম/স্নাতক নিয়োগ। খিদিরপুর, হলদিয়া হইতে - আন্দামান। বেতন - 27,300/-— 65,700. PF, ESI, বোনাসের সুবিধা। M : 8145187975

SA

**আর্জেন্ট ভ্যাকান্সি ব্যাঙ্কে স্থায়ী জব**
Govt. Regd অফিস থেকে সরাসরি ব্যাঙ্কে স্থায়ী চাকরি। নিজের জেলায় শিক্ষাগত যোগ্যতায় M/F নিয়োগ। বেতন : 21,650/-—44,600/-. বোনাস, OT, PF. M : 7432829411

SA


All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.


## কর্মখালি

**সরাসরি কর্মী নিয়োগ**
জেলাভিত্তিক ATM গার্ড, S.V, ক্লার্ক, ইনচার্জ, পিওন চাই। বেতন : 13K–22K, M : 9051457091

SA

**স্পট জয়েনিং**
বিনা ডোনেশনে বিভিন্ন কোম্পানি ও শপিং মলে প্রচুর M/F চাই। বেতন- 9500-26500. 9461659163

MS

**Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট**
বিনা ডোনেশনে জব। 205 জন M/F অষ্টম/স্নাতক কর্মী নিয়োগ। বেতন- 18,300/48,500. থাকা-খাওয়া ফ্রী। M : 7551880381

SA(A)

**ফোন করলেই চাকরি**
গভঃ স্বীকৃত Airport ও PVT ব্যাঙ্কে বিনা ডোনেশনে ৪ম/স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন : 16,400–45,900। থাকা-খাওয়া ফ্রি। Mob : 9733750359

SA

২০২২- তে সরকারী কলেজে ভর্তি হতে
NEET, JENPAS, JEE (ANM / GNM)
কোচিং শুরু Online / Offline with MOCK TEST
নার্সিং ও প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি চলছে with KIMS HOSPITAL
LIBERTY FOUNDATION
Ph - 8159832788
www.libertytraining.co.in

## কর্মখালি

**আর্জেন্ট জয়েনিং**
**Airport – BANK**
Govt. R-L = 5252 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে M/F কর্মী চাই (নামসই/স্নাতক), বেতন : 16,300/48,700, থাকা-খাওয়া ফ্রী, M - 9432057063.

SA

**Airport ও ব্যাঙ্ক**
Govt. R.No.-6852 বিনা ডোনেশনে এয়ারপোর্ট ও Bank-এ অষ্টম/স্নাতক কর্মী নিচ্ছে। বেতন- 18,400–42,700, থাকা-খাওয়া ফ্রী। M : 9593463109

SA

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
WB L/C No. Kol-50W85, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে Pvt. Bank-এ Back-office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F জেলা ভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 18,500/ --34,700/-. ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Help - 9735135882

SA

## কর্মখালি

**জাহাজ ও ডকে চাকরি**
পঃ বাংলায় বিভিন্ন জেলায় কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 187 জন M/F নিয়োগ করানো হচ্ছে। Salary-21,750/- – 56,500/-. থাকা-খাওয়া, ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা। M : 9735153441

SA

**এয়ারপোর্ট ও ব্যাঙ্ক**
Govt. RL No. 5473 বিনা ডোনেশনে Air ও ব্যাঙ্কে ৪ম/স্নাতক M/F চাই। বেতন : 18,300-47,800, থাকা-খাওয়া ফ্রী, Mob - 9733672376

SA

**ব্যাঙ্কে চাকরি**
পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় ব্যাঙ্ক DSA-তে চাকরি। যোগ্যতা : অষ্টম-স্নাতক। বেতন - 13,500–52,800/-, M/F নিয়োগ চলছে। Ex-Army দের জন্য বিশেষ সুবিধা আছে। M : 7074347106

SA


## প্রায় ৭ হাজার মাল্টি টাস্কিং স্টাফ

১ পাতার পর

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে পে ম্যাট্রিক্স সপ্তম পে কমিশন অনুযায়ী।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Multi Tasking (Non -Technical) Staff and Havaldar (CBIC & CBN) Examination, 2021' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন পরীক্ষা হবে জুলাই মাস নাগাদ। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), কল্যানী (৪৪১৯), দুর্গাপুর (৪৪২৬), বর্ধমান (৪৪০৪), আসানসোল (৪৪১৭), গ্যাংটক (৪০০১), বোকারো (৪২০১), হাজারিবাগ (৪২০৪), জামশেদপুর (৪২০৭), বেরহামপুর (গঞ্জাম) (৪৬০২), রাঁচী (৪২০৫), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), সম্বলপুর (৪৬০৯), পোর্ট ব্লেয়ার (৪৮০২)। ইটানগর (৫০০১), ডিব্রুগড় (৫১০২), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), কোহিমা (৫৩০২), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আগরতলা (৫৬০১), আইজল (৫৭০১)।

এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) প্রথম পার্ট-জেনারেল ইংলিশ -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) দ্বিতীয় পার্ট-জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) তৃতীয় পার্ট-নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) চতুর্থ পার্ট-জেনারেল অ্যাওয়ারনেস -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। প্রথম পেপারের পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৩০%, ও.বি.সি. /ই.ডব্লু.এস. প্রার্থীরা ২৫%, অন্যান্য ক্যাটেগরির প্রার্থীরা ২০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

সফল হলে এরপর হবে ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষা (পেন ও পেপার মোডে)। দ্বিতীয় পেপার অর্থাৎ, ডেসক্রিপ্টিভ টাইপের পেপারে ৫০ নম্বরের প্রশ্ন হবে ইংরিজি (২৫ নম্বর) ও বাংলায় (ভার্নাকুলার ল্যাঙ্গোয়েজ) (২৫ নম্বর) বিষয়ে। এই পেপারে থাকবে সংক্ষিপ্ত প্রবন্ধ লেখা বা, চিঠি লেখা। সময় থাকবে ৪৫ মিনিট। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত ১৫ মিনিট সময় পাবেন। এই পেপারে কোয়ালিফাইং নম্বর পেতে হবে। এই পেপারে পাওয়া নম্বর মেধা তালিকা তৈরির সময় ধরা হবে না।

লিখিত পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। এই পরীক্ষায় কোনো ইন্টারভিউ নেই।

লিখিত পরীক্ষায় একাধিক প্রার্থী একই নম্বর পেয়ে থাকলে সেক্ষেত্রে প্রথমে তৃতীয় পার্ট, তারপর দ্বিতীয় পার্ট, তারপর জন্ম-তারিখ (বেশি বয়সের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন), তারপর নামের বর্ণমালা অনুযায়ী প্রথম দিকের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in প্রার্থীদের প্রথমে One Time Registration করতে হবে। তখন বৈধ মোবাইল নম্বর, ই-মেল আই.ডি., আধার কার্ড /প্যান কার্ড /ভোটার কার্ড /পাশপোর্ট / ড্রাইভিং লাইসেন্স /স্কুল বা, কলেজের আই.ডি. কার্ড ইত্যাদি সঙ্গে রাখতে হবে। নাম রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এরপর Register Now-এ গিয়ে ক্লিক করে আগের পাশওয়ার্ড দিয়ে নতুন পাশওয়ার্ড তৈরি করতে পারবেন। তারপর মূল দরখাস্ত পূরণ করতে হবে। তখন রাজ্যের নাম, সেন্টার কোড, বয়স, ঠিকানা, ক্যাটেগরি ইত্যাদি ঠিকভাবে এন্ট্রি করে Continue করলে তার পরের পৃষ্ঠায় শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার আপলোড করতে হবে। এজন্য দরখাস্ত করার আগে ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে এস.বি.আই. নেট ব্যাঙ্কিং / ক্রেডিট কার্ড /ডেবিট কার্ডে, ভীম ইউ.পি.আই, ২ মে'র মধ্যে। ব্যাঙ্কে চালানের মাধ্যমে টাকা জমা দিতে পারবেন, ৪ মে'র মধ্যে। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। সবশেষে রেজিস্ট্রেশন করার পর প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী একটিই দরখাস্ত পাঠাবেন। অ্যাপ্লিকেশন ফর্ম ও অনলাইন পেমেন্ট সংক্রান্ত বিষয়ে সংশোধন করতে পারবেন ৫ মে থেকে ৯ মে পর্যন্ত। আরো বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে।

## ৭৭ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, মেকানিক (মোটর ভেহিক্যাল) ও ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক)।

বিজ্ঞান ও অঙ্ক বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৩৭ সেমি, ওজন অন্তত ২৫.৪ কেজি, বুকের ছাতি অন্তত ৩.৮ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। শূন্যপদ : ফিটার ১২টি, টার্নার ১৫, ইলেক্ট্রিশিয়ান ১৮, মেশিনিস্ট ২৬, মেকানিক মোটর ভেহিক্যাল ৩, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৩।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৪-৪-২০২২'এর হিসাবে ন্যূনতম ১৬ বছর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে এক বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ৮,০৫০ টাকা। ২০১৭ সাল বা, তারপর পাশ হতে হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : No 2 (76) 4 / 2022-AI, Date: 15/03/2022.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর ও আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে। মেধা তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.hal-india.co.in

প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ৪ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন।



**স্বপন দেবনাথ**

মারা গেলেন সংস্থান পরিবারের দীর্ঘদিনের সংবাদপত্র বিক্রেতা বন্ধু ও পরম সুহৃদ স্বপন দেবনাথ (৬০ বছর)। তিনি পূর্ব বর্ধমান জেলার উত্তর শ্রীরামপুরের গাড়ুলিয়া, তেলনীপাড়া, পূর্বস্থলী, সুলেট্টু অঞ্চলের এজেন্ট ছিলেন। পরিবারসূত্রে জানা গেছে, গত রবিবার, ২৬ মার্চ সকালে বাড়ি-বাড়ি কাগজ দেওয়ার সময়ই সুলেট্টু মোড়ে একটি ডেলিভারি গাড়ি তাকে ধাক্কা মারে। ঘটনাস্থলেই মারা যান তিনি। তাঁর এই অকাল প্রয়াণে সংস্থান পরিবারের সবাই গভীরভাবে মর্মাহত ও শোকস্তব্ধ।


এবার আপনিও হতে পারেন ঔষধের ব্যাবসায়ী....

তাহলে আর দেরী না করে আজই আমাদের সাথে যোগাযোগ করুন, এবং খুব অল্প খরচে ফার্মেসী কোর্স করে নিজের মেডিকেল স্টোর ওপেন করুন।

D.PHARM | B.PHARM

Approved by PCI

For Admission : 6291613422






GNM | B.Sc

Only 3–4 Lakhs
With Food & Accommodation

Only 4.5–5 Lakhs
With Food & Accommodation

Approved by : WBNC & WBUHS

For Admission : 9007309541



প্যারামেডিকেল কোর্স

DMLT, BMLT, OT-Tech, Dialysis-Tech, Physiotheraphy, Radiology, Perfusion Technology, etc Paramedical Course done here.

For Admission : 9641527650

এছাড়াও আমাদের আরও যে কোর্স গুলিতে ভর্তি চলছে

MBBS, BDS, MBA, BBA, Agriculture, Engineering, Ph.D, MP. H.S & etc Course done here.

LLB, BALLB
BBALLB,
LLM



For Admission : 6289613221

আমাদের ফ্রাঞ্চায়জি নেওয়ার জন্য যোগাযোগ করুন : 6290427068

বিস্তারিত জানতে : কল্যাণী রিলায়েবেল

9007309541 / 7439133879

Any Enquiry Call or WhatsApp : 8017811251

# চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইন্টেলিজেন্স

1. A word is given in capital letters. It is followed by four words. Out of these four words, three cannot be formed from the letters of the word in capital letters. Point out the word which can be formed from the letters of the given word in capital letters.

BLASPHEMOUSLY
(A) SPHERE (B) LAPSE
(C) MOUTH (D) BIBLE

2. A goldsmith has five rings. Each having a different weight.
Ring D weighing twice as much as Ring E, Ring E weighing four and one-half times as much as Ring F, Ring F weighing four and one-half times as much as Ring G, Ring weighing half as much as Ring H, Ring H weighing less than Ring D but more than Ring F. Which of the following represents the descending order of weights of the rings?
(A) D, E, G, H, F (B) D, E, F, H, G
(C) E, G, H, D, F (D) D, E, H, G, F

3. The average height of students in a class of 20 is 105 cm. If 10 students of average height of 120 cm are added to the class, what will be the average height of the students in the class?
(A) 117.5 cm (B) 116 cm
(C) 110 cm (D) 108cm

**Direction (Qs. 4 & 5)** : *With the help of the given data, answer the following. A boy walked 3 km towards South. Then he turned towards West and walked for 5 km. Then he turned towards North and walked for 6 km. Now he turned towards East and walked for 5 km.*

4. What is the distance between the boy and the starting point ?
(A) 3 km (B) 8 km (C) 14 km (D) 19 km

5. In which direction, the boy was moving while finishing ?
(A) North (B) South (C) East (D) West

6. Two statements are given followed by two conclusions I and II. You have to consider the two statements to be true even if they seem to be at variance from commonly known facts. You have to decide which one of the given conclusions is definitely drawn from the given statements.

***Statements :***
1. Sachin is a good cricketer.
2. Sachin's sister is a good singer.


***Conclusions :***
I. Sachin and his sister are good cricketers.
II. Sachin and his sister are talented.
(A) Only I follows (B) Only II follows
(C) Neither I nor II follows
(D) Both I and II follow

7. A statement followed by two assumptions I and II is given. You have to consider the statement to be true even if it seems to be at variance from commonly known facts. You are to decide which of the given assumptions can definitely be drawn from the given statement. Indicate which one of the four given responses is correct.

***Statement :***
Most villagers are uneducated and therefore superstitious.


***Assumptions :***
I. Education increases rational thinking. II. Villagers do not go to school.
(A) Only I is implicit (B) Only II is implicit (C) Both I and II are implicit (D) Neither I nor II is implicit

8. Which one of the following figures represents the relationship among Horses, Mammals, Animals ?




(A) (B) (C) (D)

9. There are 70 cycles in a cycle stand. 50 cycles have carriers, 35 have both bells and carriers, while some have only bells. Find out from the following Venn diagrams, which is the correct way of representing the above problem.




(A) (B) (C) (D)


10. In the following figures, four different views of a dice are given. Find the number of dots on the face opposite to the face with one dot.




(A) 4 (B) 6 (C) 5 (D) 3

11. A piece of paper is folded and punched as shown below. From the given responses, indicate how it will appear when opened.

*Question Figures :*




*Answer Figures :*




(A) (B) (C) (D)

12. Which of the answer figures shall complete the question figure ?

*Question Figure :*



*Answer Figure :*




(A) (B) (C) (D)

13. In which answer figure is the question figure embedded ?

*Question Figure :*



*Answer Figure :*



(A) (B) (C) (D)

**Direction : (Qs. 14 to 23) :** *Select the related word / letters / number / figure from the given responses.*

14. Sculptor : Statue : : Poet : ?
(A) Poem (B) Music
(C) Painting (D) Dance

15. Custom : Culture : : Ritual : ?
(A) Religion (B) Sect
(C) Practice (D) Function

16. Threat : Insecurity : : Challenge : ?
(A) Fight (B) Struggle
(C) Effort (D) Labour


17. ABCD : FGIH : DEGF : ?
(A) STRP (B) MNPO
(C) DEFG (D) XYZA

18. FIRST : RIFTS : GHOST : ?
(A) OGHST (B) OHGST
(C) OHGTS (D) OGHTS


19. 50 : 65 : : 101 : ?
(A) 12 (B) 117 (C) 122 (D) 145

20. 4, 16, 12 : 3, 9, 6 : : 6, 36, 30 : ?
(A) 5, 25, 20 (B) 7, 49, 42
(C) 9, 81, 72 (D) 2, 4, 2

21. *Question Figures :*




*Answer Figures :*




(A) (B) (C) (D)

22. *Question Figures :*




*Answer Figures :*




(A) (B) (C) (D)

23. *Question Figures :*



*Answer Figures :*



(A) (B) (C) (D)

**Direction : (Qs. 24 to 32) :** *Find the odd word / letters / number / figure from the given responses.*

24. (A) Violin (B) Sitar (C) Harp (D) Flute

25. (A) Crow (B) Bat (C) Pigeon (D) Parrot


26. (A) Ruby (B) Gold
(C) Sapphire (D) Topaz

27. (A) JLMK (B) SUVT (C) SVUT (D) GIJH


28. (A) MORV (B) DFIM
(C) QSVZ (D) EFGJ

29. (A) 123-273 (B) 280-430
(C) 48-198 (D) 53-193

30. (A) 72572 (B) 35453
(C) 78378 (D) 46246


31. 

(A) (B) (C) (D)

32. 

(A) (B) (C) (D)

33. A series of figures is given which can be grouped into classes. Select the group into which the figures can be classified from the given responses :




(A) 1, 2, 3; 4, 5, 6; 7, 8, 9 (B) 1, 3, 6; 2, 5, 8; 4, 7, 9 (C) 4, 5, 6; 7, 8, 9; 8; 1, 2, 3 (D) 1, 2, 4; 3, 5, 6; 7, 8, 9

34. Which one of the given responses would be a meaningful order of the following words ?
1. Digest 2. Cook 3. Chew
4. Swallow 5. Taste
(A) 5, 2, 3, 4, 1 (B) 2, 5, 3, 4, 1
(C) 3, 5, 2, 4, 1 (D) 2,5, 4, 3, 1

35. Arrange the following words according to dictionary :
1. Counter 2. Courier 3. Courage
4. Counsel 5. Country
(A) 4, 1, 2, 3, 5 (B) 4, 1, 5, 3, 2
(C) 5, 1, 4, 2, 3 (D) 5, 4, 2, 1, 3

## সেকেন্ডে উত্তরের কৌশল


### GENERAL INTELLIGENCE

**1(B). 2(D).**


| D | E | F | G | H |
|---|---|---|---|---|
| 9 | $4\frac{1}{2}$ | 1 | 2 | 4 |

[F = 1 ধরে] ওজন বেশি থেকে কম অনুসারে সাজালে হবে DEHGF.


**3(C).** $105\ cm + \frac{(120-105)\ cm \times 10}{(20+10)} = 105\ cm + \frac{15cm \times 10}{30} = 110\ cm.$ (4–5).





**4(A).** যাত্রা শুরুর স্থান থেকে বালকটি (6–3) km = 3 km. দূরে রয়েছে। **5(C).** শেষ করার সময় বালকটি পূর্ব দিকে যাচ্ছিল। **6(B). 7(A). 8(A).**




**9(A).** Carriers ও bells আছে 35টি সাইকেল। শুধুমাত্র carriers আছে (50-35) = 15টি সাইকেল। তাহলে শুধুমাত্র bells আছে (70–35–15) = 20টি সাইকেল। তাহলে সঠিক venn-diagrams হল




**10(B).** 2 এর বিপরীতে থাকবে না 1, 3, 5, 6 কারণ এগুলি পাশে দৃশ্য মান। 2 বিপরীতে 4 আছে। 1 এর বিপরীতে থাকবে না 2, 3, 4, 5. তাহলে 1 এর বিপরীতে 6 থাকবে। **11(C). 12(B). 13(C). 14(A).** যারা মূর্তি (Statue) তৈরি করে তাদেরকে ভাস্কর (Sculptor) বলে। তেমনি কবিতা (Poem) যারা লেখে তাদেরকে কবি (Poet) বলে। **15(A).** অভ্যাস/রীতি (Custom) থেকে আমরা যেমন সংস্কৃতি (Culture) বুঝতে পারি, তেমনি আচারনুষ্ঠান (Ritnal) থেকে আমরা বিভিন্ন ধর্ম (Religion) সম্বন্ধে জানতে পারে। **16(B).** Threat (ভয় দেখান) : Insecurity (নিরাপত্তাহিনতা) : : Challenge (দোষারোপ) : Struggle (মুশকিলে পড়া)। **17(B).** বর্ণগুলিকে বর্ণমালা অনুসারে গুছিয়ে লিখলে তৃতীয় স্থানের বর্ণটি চতুর্থ স্থানে ও চতুর্থ স্থানেরটি তৃতীয় স্থানে বসে। তাহলে '?' স্থানে MNPO বসাতে হবে। **18(C).**




এরকমভাবে, GHOST : OHGTS হবে। **19(C).** 50 : 65 : : 101 : ?
$\Rightarrow 7^2+1 : 8^2+1 :: 10^2+1 : ?$
$= (11^2+1) = 122$ হবে। **20(A).** 4-এর পূর্ববর্তী সংখ্যা 3 তাহলে '?' স্থানে 6 এর পূর্ববর্তী সংখ্যা দিয়ে serice টি শুরু হবে। তাহলে Sericeটি হবে— 5, $5^2$, $(5-1) \times 5 = (5, 25, 20)$. **21(D). 22(D).** ত্রিভুজটি ঘড়ির কাঁটার দিকে $90^0$ স্থান পরিবর্তন করছে। গোল-বিন্দু দু'টি তার বিপরীত বাহুতে যাচ্ছে ও তিরটি বিপরীত মুখি হচ্ছে। **23(B).** মূল চিত্রটি ঘড়ির কাঁটার দিকে $90^0$ স্থান পরিবর্তন করছে ও ছোট চিত্র দু'টি স্থান বিনিময় করছে। **24(D).** Flute (বাঁশি) ছাড়া সবগুলি তার দিয়ে গঠিত বাদ্যযন্ত্র। **24(B). 26(B).** শুধুমাত্র সোনা ধাতু আর বাকি সবগুলি মূল্যবান পাথর। **27(C).** J $\underline{+2}$ L $\underline{+1}$ M $\underline{-2}$ K, S $\underline{+2}$ U $\underline{+1}$ V $\underline{-2}$ T, S $\underline{+3}$ V $\underline{-1}$ U $\underline{-1}$ T, G $\underline{+2}$ I $\underline{+1}$ J $\underline{-2}$ H. তাহলে, S V U T আলাদা। **28(D).** M $\underline{+3}$ O... R — M O $\underline{+3}$ R $\underline{+4}$ V, D $\underline{+2}$ F $\underline{+3}$ I $\underline{+4}$ M, Q $\underline{+2}$ S $\underline{+3}$ V $\underline{+4}$ Z, E $\underline{+1}$ F $\underline{+1}$ G $\underline{+3}$ J. তাহলে E F G J আলাদা। **29(D).** দু'টি সংখ্যা মৌলিক। **30(B).** শুধুমাত্র 'B' ছাড়া সবকটির 1ম সংখ্যা ও 4র্থ সংখ্যা ও 2য় ও 5ম সংখ্যা একই। **31(D).** এখানে D ছাড়া সবগুলি ছবির ভিতরের ছোট ছবিটা বড় হয়েছে ও বড় ছবিটি ছোট হয়ে মধ্যে গিয়েছে। **32(C). 33(B). 34(B).** Cook → Taste → Chew → Swallow → Digest. **35(B).**

# Academic Association-এর স্কলারশিপে আমলা হওয়ার স্বপ্নপূরণ

**নিজস্ব সংবাদদাতা, কলেজ স্ট্রিট :** এরাজ্যে WBCS কোচিংয়ের পথিকৃত কলেজ স্ট্রিটের অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন, ভবিষ্যতের আমলাদের জন্য এক অভূতপূর্ব স্কলারশিপ চালু করল। এই পরীক্ষা (Academic Scholarship Test-AST for WBCS 2023) হবে আগামী ১০ই এপ্রিল রবিবার, দুপুর ২ টো থেকে ৩-৩০ পর্যন্ত এই প্রতিষ্ঠানের হেড অফিস কলেজ স্ট্রিট শাখায়। ১০০ নম্বরের এই পরীক্ষার প্রশ্ন হবে MCQ ধাঁচের। পরীক্ষা হবে মূলত ১৯৯৯ থেকে ২০২১ অর্থাৎ বিগত ২৩ বছর ধরে WBCS প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্নের ওপর। এই পরীক্ষায় পাশ করা প্রথম ৮০ জনের জন্য কোর্স ফি'র ওপর বিশেষ ছাড় রয়েছে। ইচ্ছুক প্রার্থীরা এই স্কলারশিপের জন্য অনলাইন রেজিস্ট্রেশন করে নাম নথিভুক্ত করুন এই ওয়েবসাইটের মাধ্যমে www.academicassociation.com অনলাইনে আবেদন করার শেষ তারিখ ২ এপ্রিল। স্কলারশিপের ব্যাপারে বিশদে জানতে সরাসরি যোগাযোগ করুন এই নম্বরে ৯০৩৮৭৮৬০০০, ৯৬৩৫১৪৭৬২১। উল্লেখ্য ২০১৯ সালের WBCS পরীক্ষায় এই প্রতিষ্ঠান থেকে ৬৩ জন চাকরি পেয়েছেন।

# রামকৃষ্ণ মিশন শিল্পমন্দিরে পলিটেকনিকের ডিপ্লোমা কোর্সে ভরতি

নিজস্ব সংবাদদাতা : রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির ২০২২-২০২৩ (**AICTE & WBSCT & VE & SD অনুমোদিত**) সেশনে এই ৪টি ট্রেডে ৩ বছরের ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে — সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। গড়ে ৫০ শতাংশ নম্বর পেয়ে মাধ্যমিক বা সমতুল কোর্স পাশরা আবেদন করতে পারেন। মাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্সে ৬০ শতাংশ নম্বর থাকা চাই। বয়স হতে হবে ১.৭.২০২২ এর হিসাবে ২১ বছরের মধ্যে। শুধুমাত্র ছেলেরাই আবেদন করবেন। এখানে উন্নত পরিকাঠামোর মধ্যে রয়েছে বেলুড় মঠের কাছে সুন্দর ক্যাম্পাস, প্লেসমেন্টের সাহায্য, পার্সোন্যালিটি ডেভেলপমেন্ট, শিল্প ভিজিট, রেল কনসেশনের সুবিধা ও উন্নত লাইব্রেরির সুযোগ। অনলাইন আবেদনের শেষ দিন ২৪.৪.২০২২। অনলাইন আবেদন ফী ৫০ টাকা। যোগাযোগ- রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির, ২০৮, জি টি রোড, বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২, ফোন- ৯৪৩৩০১২৪৬৩। ওয়েবসাইট- www.shilpamandira.org / www.belursat.org

## ৩,৬০৩ হাবিলদার

১ পাতার পর

হবে ২-১-১৯৯৫ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে পে ম্যাট্রিক্স সপ্তম পে কমিশন অনুযায়ী।

ছেলেদের ক্ষেত্রে শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি (গোর্খা, গাড়োয়ালিস, রাজবংশী ও তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৫২.৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২ (গোর্খা, গাড়োয়ালিস, রাজবংশী ও তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৪৯.৫) সেমি, সেমি ও ওজন অন্তত ৪৮ কেজি। মূল মাইনে সরকারি নিয়মানুযায়ী। শূন্যপদ: ৩,৬০৩টি। এর মধ্যে কলকাতায় (কাস্টমসে) ২৩৫টি (জেনাঃ ৯৭, তঃজাঃ ৩৫, তঃউঃজাঃ ১৭, ও.বি.সি. ৬৩, ই.ডব্লু.এস. ২৩)। এর মধ্যে প্রাঃসংকঃ ২৪, অস্থি প্রতিবন্ধী ৪, বধির প্রতিবন্ধী ৩, অন্যান্য প্রতিবন্ধী ৩। কলকাতায় (সি.জি.এস.টি) ৮৭টি (জেনাঃ ৩৪, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৮, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে প্রাঃসংকঃ ১০, অস্থি প্রতিবন্ধী ১, বধির প্রতিবন্ধী ২, অন্যান্য প্রতিবন্ধী ১।

গুয়াহাটি (সি.জি.এস.টি) ১০৭টি (জেনাঃ ৪৭, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২৮, ও.বি.সি. ১৭, ই.ডব্লু.এস. ১০)। এর মধ্যে প্রাঃসংকঃ ৯, অস্থি প্রতিবন্ধী ১, বধির প্রতিবন্ধী ১, অন্যান্য প্রতিবন্ধী ১। বেঙ্গালউরু (সি.জি.এস.টি)১৬৫টি, ভোপাল (সি.জি.এস.টি) ৪৬টি, ভুবনেশ্বর (সি.জি.এস.টি) ৩৬টি, চন্ডীগড় (সি.জি.এস.টি) ১৭৪, চেন্নাই (সি.জি.এস.টি) ১৮৮, তিরুবনন্তপুরম (সি.জি.এস.টি) ৪৬টি, দিল্লি (সি.জি.এস.টি)১১০টি, গোয়া (সি.জি.এস.টি) ১, হায়দরাবাদ (সি.জি.এস.টি) ১৫২, জয়পুর (সি.জি.এস.টি) ৫০, লক্ষ্মৌ (সি.জি.এস.টি) ১৩৩, মুম্বাই (সি.জি.এস.টি)১০৬, নাগপুর (সি.জি.এস.টি) ১১, পুণে (সি.জি.এস.টি) ১১৮, রাঁচী (সি.জি.এস.টি) ১৯২, ভাদোদরা (সি.জি.এস.টি)১৭৩, চেন্নাই (কাস্টমস) ২৩৪, তিরুবনন্তপুরম (কাস্টমস) ৮১, গোয়া (কাস্টমস) ২৫, মুম্বাই (কাস্টমস) ৬১৮, বিশাখাপত্তনম (কাস্টমস) ৩৮, ডি.জি.পি.এম (ডিরেক্টরেট) ১৩৬, সি.বি.এন (ডিরেক্টরেট) ৩৪১। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Multi Tasking (Non -Technical) Staff and Havaldar (CBIC & CBN) Examination, 2021' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন পরীক্ষা হবে জুলাই মাস নাগাদ। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), কল্যানী (৪৪১৯), দুর্গাপুর (৪৪২৬), বর্ধমান (৪৪০৪), আসানসোল (৪৪১৭), গ্যাংটক (৪০০১), বোকারো (৪২০১), হাজারিবাগ (৪২০৪), জামশেদপুর (৪২০৭), বেরহামপুর (গঞ্জাম) (৪৬০২), রাঁচী (৪২০৫), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), সম্বলপুর (৪৬০৯), পোর্ট ব্রেয়ার (৪৮০২)। ইটানগর (৫০০১), ডিব্রুগড় (৫১০২), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), কোহিমা (৫৩০২), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আগরতলা (৫৬০১), আইজল (৫৭০১)।

এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) প্রথম পার্ট-জেনারেল ইংলিশ - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) দ্বিতীয় পার্ট-জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) তৃতীয় পার্ট-নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) চতুর্থ পার্ট-জেনারেল অ্যাওয়ারনেস -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। প্রথম পেপারের পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৩০%, ও.বি.সি. /ই.ডব্লু.এস. প্রার্থীরা ২৫%, অন্যান্য ক্যাটেগরির প্রার্থীরা ২০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

সফল হলে এরপর হবে ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষা (পেন ও পেপার মোডে)। দ্বিতীয় পেপার অর্থাৎ, ডেসক্রিপ্টিভ টাইপের পেপারে ৫০ নম্বরের প্রশ্ন হবে ইংরিজি (২৫ নম্বর) ও বাংলায় (ভার্নাকুলার ল্যাঙ্গোয়েজ) (২৫ নম্বর) বিষয়ে। এই পেপারে থাকবে সংক্ষিপ্ত প্রবন্ধ লেখা বা, চিঠি লেখা। সময় থাকবে ৪৫ মিনিট। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত ১৫ মিনিট সময় পাবেন। এই পেপারে কোয়ালিফাইং নম্বর পেতে হবে। এরপর শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় ছেলেদের বেলায় ১৫ মিনিটে ১৬০০ মিটার হাঁটতে হবে ও ৩০ মিনিটে ৮ কিমি. সাইকেল চালাতে হবে। আর মেয়েদের বেলায় ২০ মিনিটে ১ কিমি হাঁটতে হবে ও ২৫ মিনিটে ৩ কিমি. সাইকেল চালাতে হবে। এই পেপারে পাওয়া নম্বর মেধা তালিকা তৈরির সময় ধরা হবে না।

লিখিত পরীক্ষায় একাধিক প্রার্থী একই নম্বর পেয়ে থাকলে সেক্ষেত্রে প্রথমে তৃতীয় পার্ট, তারপর দ্বিতীয় পার্ট, তারপর জন্ম-তারিখ (বেশি বয়সের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন), তারপর নামের বর্ণমালা অনুযায়ী প্রথম দিকের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in প্রার্থীদের প্রথমে One Time Registration করতে হবে। তখন বৈধ মোবাইল নম্বর, ই-মেল আই.ডি., আধার কার্ড /প্যান কার্ড /ভোটার কার্ড /পাশপোর্ট / ড্রাইভিং লাইসেন্স /স্কুল বা, কলেজের আই.ডি. কার্ড ইত্যাদি সঙ্গে রাখতে হবে।

নাম রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন আই.ডি. পাবেন ও পাশওয়ার্ড পাবেন। এরপর Register Now-এ গিয়ে ক্লিক করে দরখাস্ত করতে হবে। তখন রাজ্যের নাম, সেন্টার কোড, বয়স, ঠিকানা, ক্যাটেগরি ইত্যাদি ঠিকভাবে এন্ট্রি করে Continue করলে তার পরের পৃষ্ঠায় শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার আপলোড করতে হবে। এজন্য দরখাস্ত করার আগে ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে এস.বি.আই. নেট ব্যাঙ্কিং / ক্রেডিট কার্ড /ডেবিট কার্ডে, ভীম ইউ.পি.আই, ২ মে'র মধ্যে। ব্যাঙ্কের চালানের মাধ্যমে টাকা জমা দিতে পারবেন, ৪ মে'র মধ্যে। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। সবশেষে রেজিস্ট্রেশন করার পর প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী একটিই দরখাস্ত পাঠাবেন। অ্যাপ্লিকেশন ফর্ম ও অনলাইন পেমেন্ট সংক্রান্ত বিষয়ে সংশোধন করতে পারবেন ৫ মে থেকে ৯ মে পর্যন্ত। আরো বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে।

## পাইলট হওয়ার

১ পাতার পর

বি.এসসি. (অ্যাভিয়েশন) ডিগ্রি পাবেন। এই কোর্সে গ্রাউন্ড ও ফ্লাইং ট্রেনিং (সি.পি.এল. মাল্টি ইঞ্জিন এনড্রোসমেন্ট ও ইন্সট্রুমেন্ট রেটিং অন মাল্টি ইঞ্জিন এয়ারক্র্যাফট) হবে।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, পাইলট অ্যাপ্টিটিউট টেস্ট, ভাইভা ও ইন্টারভিউ বা, সাইকোমেট্রিক টেস্টের মাধ্যমে। অনলাইনপরীক্ষা হবে ১২ জুন, কলকাতা, দিল্লি, হায়দরাবাদ, লক্ষ্মৌ ও মুম্বাইয়ে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইংলিশ, অঙ্ক, ফিজিক্স, রিজনিং অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স। প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের। তপশিলী, ও.বি.সি.'রা কাট অফ নম্বরে ৫% ছাড় পাবেন। লিখিত পরীক্ষার ফল বেরোবে এই ওয়েবসাইটে : www.igrua.gov.in

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://igrua.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


### ওয়াক-ইন-ইন্টারভিউ

RICE EDUCATION | ADAMAS UNIVERSITY | Adamas

তারিখ : ২ এপ্রিল ২০২২
সময় : ১১টা-বিকেল ৪টা
স্থান : অ্যাডামাস নলেজ সিটি, বারাসাত-ব্যারাকপুর রোড, পোঃ জগন্নাথপুর, কলকাতা : ৭০০১২৬

**RICE-Adamas** গ্রুপ নিম্নলিখিত পদগুলির জন্য নিয়োগ করতে চলেছে।

| পদ | আবশ্যক চাহিদা |
|---|---|
| বাস এবং গাড়ির ড্রাইভার | ভারী মোটর যান (HMV) এবং ছোট গাড়ির (LMV) জন্য বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |
| স্কুল/ইউনিভার্সিটির বাস এটেনডেন্ট | পূর্ব অভিজ্ঞতা থাকা দরকার |
| ফুড কোর্টের জন্য সার্ভিস বয় | পূর্ব অভিজ্ঞতা থাকা দরকার |
| ফুড কোর্টের জন্য রাঁধুনি | ৫০০ জনের মতো লোকের রান্না করার দক্ষতা এবং পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। |
| পুরুষ ও মহিলা হাউস কিপিং স্টাফ | পূর্ব অভিজ্ঞতা থাকা দরকার |
| সিকিউরিটি গার্ড | পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে |

**ইন্টারভিউর স্থান :** অ্যাডামাস নলেজ সিটি - বারাসাত
**নিয়োগ স্থান :** অ্যাডামাস নলেজ সিটি - বারাসাত, অ্যাডামাস ইন্টারন্যাশনাল স্কুল- বেলঘড়িয়া
**নিয়োগের ধরন** - ফুল টাইম



### Post Basic B.Sc. নার্সিং-এ ভর্তি

বিশেষ প্রতিনিধি : INC, KNC এবং Rajiv Gandhi University Of Health Science এর অধীন ব্যাঙ্গালোরের Chinai College of Nursing এ Post Basic B.Sc. নার্সিং কোর্সে 2022-2023 সেশনে ভর্তি নেওয়া হচ্ছে।

**Total seat- 50. Duration- 2 years, যোগ্যতা- GNM পাশ।**

**কেন পোস্ট বেসিক B.Sc. কোর্স ?**

(i) যেহেতু P.B.B.Sc. একটি ডিগ্রি কোর্স, তাই এই কোর্স শেষ করে গ্র্যাজুয়েশন লেভেলের যেকোনো পরীক্ষায় বসা যায়।
(ii) দেশ ও বিদেশের বিভিন্ন কলেজে শিক্ষকতা করতে চাইলে P.B.B.Sc. কোর্স অবশ্যই করতে হবে।
(iii) P.B.B.Sc. নার্সিং করার পর নার্সিং এর উপর M.Sc. এবং Ph.D করা যায়।
(iv) স্টাফ নার্স থেকে পদোন্নতির জন্য P.B.B.Sc. নার্সিং করা আবশ্যক।
(v) বিদেশে জব করতে চাইলে P.B.B.Sc. নার্সিং অবশ্যই করতে হবে।
(vi) এছাড়া P.B.B.Sc. নার্সিং করলে Deputy Nursing Superintendent, Director of Nursing, Nursing Service Administrator, Military Nurse, Nursing Supervisor প্রভৃতি পদে খুব সহজেই সরকারি চাকরি পাওয়া যায়।

বিঃদ্রঃ- চাকরি ও কোর্স দুটোই একসাথে করা যাবে এবং এখনও যারা GNM কোর্স করে চাকরি পাওনি তারা P.B.B.Sc. নার্সিং এ ভর্তি হলে 14000 থেকে 20000 মাসিক বেতনে চাকরি দেওয়া হবে।

Post Basics B.Sc. নার্সিং এ সরাসরি ভর্তির জন্য যোগাযোগ :-
**Dr. Hasan** (Admission Officer of Chinai College), Ph: **8372997425.**
**Other Courses : GNM, B.Sc. নার্সিং, M.Sc. নার্সিং-এ ভর্তি চলছে।**



### কেন্দ্র-রাজ্যে কয়েক লাখ নিয়োগ

**WBCS 2022 শেষ তারিখ : ৫ এপ্রিল**

**WBCS কোর্সের সুবিধা**

- ৬টি বিশেষ স্টাডি মেটিরিয়ালস
- স্টাডি মেডিরিয়ালস অনুযায়ী ক্লাস টেস্ট
- বিষয়ভিত্তিক স্টাডি মেডিরিয়ালস
- প্রিলিমস-এর উপর বিশেষ মক টেস্ট
- মেইনসের প্রতি পেপারে ৫টি মক টেস্ট
- প্রতিটি পেপারের আলাদা স্টাডি মেটিরিয়ালস
- অপশনাল সাবজেক্টের বিশেষ ক্লাস
- লাস্ট মিনিট সাজেশন্স ও ইন্টারভিউ প্রস্তুতি
- ডেলি কারেন্ট অ্যাফেয়ার্স ও মান্থলি কারেন্ট অ্যাফেয়ার্স
- লাইব্রেরির সুবিধা
- অন্যান্য আরও বিশেষ সুবিধা আছে

**SSC Multi Tasking Staff**

আবেদনের শেষ তারিখ : ৩০ এপ্রিল
যোগ্যতা : মাধ্যমিক পাশ
শূন্যপদ : ১২০০০ (প্রায়)
কোর্স ফি : ৫০০০ টাকা
কোর্সের মেয়াদ : ৪ মাস

**GSCE কেন্দ্র**

| | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9674087465, 9051040306 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |
| বোলপুর | 9674012025 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |

Helpline : 9830277100 / 200 / 300 Website : www.gsceindia.org

101 GEORGE TELEGRAPH GSCE The Sure Way to Success
George Telegraph • Since 1920

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## নার্সিং ট্রেনিংয়ের

■ নার্সিংয়ের এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সে ভরতির জন্য যে এন্ট্রান্স টেস্ট হবে, তাতে সফল হলেই এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পড়া যায়। এই কোর্স শেষ করেই কি চাকরি পাওয়া যায়? সরকারি সংস্থা থেকে এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশ করলে কি সরকারি সংস্থাতেই চাকরি পাব? বেসরকারি সংস্থা থেকে করলেও কি চাকরি পাওয়া যায়? এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সে সরকারি ইনস্টিটিউটে সীট সংখ্যা কত আছে? অ্যাডমিট কার্ড কবে দেবে? — শোয়েব আলম পুরকাইত, কুলপী, সিকিরহাট, দক্ষিণ ২৪ পরগনা। মিনা চৌধুরী, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। সেলিমা খাতুন, মুর্শিদাবাদ।

■■ নার্সিং হল একটি আকর্ষণীয় পেশা। এই কোর্স পাশ করলেই চাকরি পাওয়ার সম্ভাবনা ১০০% থাকে। গত বছর থেকে পশ্চিমবঙ্গে এ.এন.এম. / জি.এন.এম. কোর্সে ভরতির জন্য পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড এন্ট্রান্স পরীক্ষা নিচ্ছে। এই এন্ট্রান্স পরীক্ষায় ভালো র‍্যাঙ্ক করে থাকলে সরকারি এ.এন.এম. / জি.এন.এম. কোর্সে ভরতির সুযোগ পাবেন। রাজ্যের ২৩টি সরকারি নার্সিং ইনস্টিটিউটে এ.এন.এম. কোর্স পড়ানো হয়। সীট আছে ১,৬৮০টি। এই সীটগুলি সবই গ্রামীণ এলাকার মেয়েদের জন্য। এই কোর্স বেসরকারি কোনো নার্সিং ইনস্টিটিউটে পড়ানো হয় না। অন্যদিকে, রাজ্যে সরকারি (৪২টি কলেজ) ও বেসরকারি (১০৩টি কলেজ) নার্সিং কলেজে জি.এন.এম. কোর্সে সীট আছে ১০,৭৯৭টি। এর মধ্যে মেয়েদের সীট ১০,৪৩২টি ও ছেলেদের সীট ৩৬৫টি। সরকারি ৪২টি নার্সিং কলেজে সীট আছে ২,৯০২টি। আর বেসরকারি ১০৩টি নার্সিং কলেজে সীট আছে ৭,৮৯৫টি। সরকারি ও বেসরকারি জি.এন.এম. (মেল) কোর্সে সীট আছে ৩৬৫টি। এর মধ্যে ২টি সরকারি নার্সিং কলেজে সীট আছে ১২৫টি আর বেসরকারি ৪টি নার্সিং কলেজে সীট আছে ২৪০টি। জয়েন্টে প্রথম দিকে র‍্যাঙ্ক করে থাকলে সরকারি কলেজে সুযোগ পাওয়া যায়। সরকারি কলেজে পড়তে গেলে কোনো খরচ লাগে না। উপরন্তু কিছু স্টাইপেন্ড পাওয়া যায়। থাকা ও খাওয়া বাবদ মাসে ১২ টাকা করে দিতে হয়। এ.এন.এম. কোর্স বেসরকারি সংস্থায় পড়ানো হয় না। তাই টাকা দিয়ে পড়ার কোনো বিষয় নেই। তবে জি.এন.এম. কোর্স বেসরকারি সংস্থায় পড়তে গেলে প্রায় ৬ লাখ থেকে ৮ লাখ পর্যন্ত ফী দিতে হয় (থাকা-খাওয়া-সহ কলেজ অনুযায়ী ফী কম-বেশি হয়)। সরকারি সংস্থা থেকে এ.এন.এম. কোর্স পাশ করার পরই সাধারণত সরকারি হাসপাতালে চাকরি হয়ে যায়। সঙ্গে সঙ্গে না হলেও কিছুদিন পর হয়ে যায়। জি.এন.এম. কোর্সে যেহেতু সীট সংখ্যা বেশি তাই পাশ করলে সরকারি ও বেসরকারি যে কোনো ক্ষেত্রে চাকরি পাওয়া যায়। একটা সময় ছিল সরকারি সংস্থা থেকে জি.এন.এম. কোর্স পাশ করার পরই সরকারি সংস্থায় চাকরি পাওয়া যেত। এখন প্রতিযোগিতা বেশি হওয়ায় এই কোর্স পাশ করার পর আবার ইন্টারভিউ / টেস্ট দিয়ে চাকরি পেতে হয়। সরকারি সংস্থার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ হেলথ রিক্রুটমেন্ট বোর্ড কিংবা সরকারি হাসপাতাল নিজেরাই নিয়োগ করে থাকে। আর বেসরকারি সংস্থার ক্ষেত্রে তারা নিজেরা ইন্টারভিউ নিয়ে প্রার্থী বাছাই করে। জি.এন.এম. কোর্স পাশ করলে রাজ্য সরকারের স্বাস্থ্য বিভাগে যেমন চাকরি পাওয়া যায়, তেমনি কেন্দ্রীয় সরকারের বহু সংস্থা যেমন, রেল, স্টিল অথরিটি, ডি.ভি.সি.-সহ বিভিন্ন সংস্থায় চাকরির সুযোগ আছে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থার নিয়োগ পদ্ধতি যেমন টেস্ট বা, ইন্টারভিউ দিয়ে সফল হতে হয়। পরীক্ষা হবে ১২ জুন। অ্যাডমিট কার্ড জুনের প্রথম সপ্তাহে দেওয়া হবে।

## নৌবাহিনীর

■ নৌবাহিনীর ম্যাট্রিক এন্ট্রি রিক্রুটস পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? কত শতাংশ নম্বর পেলে অ্যাডমিট কার্ড পাব? — কৃষেন্দু রায়, বৈকুণ্ঠপুর, চকচকা, কোচবিহার।

■■ নৌবাহিনীতে ম্যাট্রিক এন্ট্রি রিক্রুটস পদের বেলায় বিজ্ঞপ্তি বেরোবে এবছর আগস্ট-সেপ্টেম্বর মাস নাগাদ। প্রার্থী বাছাই হয় শিক্ষাগত যোগ্যতায় প্যাওয়া নম্বর দেখে। মোট শূন্যপদের ৬ গুণ প্রার্থীকে লিখিত পরীক্ষার জন্য ডাকা হয়।

## পি.এস.সি.'র

■ ডিগ্রি কোর্সের তৃতীয় বর্ষে পড়ছি। ডব্লু.বি.সি.এস. পরীক্ষার জন্য দরখাস্ত করতে পারব কি? — মণিদীপ দাস, ফলতা, ডায়মন্ডহারবার, দক্ষিণ ২৪ পরগনা।

■■ না, পারবেননা।

■ ডব্লু.বি.সি.এস. পরীক্ষার দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ কবে? পরীক্ষা কবে হবে? — মিতালী চক্রবর্তী, বিরাটী, উত্তর ২৪ পরগনা। রজত দাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ৫ এপ্রিল করা হয়েছে। এই পদের প্রিলিমিনারি পরীক্ষা হবে সম্ভবত ১৯ জুন।

■ ক্লার্কশিপ পদের কম্পিউটার টাইপিং টেস্ট দিয়েছি ২৭ মার্চ। টাইপিং করার কিছুক্ষণ পর মেশিন বন্ধ হয়ে যায়। পরে আবার মেশিন চালু হওয়ায় মেশিন অফ হয়ে যাওয়ার জন্য অতিরিক্ত সময় দেওয়া হয়নি। তাই পুরো টাইপিং করতে পারিনি। আমার মতো এমন অনেকের এই সমস্যা হয়েছে। নতুন করে কি আমাদের আবার টাইপিংয়ের সুযোগ দেওয়া হবে? না টাইপিং পরীক্ষা বাতিল হবে? — মহঃ জাভেদ আখতার, হুগলি।

■■ আমাদের দফতরেও এমন অনেক অভিযোগ এসেছে। যাঁদের এই সমস্যা হয়েছে, তাঁরা সত্বর পি.এস.সি. অফিসে লিখিত অভিযোগ জানিয়ে রাখুন। পি.এস.সি. কর্তৃপক্ষ বিষয়টি তদন্ত করে বিবেচনা করতে পারেন।

## স্কুল সার্ভিসের

■ স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা কত বছর বয়স পর্যন্ত দেওয়া যায়? — হাকিম সেখ, ফরাক্কা, মুর্শিদাবাদ।

■■ বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

■ ২০২১-'২৩ সেশনে বি.এড. করছি। ২০২২ সালের 'টেট'এর জন্য যে বিজ্ঞপ্তি বেরোবে, তাতে দরখাস্ত করতে পারব কি? না বি.এড. কমপ্লিট না হলে দরখাস্ত করতে পারব না? — প্রিয়াঙ্কা গুহ রায়, হাবড়া, উত্তর ২৪ পরগনা।

■■ বি.এড. কমপ্লিট না হলে 'টেট'এর জন্য দরখাস্ত করতে পারবেন না।

## পুলিশে চাকরির

■ পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের প্রিলি পরীক্ষার ফল কবে বেরোবে? — ইবাদত মন্ডল, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।

■■ সাব-ইন্সপেক্টর পদের প্রিলি পরীক্ষার উত্তরপত্র পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড আপলোড করেছে। এপ্রিলের প্রথম দিকেই প্রিলি. পরীক্ষার ফল বেরোবে।

## অন্যান্য চাকরির

■ কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।। পদের লিখিত পরীক্ষার ফল বেরিয়েছে কি? — অনিকেত কুমার মন্ডল, সরবেড়িয়া, জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ না, বেরোয়নি।

■ পশ্চিমবঙ্গ সার্কেলে গ্রামীণ ডাক সেবক সাইকেল-।।। পদের ফল বেরিয়েছে কি? প্রার্থী বাছাই পদ্ধতি কেমন? — সুরঞ্জনা সরকার, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।

■■ ভারতীয় ডাক বিভাগের পশ্চিমবঙ্গ সার্কেল 'গ্রামীণ ডাক সেবক' পদে ২,০২১ জন ছেলেমেয়ে নেওয়ার জন্য (বিজ্ঞপ্তি নং Rectt/R-100/Online/GDS/CYCLE-III/Vol-I, Dated 18.02.2020) ২০২০ সালের মার্চ মাস নাগাদ দরখাস্ত নেওয়া হয়েছিল, তার দরখাস্ত খুঁটিয়ে দেখে আর মাধ্যমিকের প্রতিটি বিষয়ে পাওয়া নম্বর ও মোট নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হয়েছে। ওই মেধা তালিকায় ২,৩৩৫ জন প্রার্থীর নাম প্রকাশ করা হয়েছে। এছাড়াও ২০ জন প্রার্থীর নাম হোল্ডে রাখা হয়েছে। এরপর প্রার্থীদের যাবতীয় প্রমাণপত্র ভেরিফিকেশন করে শর্ট লিস্ট করা হবে। তারপর পরবর্তী পরীক্ষা হবে। মনোনীত প্রার্থীদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.indiapost. gov.in, http://appost.in/gdsonline

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| রেলটেল কর্পোরেশনে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা বা, ডিগ্রি | ১০৩ | ৪-৪-২২ | www.mhrdnats.gov.in |
| পশ্চিম মেদিনীপুর জেলায় আশা কর্মী | মাধ্যমিক মহিলাদের | ১০১ | ৪-৪-২২ | www.paschimmedinipur.gov.in |
| রাজ্যের ১২১টি সরকারি আই.টি.আই.-এ ট্রেড সার্টিফিকেট কোর্সে ভরতি | এইট পাশ, মাধ্যমিক | - | ৩১-৫-২২ | www.wbscvt.net |
| কলকাতা পুরনিগমে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক | ২১ | ১৩-৪-২২ | www.mscwb.org |
| এমপ্লয়ীজ স্টেট ইনসিওরেন্স কর্পোরেশনে সোশ্যাল সিকিউরিটি অফিসার | গ্র্যাজুয়েট | ৯৩ | ১২-৪-২২ | www.esic.nic.in |
| পলিটেকনিক ভরতির 'জেক্সপো' ও 'ভোকলেট' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু | মাধ্যমিক উচ্চমাধ্যমিক আই.টি.আই. | - | ৪-৪-২২ | www.webscte.co.in |
| আর্মিতে টেকনিক্যাল অফিসার | গ্র্যাজুয়েট | ১৮৯ | ৬-৪-২২ | www.joinindianarmy.nic.in |
| কলকাতা পুরনিগমে ডেপুটি ম্যানেজার, ফুড সেফটি অফিসার | ডিগ্রি | ৯ | ১৬-৪-২২ | www.mscwb.org |
| রাষ্ট্রীয় কেমিক্যাল ফার্টিলাইজারে টেকনিশিয়ান | ডিপ্লোমা বা, ডিগ্রি | ১১১ | ৪-৪-২২ | www.rcfltd.com |
| নেভিতে সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস ও আর্টিফিসার অ্যাপ্রেন্টিস | উচ্চমাধ্যমিক | ২,৫০০ | ৫-৪-২২ | www.joinindiannavy.gov.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ২৯৭ | ১৮-৪-২২ | www.rbi.org.in |
| এন.বি.সি.সি. লিমিটেডে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা | ৮০ | ১৪-৪-২২ | www.nbccindia.in |
| এন.সি.সি. পাশদের জন্য সেনাবাহিনীতে চাকরি | গ্র্যাজুয়েট ও এন.সি.সি. | ৮০ | ১৩-৪-২২ | www.joinindianarmy.nic.in |


স্টাডি মেটেরিয়ালের চৈত্র সেল

চাকরির পরীক্ষার স্টাডি মেটেরিয়ালে ৪০% ছাড়

সামনের মে থেকে জুলাই মাসের মধ্যে সরকার ও কেন্দ্রীয় সরকারের এইসব বড়ো পরীক্ষা আসছে

| পরীক্ষা | মাস |
|---|---|
| রেলের NTPC Stage-II | মে/জুন |
| রেলের Group-D Exam | জুলাই |
| WBCS Exam -2022 (Prelim) | মে/জুন |

ওপরের পরীক্ষায় আসবে এমন স্টাডি মেটেরিয়ালের সেট পাওয়া যাবে আমাদের কার্যালয় থেকে।

সরকারি পরীক্ষায় সফল প্রার্থীদের তৈরি করা ২০২১ সালের ঘটনাপঞ্জী (ফিরে দেখা ২০২১), যা থেকে ওপরের সবক'টি পরীক্ষার Current Affairs সেকশনে প্রশ্ন আসতে পারে -

আজই সংগ্রহ করুন

সাফল্য

ফিরে দেখা-২০২১

পেতে যোগাযোগ করুন —
সাফল্য প্রকাশন
ফোন : 9830624170

## কেন্দ্রীয় সংস্থায় ৩০০ এক্সিকিউটিভ

১ পাতার পর

করতে পারেন। শূন্যপদ : ১১৭টি। এর মধ্যে থার্মাল পাওয়ার স্টেশন ও রিনেউয়েবল এনার্জিতে ৩৫টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২)।

মাইন্স অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস-এ ৮২টি (জেনাঃ ৩৩, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ২২, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৭)।

**ইলেক্ট্রিক্যাল (ই.ই.ই.) :** ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং কিংবা পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৮৭টি। এর মধ্যে থার্মাল পাওয়ার স্টেশন ও রিনেউয়েবল এনার্জিতে ৫৬টি (জেনাঃ ২৩, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১৫, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪)। মাইন্স অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস-এ ৩১টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)।

**সিভিল :** সিভিল, সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৮টি। এর মধ্যে থার্মাল পাওয়ার স্টেশন ও রিনেউয়েবল এনার্জিতে ১৪টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। মাইন্স অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস-এ ১৪টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)।

**কন্ট্রোল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৫টি। এর মধ্যে থার্মাল পাওয়ার স্টেশন ও রিনেউয়েবল এনার্জিতে ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১,.তঃজাঃ ১)।

**কম্পিউটার :** কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ১২টি। এর মধ্যে থার্মাল পাওয়ার স্টেশন ও রিনেউয়েবল এনার্জিতে ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। মাইন্স অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস-এ ২টি (ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**মাইনিং :** মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : মাইন্স অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস-এ ৩৮টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস.৩, ও.বি.সি.১০, তঃজাঃ৬, তঃউঃজাঃ ৩)।

**জিওলজি :** জিওলজির এম.এসসি. বা, এম.টেক. কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : মাইন্স অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস-এ ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ৩)।

**কেমিক্যাল :** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : থার্মাল পাওয়ার স্টেশন ও রিনেউয়েবল এনার্জিতে ৩টি (জেনাঃ)।

**ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং :** ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ কিংবা ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং-সহ ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : থার্মাল পাওয়ার স্টেশন ও রিনেউয়েবল এনার্জিতে ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-৩-২০২২'র হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ২০২২ সালে যাঁরা 'গেট' পরীক্ষা দেবেন, তাঁরাই আবেদনের যোগ্য। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : 02/2022.

প্রার্থী বাছাই হবে ২০২২ সালের 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর হবে ইন্টারভিউ। দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ মার্চ থেকে ১১ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nlcindia.com এজন্য বৈধ একটি ই-মেল আইডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার সময় গেট রেজিস্ট্রেশন নম্বর দিতে হবে। এবার পরীক্ষা ফী বাবদ ৮৫৪ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫৪) টাকা অনলাইনে দিতে হবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## রাজ্যের স্কুলে চটপট শিক্ষক নিয়োগ

১ পাতার পর

পোর্টাল তৈরি করা হয়েছে। এতে শিক্ষকদের বদলির পদ্ধতি আরো সরলীকরণ হয়েছে। স্কুল শিক্ষা দফতর সূত্রে জানা গেছে, রাজ্যের সব স্কুল থেকে শূন্যপদ সংগ্রহের কাজ চলছে। সরকারের সবুজ সঙ্কেত মিললেই নতুন বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে। পুরোনো নিয়োগ নিয়ে আদালতে যেসব মামলা চলছে, তার দ্রুত নিষ্পত্তি চায় সরকার।

অন্যদিকে, প্রাথমিক শিক্ষা পর্ষদ ৭৩৮ জনের মেধা তালিকা বের করে নিয়োগ করেছে। প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি মানিক ভট্টাচার্য জানান, ২০১৪ সালের 'টেট' পরীক্ষায় সফল হয়েও অনেক প্রার্থী মেধা তালিকায় স্থান পাননি। কিছু প্রশ্নে অসঙ্গতি ছিল বলে তাঁরা এ নিয়ে আদালতে মামলা করেন। আদালতের রায়ে মোট সাড়ে ১৬ হাজার শূন্যপদের মধ্যে ৭৩৮টি শূন্যপদ আলাদা করে রাখা হয়েছিল। আদালতের নির্দেশে ওইসব প্রশ্নের জন্য বরাদ্দ নম্বর দিয়ে প্রার্থীদের ইন্টারভিউ নিয়ে মেধা তালিকা তৈরি করে নিয়োগ করা হয়। পর্ষদ সূত্রে জানা গেছে, ২০১৭ সালের 'টেট' সফল প্রার্থীদের থেকে ইন্টারভিউয়ের মাধ্যমে দ্রুত নিয়োগ করা হবে।

## RICE-এ ড্রাইভার, কুক পদে নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, বারাসাত : রাজ্যের শিক্ষাক্ষেত্রে স্বনামধন্য প্রতিষ্ঠান RICE-অ্যাডামাস গ্রুপে 'ড্রাইভার', 'বাস অ্যাটেন্ড্যান্ট', 'সার্ভিস বয়', 'কুক', 'হাউস কিপিং স্টাফ', 'সিকিওরিটি গার্ড' পদে বেশ কিছু সংখ্যক লোক নিচ্ছে। চাকরি হবে পুরো সময়ের জন্য অ্যাডামাস নলেজ সিটি-বারাসাত ও অ্যাডামাস ইন্টারন্যাশনাল স্কুল-বেলঘরিয়াতে। কারা কোন পদের জন্য যোগ্য :

'বাস ও গাড়ির ড্রাইভার' পদে আবেদনের জন্য, ভারি মোটরগাড়ি (HMV) ও ছোটো গাড়ি (LMV) চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। 'স্কুল/ইউনিভার্সিটির বাস অ্যাটেন্ড্যান্ট', 'পুরুষ ও মহিলা হাউস কিপিং স্টাফ', 'সিকিওরিটি গার্ড', 'ফুড কোর্টের জন্য সার্ভিস বয়' পদে আবেদনের জন্য সংশ্লিষ্ট কাজের পূর্ব অভিজ্ঞতা থাকা দরকার। 'ফুড কোর্টের জন্য রাঁধুনি' পদে আবেদনের জন্য ৫০০ জনের মতো লোকের রান্না করার দক্ষতা ও পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। লোক নেওয়া হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ২ এপ্রিল সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে এই ঠিকানায় : অ্যাডামাস নলেজ সিটি, বারাসাত-ব্যারাকপুর রোড, পোঃ জগন্নাথপুর, কলকাতা- ৭০০১২৬।

## ডব্লু.বি.সি.এস'র ফর্ম পূরণের

১ পাতার পর

শেষ তারিখ ৭ এপ্রিল। দরখাস্ত এডিট করতে পারবেন ৮ এপ্রিল থেকে ১৪ এপ্রিলের মধ্যে। পি.এস.সি. কর্তৃপক্ষ এক বিজ্ঞপ্তিতে একথা জানান। এছাড়াও পি.এস.সি. অফিস সূত্রে জানা গেছে, একবারই নাম রেজিস্ট্রেশন করতে হবে। একাধিক রেজিস্ট্রেশন করলে দরখাস্ত বাতিল হবে। ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষা হবে সম্ভবত জুনের তৃতীয় সপ্তাহে।

Job Opening For Marketing Executive
পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় Marketing Executive প্রয়োজন। বায়োডাটা পাঠান WhatsApp-এর মাধ্যমে —
9836243555
Office Address : GIMS-Kolkata, Atghara, Chinar Park, Near Aminia Restaurant, Kol- 157

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

## স্বল্প ব্যয়ে সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং

নিজস্ব প্রতিনিধি : কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা, প্যারামেডিক্সের বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এঞ্জেল মেডিস্কিল হেল্‌থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য : (১) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (২) বেসিক হেল্‌থ কেয়ার, (৩) ই.সি.জি টেকনিশিয়ান, (৪) ফিজিক্যাল রিহ্যাবিলিটেশন with Yoga, (৫) মেডিক্যাল ইক্যুইপমেন্ট টেকনিশিয়ান with Xray, (৬) ANM নার্সিং কোর্স। আজ থেকে আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। মৌলালী : ৯৮৭৪৭৪৭০৩৯ / ৯৮৩০০০৮২২৩, বাঘাযতীন : ৯৮৭৪৬৪৪১১২, হাওড়া : ৯০৫১০১৩৫০৪, ব্যারাকপুর : ৯৮৭৪৬৪৪১১৬, সোদপুর : ৯০৭৩৯৪৩৪৯১ / ৯০৭৩৯৪৩৪৯৭, বনগাঁও : ৯৮৭৪৬৭৩০০০, কোন্নগর : ৭৬০৩০৯৫০৬৬, দুর্গাপুর : ৯৮৭৪৭৪৭০৩১, রায়গঞ্জ : ৯৮৭৪৬৪৪১১৩, পশ্চিম মেদিনীপুর : ৯০৭৩৯১৫৮৬১, মালদা : ৯০৫১০১৩৫০১, বালুরঘাট : ৯৮৭৪৭৪৭০৩২, শিলিগুড়ি : ৯০৫১০১৩৫০২, জলপাই গুড়ি : ৯৮৭৪৬৪৪১১৫, কোচবিহার : ৯৮৭৪৬৪৪১১৪। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফী সকলের সাধ্যের মধ্যে। ANM নার্সিং কোর্সের আবেদন পত্র পাওয়া যাচ্ছে। বিস্তারিত জানার জন্য এখুনি ফোন করুন।

ডি.এল.এড (D.El.Ed.) কোর্সে ভর্তি চলছে
SANTIPUR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE
গ্রাম : বাবলা দক্ষিণপাড়া, পোঃ - বাবলা গোবিন্দপুর, থানাঃ-শান্তিপুর, জেলাঃ-নদীয়া, পিন-৭৪১৪০৪, পশ্চিমবঙ্গ
WBBPE-এর অধীন এবং NCTE কর্তৃক স্বীকৃত
যোগাযোগ : 9775971784 / 6296288917

সরকারী স্বীকৃত Sanitary Inspector কোর্স ও DMLT কোর্সে ভর্তি চলছে
- Advance Diploma in Sanitary Inspector (1 year)
- Diploma in Medical Laboratory Technology (2 years)
উপরে উল্লেখিত কোর্স ছাড়াও অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত শর্ট কোর্সেও ভর্তি চলছে
যোগ্যতা : SI (H.S & Computer Basic), DMLT (H.S-Science)
শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — রেল Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, Medical Colleges, AIIMS, Pathological Lab ও অন্যান্য ক্ষেত্রে
IIHT
226 B. B. Ganguly Street Bowbazar, Kol-700012
7003224427, 9051260924, 9836396734
Website : www.iiht.in (11 AM to 4 PM)

**RABINDRA BHARATI UNIVERSITY**
Employment Oriented Guidance Programme
56A, B.T. ROAD, KOLKATA-700 050

Ref. No.: RB/REG/045/2022 Dated: 21/03/2022

**ADMISSION NOTICE**

Applications are invited for admission to the following courses: (1) **WBCS and COMBINED** (2) **NET/SET Paper-1** only. Application Forms & details are available at **www.rbu.ac.in**. For further enquiry, contact EOGP office or call 9432102675 on Monday to Sunday (except Wednesday) (between 12.30 pm - 5.30 pm).

Head, EOGP

ভর্তি চলিতেছে
আইটিআই প্রোগ্রাম
- ইলেক্ট্রিশিয়ান • ফিটার • ওয়েল্ডার
- রেফ্রিজারেশন ও এসি মেকানিক
শর্ট টার্ম প্রোগ্রাম
- মোবাইল ফোন টেকনিশিয়ান
- সিসিটিভি টেকনিশিয়ান
আইটি প্রোগ্রাম
- কম্পিউটার অ্যাপ্লিকেশন ও প্রোগ্রাম
- কম্পিউটার হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং
- এফ.এ উইথ জিএসটি • অফিস ম্যানেজমেন্ট
- অটোক্যাড • থ্রিডি ম্যাক্স উইথ ভি-রে
- ডিটিপি অ্যান্ড ডিজাইন • ভিডিও এডিটিং
- ওয়েব টেকনোলজি • ওয়েব ডিজাইন

মাধ্যমিক পাশ করেই চাকরি পেতে চান? তাহলে স্বল্প খরচে কারিগরী শিক্ষাই একমাত্র দিতে পারে স্বনির্ভরতা, আত্মবিশ্বাস এবং সুনিশ্চিত চাকরি
ডিজাইন প্রোগ্রাম
- ফ্যাশন ডিজাইন
- ইন্টেরিওর ডিজাইন
- মাস কমিউনিকেশন ও জার্নালিজম
- মাল্টিমিডিয়া ও অ্যানিমেশন
সেফটি ম্যানেজমেন্ট প্রোগ্রাম
- ফায়ার অ্যান্ড সেফটি ম্যানেজমেন্ট
- হেল্‌থ সেফটি ম্যানেজমেন্ট
বিউটি অ্যান্ড ওয়েলনেস
- প্রফেশনাল বিউটিশিয়ান (স্কিন | হেয়ার)
- প্রফেশনাল মেক-আপ

ISO 9001:2015 Certified Institute
SRIMATI TECHNO INSTITUTE
An Institute of Design, IT, Mgmt. & Technical Studies
প্লেসমেন্ট সহায়তা

ফোন করুন
@ 92300 76097/95
১১৪/২এ, হাজরা রোড, কালীঘাট ফায়ার ব্রিগেডের কাছে, কল-২৬
বারুইপুর : 92300 62678 | রাজারহাট : 92300 62677
অনুসরণ করুন : | www.srimatitechno.org
খোলা আছে 9.00AM To 8.00PM

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। জীবনকোশে কোন যৌগের মধ্যে শক্তি জমা থাকে — অ্যাডিনোসিন ট্রাই ফসফেট।

২। বয়েলের পরীক্ষার জন্য প্রয়োজনীয় বায়ু-পাম্প কে তৈরি করেন — রবার্ট হুক।

৩। কোন যন্ত্রের সাহায্যে কোনো পাত্রে আবদ্ধ বায়ুর চাপ মাপা হয় — ম্যানোমিটার।

৪। মোলার আয়তনের মান কীসের ওপর নির্ভরশীল — গ্যাসের চাপ ও উষ্ণতার ওপর।

৫। 'বোসন কণা' কোন বিজ্ঞানীর সঙ্গে জড়িত — সত্যেন্দ্রনাথ বোস।

৬। কোনো 'ই-মেইল ঠিকানা' আসলে কী — আলফা নিউমেরিক ডাটা।

৭। বাড়ির বৈদ্যুতিক বর্তনীতে ফিউজ তার কীভাবে সংযোগ থাকে — মেইনলাইনে শ্রেণি সমবায়ে।

৮। জলের ক্লোরিনেশন করা হয় কেন — জলে উপস্থিত সব জীবাণুকে ধ্বংস করার জন্য।

৯। ভারতে জীবাশ্মবিদ্যার জনক কাকে



বলে — বীরবল সাহনী।

## ইতিহাস

১০। 'এনফিল্ড রাইফেল'এর আগে কোন রাইফেল চালু ছিল — ব্রাউনবেস।

১১। সিপাহীরা দ্বিতীয় বাহাদুর শাহকে কবে মোগল সম্রাট বলে ঘোষণা করেন — ১৮৫৭ সালের ১১ মে।

১২। কোন সিপাহী বিদ্রোহের নেতা নেপালে মারা যান — নানাসাহেব (১৮৫৯ সালের ১৮ এপ্রিল)।


১৩। সাঁওতাল বিদ্রোহের প্রতীক কী ছিল — শাল গাছের ডাল।

১৪। 'ধুরুয়া' বিদ্রোহের অন্য নাম কী — পাইক বিদ্রোহ।

১৫। শুঙ্গ রাজাদের রাজধানী কোথায় ছিল — বিদিশা।

১৬। 'হিন্দু পেট্রিয়ট' ছাড়া আর কোন পত্রিকা নীলচাষিদের পক্ষে দাঁড়িয়েছিল — সোমপ্রকাশ।

১৭। 'ধরতি আবা' কাকে বলা হত —



বীরসা মুণ্ডা।

১৮। কত সালে ইউরোপীয়রা ভারতে জমি কিনে নীলচাষ শুরু করে — ১৮৩৩ সাল।

১৯। 'বাংলার নানাসাহেব' কাকে বলে — রামরতন রায়।

## ভূগোল

২০। প্রতিটি অক্ষরেখাকে প্রতিটি দ্রাঘিমারেখা কীভাবে ছেদ করেছে — লম্বভাবে।

২১। অক্ষরেখার অন্য নাম কী — সমাক্ষরেখা।

২২। পৃথিবীর দীর্ঘতম পার্বত্য হিমবাহের নাম কী — হুবার্ড।

২৩। তির্যক বালিয়াড়ির মধ্যে যেসব বালিয়াড়ি আধখানা চাঁদের মতো দেখতে হয়, তাদের কী বলে — বার্খান।

২৪। প্রশস্ত নদীর মোহনাকে কী বলে — খাঁড়ি।

২৫। প্রবল বায়ুপ্রবাহ মরুভূমির বালিকে এক জায়গা থেকে অন্য জায়গায় উড়িয়ে নিয়ে যায়। একে কী বলে — অপসারণ পদ্ধতি।

২৬। পর্বতের যে রেখার ওপর বরফ আর গলে না, তাকে কী বলে — হিমরেখা।

২৭। যেসব বালিয়াড়ি অনেকটা পিরামিডের মতো দেখতে হয়, তাদেরকে কী বলে — রোডর্স বালিয়াড়ি।

২৮। মালদহ জেলার কালিন্দী নদীর দক্ষিণাংশের ভূমি কী নামে পরিচিত — দিয়াড়া অঞ্চল।

২৯। যেসব ফসল বিক্রি করে কৃষকদের অর্থাগমের সুযোগ রয়েছে, তাদের কী জাতীয় ফসল বলে — অর্থকরী ফসল।

## রাষ্ট্রনীতি

৩০। রাজ্য বিধানসভার সর্বাধিক সদস্য সংখ্যা কত হতে পারে — ৫০০।

৩১। কোন সংবিধান সংশোধনীকে 'মিনি কনস্টিটিউশন' বলা হয় — ৪২ তম।

৩২। ভারতীয় সংবিধানের কোন পার্টটি কেন্দ্রশাসিত অঞ্চল সম্পর্কিত — পার্ট ৮।

৩৩। পঞ্চায়েত ব্যবস্থার সর্বনিম্ন স্তর কোনটি — গ্রাম পঞ্চায়েত।

৩৪। প্রথম সংবিধান সংশোধনী আইন কবে পাশ হয়েছিল — ১৯৫১ সালে।

৩৫। সর্বাধিক কত সময়ের মধ্যে সংসদের অধিবেশন নাও বসতে পারে — ৬ মাস।

৩৬। কোন আর্টিকেল অনুসারে হাই কোর্ট 'লেখ' জারি করতে পারে — ২২৬।

৩৭। ভারতের প্রথম হাই কোর্ট কোনটি — কলকাতা।


৩৮। ইরানের সংসদ কী হিসাবে পরিচিত — মজলিস।

## অর্থনীতি

৩৯। আগামী ৫ বছরে ভারতে মোট কত কোটি টাকা বিনিয়োগ করার কথা ঘোষণা করেছে জাপান — ৩.২ লাখ কোটি টাকা।

৪০। শ্রীলঙ্কার অর্থনৈতিক সংকটের মোকাবিলা করার জন্য 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক' সম্প্রতি কত বিলিয়ন ডলার 'লাইন অফ ক্রেডিট' দিল — ১ বিলিয়ন।

৪১। 'ফ্লিপকার্ট হেলথকেয়ার+'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি



কে মনোনীত হলেন — প্রশান্ত ঝাভেরি।

৪২। প্রথম ভারতীয় ব্যাঙ্ক হিসাবে সম্প্রতি 'বিজনেস ব্ল্যান্ড'এর সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল কোন ব্যাঙ্ক — কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক লিমিটেড।

৪৩। ভারতের কোন রাজ্যে নতুন ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট তৈরির জন্য ১,৫৮৮ কোটি টাকা বিনিয়োগ করছে 'স্যামসাং' কোম্পানি — তামিলনাড়ু।

৪৪। ২০২১ সালে কোন ভারতীয় ব্যাঙ্ক 'বর্ষসেরা এশিয়ান ব্যাঙ্ক'এর সম্মান পেল — অ্যাক্সিস ব্যাঙ্ক।

## সাম্প্রতিক ঘটনা

৪৫। আন্তর্জাতিক ও দেশীয় ক্ষেত্রে বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজের জন্য মহিলাদের উদ্দেশ্যে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'সুষমা স্বরাজ পুরস্কার'এর ঘোষণা করল — হরিয়ানা।

৪৬। ২০২১ সালে 'স্কচ স্টেট অফ গভর্ন্যান্স র‍্যাঙ্কিং'এ শীর্ষস্থান পেল কোন রাজ্য — অন্ধ্র প্রদেশ।

৪৭। প্রথম আফ্রিকান তথা প্রথম কৃষ্ণাঙ্গ স্থপতি হিসাবে, ২০২২ সালে কে 'প্রিটজকার আর্কিটেকচার পুরস্কার'



পেলেন — বুরকিনা ফাসোর দিয়েবেদো ফ্র্যান্সিস কেরে।

৪৮। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি চা শ্রমিকদের জন্য 'মুখ্যমন্ত্রী চা শ্রমিক কল্যাণ প্রকল্প'এর ঘোষণা করল — ত্রিপুরা সরকার।

৪৯। 'পরম গঙ্গা' নামে সুপার কম্পিউটারটি সম্প্রতি কোন প্রতিষ্ঠানে স্থাপন করা হয়েছে — আইআইটি রুরকি।

৫০। দেশের প্রথম ড্রোন স্কুল কোথায় চালু হয়েছে — মধ্য প্রদেশের গোয়ালিয়র।

৫১। 'সাহিত্য আকাদেমি' সম্প্রতি কোন শহরে 'সাহিত্যোৎসব'এর আয়োজন করেছে — দিল্লি।

৫২। কোন হিন্দি অনুবাদিত উপন্যাস সম্প্রতি 'আন্তর্জাতিক বুকার পুরস্কার'এর জন্য তালিকাভুক্ত হল — লেখিকা গীতাঞ্জলি শ্রী'র অনুবাদিত 'Tomb of Sand' (এটি প্রথম হিন্দি ভাষায় লেখা ফিকশন, যা মর্যাদাপূর্ণ এই সাহিত্য পুরস্কারের জন্য তালিকাভুক্ত হয়েছে)।

৫৩। উত্তর ভারতের প্রথম স্পেস সায়েন্স সেন্টার কোথায় চালু হয়েছে — জম্মুর 'কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়'এ (এটির নাম 'সতীশ ধাওয়ান সেন্টার ফর স্পেস সায়েন্স')।

৫৪। মাছের উৎপাদন বাড়াতে ওড়িশা সরকার সম্প্রতি কোন সংস্থার সঙ্গে অংশীদারিত্ব গড়ল — নাবার্ড।

৫৫। দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ইউন সুক-ইওল।

৫৬। ভারতের প্রথম সম্পূর্ণ মহিলা মালিকানাধীন শিল্প পার্ক কোথায় চালু হয়েছে — তেলেঙ্গানার হায়দরাবাদ।

৫৭। ভারতের বৃহত্তম ভাসমান সৌরবিদ্যুৎ প্রকল্প কোন রাজ্যে চালু হয়েছে — তামিলনাড়ু।

৫৮। সম্প্রতি প্রয়াত মুহাম্মদ রফিক তারার (৯২ বছর) কোন দেশের প্রাক্তন প্রেসিডেন্ট ছিলেন — পাক-ই-স্তান।

৫৯। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সম্প্রতি ভারতের কোন রাজ্যের সরকারি চাকরিতে মহিলাদের ৩৩% সংরক্ষণের ঘোষণা করলেন — ত্রিপুরা।

৬০। কোন দেশ সম্প্রতি সামরিক স্যাটেলাইট 'নূর-২'কে সফলভাবে পৃথিবী থেকে ৫০০ কিলোমিটার (৩১১ মাইল) উচ্চতায় কক্ষপথে উৎক্ষেপণ করল — ইরান।

৬১। ২০৪১ ক্লাইমেট-ফোর্স আন্টার্কটিকা অভিযানে, ভারতের প্রতিনিধি হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — জাতীয় স্তরের শ্যুটার ও দিল্লির পরিবেশবিদ আরুশি ভার্মা।

৬২। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি মহিলা উদ্যোক্তাদের সহায়তা দিতে 'মাতৃশক্তি উদয়মিতা' প্রকল্প চালু করার ঘোষণা করল — হরিয়ানা সরকার।

৬৩। কোথায় সম্প্রতি ঐতিহ্যগত ওষুধের জন্য, বিশ্ব স্বাস্থ্য সংস্থা গ্লোবাল সেন্টার ফর ট্র্যাডিশনাল মেডিসিন প্রতিষ্ঠার অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা — গুজরাতের জামনগরে।

৬৪। ভারতীয় বিমানবাহিনী আকাদেমির কমান্ড্যান্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — এয়ার মার্শাল বি. চন্দ্র শেখর।

৬৫। ভারতের বৃহত্তম ভগবান বুদ্ধের মূর্তি কোথায় তৈরি হতে চলেছে — বোধগয়ায়।

৬৬। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'কৌশল্যা মাতৃত্ব যোজনা' নামে একটি নতুন প্রকল্প চালু করল — ছত্তিশগড় (এই প্রকল্পের অধীনে, পরিবারে দ্বিতীয় কন্যা সন্তানের জন্মের জন্য মহিলাদের ৫,০০০ টাকা আর্থিক সহায়তা দেওয়া হবে)।

৬৭। কোন বাংলাদেশী মহিলা ২০২২ সালে মার্কিন পররাষ্ট্র দফতরের তরফ থেকে, 'ইন্টারন্যাশনাল উওমেন অফ কারেজ' পুরস্কার পেলেন — পরিবেশ আইনজীবী সৈয়দা রিজওয়ানা হাসান।

৬৮। 'Wrist Assured : An Autobiography' বইটির লেখক কে — প্রাক্তন ভারতীয় ক্রিকেট অধিনায়ক গুন্ডাপ্পা রঙ্গনাথ বিশ্বনাথ।

৬৯। 'More than Just Surgery : Life Lessons Beyond the OT' বইটির লেখক কে — ড.তেহেমটন এরচ উদওয়াদিয়া।

৭০। হাঙ্গেরির প্রথম মহিলা প্রেসিডেন্ট



হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ক্যাটালিন এভা নোভাক।

৭১। টাটা কনসালট্যান্সি সার্ভিসেস'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — রাজেশ গোপীনাথন।

৭২। মণিপুরের মুখ্যমন্ত্রী এখন কে — এন.বীরেন সিং।

## খেলাধূলা

৭৩। সম্প্রতি প্রয়াত রড মার্শ (৭৪ বছর) কোন দেশের ক্রিকেটার ছিলেন — অস্ট্রেলিয়া।

৭৪। বিশ্বের প্রথম মহিলা ক্রিকেটার হিসাবে, কে সম্প্রতি ৬টি (২০০০, ২০০৫, ২০০৯, ২০১৩, ২০১৭ ও ২০২২) বিভিন্ন বিশ্বকাপ খেলার নজির গড়লেন — ভারতের মহিলা ক্রিকেট দলের অধিনায়ক মিতালি রাজ।

৭৫। 'ইন্টারন্যাশনাল টেনিস হল অফ ফেম ওপন'এর অফিসিয়াল স্পন্সর হল কোন কোম্পানি — ইনফোসিস।

৭৬। কে সম্প্রতি ভারতীয় টেস্ট ক্রিকেটের ইতিহাসে ২৮টি বলে দ্রুততম ৫০ রান করলেন — ঋষভ পন্থ (শ্রীলঙ্কা ও ভারতের মধ্যে চলা গোলাপি বল টেস্টের দ্বিতীয় ইনিংসে



এই নজির গড়েন তিনি। সেইসঙ্গে কপিল দেবের নজিরও ভাঙলেন পন্থ। ১৯৮২ সালে করাচিতে পাক-ই-স্তানের বিরুদ্ধে ৩০ বলে অর্ধশতরান করেছিলেন তিনি)।

৭৭। সম্প্রতি আনুষ্ঠানিকভাবে 'ওয়ার্ল্ড গলফ হল অফ ফেম'এ অন্তর্ভুক্ত হলেন বিখ্যাত গলফার টাইগার উডস। তিনি কোন দেশের নাগরিক — মার্কিন যুক্তরাষ্ট্র।

৭৮। সম্প্রতি অবসর ঘোষণাকারী শান্তাকুমারন নায়ার শ্রীসন্ত কোন খেলার সঙ্গে যুক্ত — ক্রিকেট।

৭৯। কে সম্প্রতি ইতালিতে অনুষ্ঠিত, 'গ্র্যান্ডিসকাচি ক্যাটোলিকা আন্তর্জাতিক ওপন দাবা টুর্নামেন্ট' জিতলেন — ভারতীয় গ্র্যান্ডমাস্টার এস.এল. নারায়ণন।

৮০। কে সম্প্রতি বেলগ্রেডে ওয়ার্ল্ড ইন্ডোর অ্যাথলেটিক 'সিলভার' ট্যুরে ৬.১৯ মিটার লাফিয়ে পোল ভল্টে আবার নিজের বিশ্বরেকর্ড ভাঙলেন — মার্কিন-সুইস তারকা পোল ভল্টার ২২ বছর বয়সি আর্মান্দ দুপ্লান্তিস (তাঁর আগের রেকর্ড ছিল ৬.১৮ মিটার)।

৮১। ভারতের ২৩ তম মহিলা গ্র্যান্ডমাস্টার কে — অন্ধ্র প্রদেশের বিজয়ওয়াড়ার বাসিন্দা ১৯ বছর বয়সি প্রিয়াঙ্কা নুটাক্কি।

৮২। '২০২১-'২২ সালে 'হিরো আইএসএল'এ কোন দল চ্যাম্পিয়ন হল — হায়দরাবাদ এফসি (কেরালা ব্লাস্টার্স দলকে ১-১ (৩-১ পেনাল্টি শুট-আউটে) ব্যবধানে হারিয়ে)।

সঙ্কলক : পলি দেওয়ান

# জেনারেল ইংলিশ

চাকরির পরীক্ষার গাইড

**Direction (Qs. 1–5) :** *In each of these questions, choose the alternative which is nearest in meaning to the word in capital letters.*

1. NASCENT
(A) Incipient (B) Ignorant
(C) Unnamed (D) Treacherous

2. METICULOUS
(A) Steadfast (B) Recent
(C) Painstaking (D) Overt

3. PLAGIARISM
(A) Theft of funds (B) Arson
(C) Ethical theory (D) Theft of ideas

4. BROCHURE
(A) Opening (B) Bureau
(C) Pamphlet (D) Pin

5. ABET
(A) Conceive (B) Wager
(C) Encourage (D) Protect

**Direction (Qs. 6–15) :** *These questions are based upon the following paragraph in which there are some blanks which have been numbered from 6 to 15. The word which can appropriately fill in each blank has been given as one of the four alternatives against the number of the blank below the paragraph. Find the most suitable word in each case.*

India is basically a **(6)** of rural masses. Seventy-four percent of the people live in villages. When one talks of a village it is not just a **(7)** of a few hundred people living together. A village in India used to be an independent socio-economic **(8)** based on a decentralised socio economic system, built not on a **(9)** but a complementary structure. If one studies India's history of the past two hundred and **(10)** years, especially when the British first came, one finds the truth of the statement. The new rulers undid the very **(11)** of rural society because they knew that India could not be **(12)** unless the village **(13)** was completely destroyed. Thus it is that the East India Company introduced **(14)** production into village life and consequently smashed its system of co-operation and **(15)**.

6. (A) Group (B) Actually
(C) Nation (D) Society

7. (A) Cluster (B) Habitation
(C) Combination (D) Sum

8. (A) Individuality (B) Contract
(C) Habitation (D) Entity

9. (A) Political (B) Competitive
(C) Social (D) Co-operative

10. (A) Odd (B) Few (C) More (D) Sum

11. (A) Thread (B) Texture (C) Fabric (D) Soul

12. (A) Overcome (B) Obtained
(C) Held (D) Controlled

13. (A) Society (B) Structure (C) Co-operative (D) Life

14. (A) Centralised (B) Controlled
(C) Wide (D) Unfair

15. (A) Togetherness (B) Competition
(C) Combination (D) Co-ordination

**Direction (Qs. 16–20) :** *Choose the word that is opposite in meaning to the word in capital letters.*

16. OPPRESSIVE
(A) Impertinent (B) Compassionate
(C) Unequal (D) Capable

17. QUELL
(A) Stimulate (B) Curb (C) Allay (D) Redress

18. THWART
(A) Amalgamate (B) Facilitate (C) Prevent (D) Influence

19. GROSS
(A) Ferocious (B) Outrageous (C) Ridiculous (D) Refined

20. TRIBULATION
(A) Misery (B) Happiness (C) Finesse (D) Progress

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(A).** Nascent – জায়মান/বিকাশমান। Incipient – প্রাথমিক, Ignorant – অজ্ঞ, Unnamed – পরিচিতিহীন, Treacherous – বিশ্বাসঘাতক। **2(C).** Meticulous – অত্যন্ত সতর্ক। Stead fast – দৃঢ়, Recent – সাম্প্রতিক, Painstaking – অত্যন্ত যত্নশীল, Overt – প্রকাশ্য। **3(D).** Plagiarism – অন্যের লেখা থেকে চুরি। Arson – অনিষ্ট করার উদ্দেশ্যে অন্যের গৃহদাহ। **4(C).** Brochure – ক্ষুদ্র পুস্তক/ পুস্তিকা। **5(C).** Abet – উত্তেজিত করা, Conceive – ভাবা/কল্পনা করা, Wager – বাজি ধরা, Encourge – উৎসাহিত করা, Protect – রক্ষা করা। **6(C). 7(C). 8(D). 9(B). 10(C). 11(A). 12(A). 13(C). 14(D). 15(D).** *16 থেকে 20 নং প্রশ্নে বিপরীতার্থক শব্দ বের করতে হবে।* **16(B).** Oppresive – উৎপীড়ক/ অত্যাচারী। Impertinant – উদ্ধত/অসভ্য, Compassionate – দয়ালু/সদয়, Unequal – অসমান, Capable – সক্ষম। **17(A).** Quell – দমন করা। Stimulate – উদ্দীপ্ত করা, Curb – দমন করা, Allay – শান্ত করা, Redress – সংশোধন করা। **18(B).** Thwart – বাধা দেওয়া। Amalgamate – মিশ্রিত করা, Facilitate – সহজ করা, Prevent – প্রতিরোধ করা, Influence – প্রভাবিত করা। **19(D).** Gross – স্থূল। Ferocious – ভয়ঙ্কর, Outrageous – অতি নিষ্ঠুর, Ridiculous – হাস্যোদ্দীপক, Refined – সূক্ষ্ম। **20(B).** Tribulation – নিদারুণ ক্লেশ। Misery – দুঃখ, Happiness – সুখ/আনন্দ, Finesse – সূক্ষ্ম চাতুর্য, Progress – প্রগতি।

# চাকরির আরো খবর

## প্রি-প্রাইমারি স্কুলে চাকরি

কাঁকিনাড়ার বেঙ্গল টাইগার আর্মি প্রি-প্রাইমারি স্কুল লেডি টিচার, ক্লার্ক, মেইডস পদে চুক্তিতে লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ২৫ এপ্রিল। ঠিকানা : The Principal, Bengal Tiger Army Pre-Primary School, Kankinara, Ph: 25812345.

## গ্রাম পঞ্চায়েতে চাকরি

উত্তর ২৪ পরগনার গাইঘাটা ব্লকের অধীন চাঁদপাড়া, ইছাপুর- ।, রামনগর, শিমুলপুর গ্রাম পঞ্চায়েতে কাজের জন্য গ্রাম রোজগার সহায়ক পদে ৪ জন লোক নিচ্ছে। উচ্চমাধ্যমিক পাশরা ৩৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। দরখাস্ত করার শেষ তারিখ ৮ এপ্রিল। দরখাস্ত জমা দেবেন গাইঘাটা ব্লকের এম.জি.এন. আর.জি.এ. সেলের অফিসে।

## ডাটা ম্যানেজার পদের কম্পিউটার টেস্ট

উত্তর ২৪ পরগনা জেলা শাসকের অফিসের অধীন কন্যাশ্রী প্রকল্পে অ্যাকাউন্টস কাম ডাটা ম্যানেজার পদের কম্পিউটার টেস্ট হবে ৪ এপ্রিল বেলা ২টায় বারাসাতের ব্রেনওয়্যার বিশ্ববিদ্যালয়ে। বিস্তারিত তথ্য বারাসাত জেলা শাসকের অফিসে ও কন্যাশ্রী প্রকল্পের ডি.পি.এম.ইউ.. থেকে।

## শিক্ষক-শিক্ষিকা

সেন্ট ফিলোমেনাস গার্লস হাই স্কুল শিক্ষিকা নিচ্ছে। এম.এসসি. (বটানি) কোর্স পাশরা যোগ্য। নেওয়া হবে চুক্তিতে, ৩ অক্টোবর পর্যন্ত। দরখাস্ত-সহ বায়োডাটা পাঠাবেন ৪ এপ্রিলের মধ্যে। এই ঠিকানায় : The Secretary, St. Philomena's G.H. School, 8th Mile Kalimpond, Dist-Kalimpong.

## পুরসভায় চাকরি

বরানগর পুরসভা চুক্তিতে হেলথ অফিসার পদে লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ৫ এপ্রিল। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবাসাইটে : www.baranagarmunicipality.org

## আদালতে বিচারক

ঝাড়খন্ড হাই কোর্ট ডিস্ট্রিক্ট জাজ পদে ২২ জন লোক নিচ্ছে। দরখাস্ত করবেন ১৮ এপ্রিলের মধ্যে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.jharknadhighcourt.nic.in

## জুনিয়র অ্যাসিস্ট্যান্ট নিচ্ছে

সিধো কানহ বিরষা বিশ্ববিদ্যালয় জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে ১ জন লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ৫ এপ্রিল। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.skbu.ac.in

## জেলা জাসেস কোর্টের পরীক্ষা

উত্তর ২৪ পরগনা জেলা জুভেনাইল জাস্টিস বোর্ড বেঞ্চ ক্লার্ক ও লোয়ার ডিভিশন ক্লার্ক পদের অনলাইন অ্যাডমিট কার্ড দেওয়া হবে ৩ এপ্রিল পর্যন্ত। এ বিষয়ে বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.north24parganas.gov.in

## ১০৩ আশা কর্মী

১ পাতার পর

পশ্চিম মেদিনীপুর সদর মহকুমার ৬টি ব্লকের উপস্বাস্থ্য কেন্দ্রে কাজের জন্য 'আশা' কর্মী পদে ৭৭ জন তরুণী নেওয়া হচ্ছে। কারা আবেদনের যোগ্য :

**ঘাটাল মহকুমার জন্য :**

মাধ্যমিক পাশ বা, মাধ্যমিক অবতীর্ণ বিবাহিতা, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন। উচ্চশিক্ষাগত যোগ্যতার মহিলারা মাধ্যমিকের সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করতে পারবেন। বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে সাধারণ প্রার্থীদের বেলায় ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীদের বেলায় বয়স হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম ও উপস্বাস্থ্য কেন্দ্রের স্থায়ী বাসিন্দা হতে হবে।

কোন ব্লকে ক'টি শূন্যপদ তা ওয়েবসাইটে পাবেন কিংবা সংশ্লিষ্ট ব্লক অফিসে পাবেন। এই পদের মেমো নং : 812(2) / Advt / ICA/Paschim Medinipur, Dated 21/03/2022.

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান-সহ বিস্তারিত তথ্য পাবেন সংশ্লিষ্ট ব্লক অফিসে কিংবা এই ওয়েবসাইটে : www.paschimmedinipur.gov.in দরখাস্তের সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত সরাসরি জমা দেবেন ৪ এপ্রিলের মধ্যে, সংশ্লিষ্ট মহকুমার অফিস কিংবা বি.ডি.ও. অফিসের ঠিকানায়।

**পশ্চিম মেদিনীপুর শহর মহকুমার জন্য :**

মাধ্যমিক পাশ বা, মাধ্যমিক অবতীর্ণ বিবাহিতা, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন। উচ্চশিক্ষাগত যোগ্যতার মহিলারা মাধ্যমিকের সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করতে পারবেন। বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে সাধারণ প্রার্থীদের বেলায় ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীদের বেলায় বয়স হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম ও উপস্বাস্থ্য কেন্দ্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। শূন্যপদ : কেশপুর -১৬, গড়বেতা-।।। -৮, গড়বেতা-।। -৬, গড়বেতা-। ১৩, মেদিনীপুর-১২, শালবনী -১২। কোন ব্লকে ক'টি শূন্যপদ তা ওয়েবসাইটে পাবেন কিংবা সংশ্লিষ্ট ব্লক অফিসে পাবেন। দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান-সহ বিস্তারিত তথ্য পাবেন সংশ্লিষ্ট ব্লক অফিসে কিংবা এই ওয়েবসাইটে : www.paschimmedinipur.gov.in দরখাস্তের সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত সরাসরি জমা দেবেন ৪ এপ্রিলের মধ্যে, সংশ্লিষ্ট মহকুমার অফিস কিংবা বি.ডি.ও. অফিসের ঠিকানায়।

## ডাকবিভাগে এজেন্ট

১ পাতার পর

পোস্ট অফিসের অধীনে কাজের জন্য এজেন্ট নিয়োগ করা হচ্ছে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ১৮ থেকে ৫০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। কমিশন ভিত্তিক কাজ। মনোনীত হলে সিকিউরিটি ডিপোজিট বাবদ ৫,০০০ টাকা জমা রাখতে হবে। ডাক বিভাগ ছাড়া অন্য কোনো পলিসি বিক্রির এজেন্ট হলে যোগ্য নন।

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ১৮ এপ্রিল থেকে ২২ এপ্রিল পর্যন্ত বেলা ১২টা থেকে ৩টার মধ্যে। তখন সঙ্গে নিয়ে যাবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, আধার কার্ডের মূল প্রমাণপত্র ও জেরক্স কপি আর ৫ কপি পাশপোর্ট মাপের ফটো। ইন্টারভিউ হবে এই ঠিকানায় : ভারতীয় ডাক বিভাগ, বারাসাত ডিভিশন, কলকাতা -১২৪. ফোন : ০৩৩-২৫৫২-৩৪৬৩।

ভারতীয় ডাকবিভাগের উত্তর কলকাতা ডিভিশন চিঠি বা, পার্সেল পিকআপ, ডেলিভারি ও বুকিংয়ের জন্য আউটসোর্সড পোস্টাল এজেন্ট হিসাবে কিছু লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা যোগ্য। বিস্তারিত জানতে যোগাযোগ করুন এই ঠিকানায় : Dept. of Posts, SSPOs (North), Kolkata Division, North Kolkata, 5A, Indra Biswas Road, Kol-37. Ph: (033) 2556 7877, Email: dokolkatanorth.wb@indiapost.gov.in

## ফিজিওথেরাপি চিকিৎসক — উচ্চ আয়ের পেশা

**সৈকত হালদার, ব্যারাকপুর :** ফিজিওথেরাপি এককথায় যথেষ্ট গ্ল্যামারাস প্রফেশন। একবার সঠিক জায়গা থেকে কোর্স করতে পারলে, শুধুমাত্র মোটা আয়েরই সুযোগ নয়, কেরিয়ার একেবারে অন্য লেভেলে পৌঁছে যাবে। এজন্য কী দরকার? আর কোন জায়গা থেকে পড়লে ফিজিওথেরাপিস্ট হিসাবে এই ইন্ডাস্ট্রিতে কাজ করতে পারবেন? উত্তরে রাজ্যের স্বনামধন্য ফিজিওথেরাপির প্রতিষ্ঠান ব্যারাকপুর কলেজ অফ এডুকেশনের কর্ণধার প্রফেসর ড. পি. চক্রবর্তী জানালেন 'দেখুন সবচেয়ে আগে যা দরকার, তা হল রাজ্য স্বাস্থ্য বিশ্ববিদ্যালয় (সরকারি বিশ্ববিদ্যালয়) অনুমোদিত সঠিক প্রতিষ্ঠান খুঁজে পাওয়া। যারা ব্যাচেলর অফ ফিজিওথেরাপি কোর্স পড়ায়। কারণ, এই কয়েক বছর আগে পর্যন্ত আমাদের রাজ্যে, ছেলেমেয়েদের জন্য এই কোর্স পড়ানোর কোনো প্রতিষ্ঠান ছিল না। পড়তে চাইলে যেতে হত বাইরের রাজ্যে। কিন্তু এখন সেই সমস্যা মিটেছে। এখন এখানেই এই কোর্স পড়ানো হচ্ছে। খালি মাথায় রাখতে হবে, কোর্সের কারিকুলাম যেন ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড হয় আর যাঁরা পড়াচ্ছেন তাঁরা যেন এই ইন্ডাস্ট্রি থেকেই হয়'। ইতিমধ্যেই তাদের ক্লিনিকে বেশ কিছু কঠিন সমস্যাযুক্ত রোগীকে ভালো করে তুলছেন অভিজ্ঞ ফিজিওথেরাপিস্টবৃন্দ। এই কোর্স করে কীভাবে পড়তে পড়তেই আয় করবেন তা জানতে সরাসরি উপদেশ নিতে পারেন বি.সি.ই কলেজর এই নম্বরে ফোন করে : ৮৫৮২৯৩৩১৫০, ৯৮৩০৬১৯১৯৪।

এক জানলায়
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর কলকাতার জন্য
কর্মসংস্থান, সাপ্তাহিক ও Appointment & Career News -এর
সুখবর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

বীরভূম ও মুর্শিদাবাদ
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

পুরুলিয়া ও বাঁকুড়া
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

দক্ষিণ ২৪ পরগনা
Authenza Media Infotech
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
M : 8100960001
Email : onlineadbooking1@gmail.com

উত্তর কলকাতা
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য যোগাযোগ করুন এই নম্বরে -
9830795430
appointmentnews@gmail.com

# এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**১৫ মার্চ :** প্রথম ভারতীয় তথ্যচিত্র হিসাবে, ২০২২ সালে ৯৪ তম 'আকাদেমি পুরস্কার'এ (অস্কার) চূড়ান্ত মনোনয়নে জায়গা করে নিল দিল্লির চলচ্চিত্র পরিচালক রিন্টু থমাস ও সুস্মিত ঘোষের পরিচালিত তথ্যচিত্র 'রাইটিং উইথ ফায়ার'। 'সেরা ডকুমেন্টারি ফিচার' বিভাগে চূড়ান্ত ৫ তালিকায় প্রতিদ্বন্দ্বিতা করবে এটি। প্রসঙ্গত উল্লেখ্য, দলিত মহিলাদের মাধ্যমে পরিচালিত ভারতের একমাত্র সংবাদপত্র 'খবর লাহারিয়া' সংক্রান্ত বিষয় নিয়ে এই তথ্যচিত্রটি তৈরি হয়েছে।

**১৬ মার্চ :** তুর্কমেন-ই-স্তানের প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন সেরদার বারদিমুহামেদো।



পঞ্জাবের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন ভগবন্ত মান।

❑ চিনে, ভারতের নতুন রাষ্ট্রদূত হিসাবে মনোনীত হলেন প্রদীপ কুমার রাওয়াত।

❑ ভারতের প্রথম রাজ্য হিসাবে 'শস্য বৈচিত্র্য সূচক' বাস্তবায়ন করল তেলেঙ্গানা সরকার। 'শস্য বৈচিত্র্য সূচক'এর মতে, তেলেঙ্গানায় ৭৭ ধরনের শস্য জন্মায়, যার মধ্যে শুধুমাত্র ১০টি শস্যকে এই সূচকের জন্য বেছে নেওয়া হয়েছে। রাজ্যের শীর্ষ ৩টি জেলার তালিকায় স্থান পেয়েছে নির্মল, ভিকারাবাদ ও সাঙ্গারেড্ডি। তালিকায় সর্বনিম্ন স্থান পাওয়া জেলার তালিকায় রয়েছে পেদ্দাপল্লী, করিমনগর ও সূর্যপেট।

❑ উইন্ডসর ক্যাসেলে 'নাইটহুড' উপাধি পেলেন 'অস্কার' পুরস্কার জয়ী ব্রিটিশ চলচ্চিত্র পরিচালক স্টিভ ম্যাককুইন। রানি দ্বিতীয় এলিজাবেথের মেয়ে রাজকুমারী অ্যান তাঁকে এই সম্মান দেন। এর ফলে, এবার থেকে স্যার স্টিভ ম্যাককুইন নামে পরিচিত হবেন তিনি।

❑ ভারতের বৃহত্তম কয়লা উৎপাদনকারী সংস্থায় পরিণত হল 'কোল ইন্ডিয়া'র সহযোগী সংস্থা 'মহানদী কোলফিল্ডস লিমিটেড'। ২০২১-'২২ আর্থিক বছরে ১৫৭ মিলিয়ন টন কয়লা উৎপাদন করেছে এই সংস্থা। এছাড়াও, ১২ মার্চ ৭.৬২ লাখ টন শুষ্ক জ্বালানিও তৈরি করেছে এই সংস্থা, যা চলতি আর্থিক বছরে একদিনে সবথেকে বড় উৎপাদন।



২০২১ সালে ৭০ তম 'মিস ওয়ার্ল্ড'এর শিরোপা পেলেন পোল্যান্ডের ক্যারোলিনা বিলাওস্কা। তাঁর মাথায় মুকুট পরিয়ে দেন ২০১৯ সালের 'মিস ওয়ার্ল্ড' জামাইকার টনি অ্যান সিং। এই প্রতিযোগিতায় প্রথম রানার-আপ হয়েছেন ভারতীয় বংশোদ্ভূত মার্কিন যুক্তরাষ্ট্রের বাসিন্দা শ্রী সাইনি ও দ্বিতীয় রানার-আপ হয়েছেন পশ্চিম আফ্রিকার আইভরি কোস্টের বাসিন্দা অলিভিয়া ইয়াস।

❑ প্রথম আফ্রিকান তথা প্রথম কৃষ্ণাঙ্গ স্থপতি হিসাবে, ২০২২ সালে 'প্রিটজকার আর্কিটেকচার পুরস্কার'এর জন্য মনোনীত হলেন বুরকিনা ফাসোর দিয়েবেদো ফ্র্যান্সিস কেরে। স্থাপত্যের ক্ষেত্রে সর্বোচ্চ ও মর্যাদাপূর্ণ এই পুরস্কারটি 'স্থপতিদের নোবেল পুরস্কার' নামেও পরিচিত। উল্লেখ্য, ১৯৭৯ সাল থেকে এই পুরস্কার দিচ্ছে 'হায়াত ফাউন্ডেশন'।



আই.সি.সি মহিলাদের বিশ্বকাপের মঞ্চে মহিলাদের ওয়ান ডে ক্রিকেটে অনবদ্য মাইলফলক স্থাপন করলেন বাংলার ঝুলন গোস্বামী। এদিন চতুর্থ ম্যাচে ইংল্যান্ডের ট্যামি বিউমন্টকে আউট করে মহিলাদের ওয়ান ডে ক্রিকেটে প্রথম ও একমাত্র বোলার হিসাবে ২৫০ উইকেটের মাইলফলক ছুঁয়ে ফেললেন তিনি। সার্বিকভাবে মহিলাদের ওয়ান ডে ক্রিকেটে সবথেকে বেশি উইকেট রয়েছে ঝুলনের ঝুলিতেই। বিশ্বের আর কেনো বোলার ২০০'র ঘরেই ঢুকতে পারেননি।

❑ 'আজাদি কা অমৃত মহোৎসব' উদযাপনের অংশ হিসাবে, মাদাগাস্কারের রাজধানী শহর আন্তানানারিভোতে যৌথভাবে 'মহাত্মা গান্ধী গ্রিন ট্র্যাঙ্গেল'এর উদ্বোধন করলেন মাদাগাস্কারে, ভারতের রাষ্ট্রদূত অভয় কুমার ও আন্তানানারিভোর মেয়র নাইনা আন্দ্রিয়ানসিটোহাইনা।

**১৭ মার্চ :** ২০২২-'২৩ সালের জন্য, 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'র পশ্চিমাঞ্চলের চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন সুনীল চরদিয়া।

❑ 'নিশান ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন ফ্র্যাঙ্ক টরেস।

❑ তেলেঙ্গানার মুখ্য নির্বাচনী আধিকারিক হিসাবে মনোনীত হলেন বিকাশ রাজ।

❑ হরিয়ানার গুরুগ্রামে, ভারতের প্রথম 'বিশ্ব শান্তি কেন্দ্র' স্থাপন করবে বিশিষ্ট জৈনাচার্য ও শান্তির দূত ড.লোকেশজির মাধ্যমে প্রতিষ্ঠিত 'অহিংস বিশ্ব ভারতী' সংস্থা। এজন্য সংস্থাটিকে 'মেদান্ত হাসপাতাল'এর বিপরীতে ও দিল্লি-জয়পুর হাইওয়ে লাগোয়া গুরুগ্রামের ৩৯ নম্বর সেক্টরে জমি বরাদ্দ করেছে হরিয়ানা সরকার। বিশ্বব্যাপী শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠায় কাজ করবে এই কেন্দ্র।

❑ যুক্তরাজ্যের মর্যাদাপূর্ণ 'ইয়োটো কার্নেগি পদক'এর জন্য সংক্ষিপ্ত তালিকাভুক্ত হলেন ভারতীয় বংশোদ্ভূত লেখক মনজিৎ মান। তাঁর লেখা শিশুদের বই 'The Crossing'এর জন্য এই তালিকায় স্থান পেলেন তিনি। এটি ছাড়াও আরও ৭টি বই এই তালিকায় স্থান পেয়েছে। ১৬ জুন এই পুরস্কার প্রাপকের নাম ঘোষণা করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য, এটি যুক্তরাজ্যের দীর্ঘতম সময় ধরে চলা শিশুদের বই পুরস্কার, যা স্পন্সর করে 'ইয়োটো' (শিশুদের জন্য স্ক্রিন-ফ্রি অডিও প্ল্যাটফর্ম)।

❑ একটি নতুন যক্ষ্মার টিকা তৈরির জন্য, স্পেনের বায়োফার্মাসিউটিক্যাল কোম্পানি 'বায়োফাবরি'র সঙ্গে অংশীদারিত্ব গড়ল হায়দরাবাদের বায়োটেকনোলজি কোম্পানি 'ভারত বায়োটেক'। এর ফলে ৭০টিরও বেশি দেশে যক্ষ্মা টিকা সরবরাহ করা সম্ভব হবে, বিশেষত দক্ষিণ-পূর্ব এশিয়া ও সাব-সাহারান আফ্রিকায়, যেখানে যক্ষ্মার বেশ প্রকোপ রয়েছে।

❑ গোয়ায় ভারতীয় উপকূল রক্ষী জাহাজ 'সক্ষম' চালু করলেন ভারতের প্রতিরক্ষা সচিব ড.অজয় কুমার। ১০৫-মিটার অফশোর প্যাট্রোল ভেসেল ক্লাস সিরিজের পঞ্চমতম সংস্করণ এটি। প্রথম ৪টি হল : আইসিজিএস স্যাচেট, আইসিজিএস সুজিত, আইসিজিএস সার্থক ও আইসিজিএস সাজাগ। 'গোয়া শিপইয়ার্ড লিমিটেড' দেশীয়ভাবে এই 'সক্ষম' জাহাজটির নকশা তৈরি করেছে, যেখানে উন্নত প্রযুক্তি, নেভিগেশন, যোগাযোগ সরঞ্জাম, সেন্সর ও যন্ত্রপাতি লাগানো রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, দেশীয় অফশোর প্যাট্রোল ভেসেল প্রকল্পটি ২০১৬ সালে চালু করেছিলেন ভারতের প্রধানমন্ত্রী, যার অধীনে ভারতীয় উপকূল রক্ষী বাহিনীর জন্য ৫টি অফশোর প্যাট্রোল ভেসেল চালু করার পরিকল্পনা করা হয়েছিল।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

❑ ২০২২ সালে ভারতকে 'ফিড দাবা অলিম্পিয়াড'এর আয়োজক দেশ হিসাবে বাছাই করা হল। এ'বছর অলিম্পিয়াডের ৪৪ তম সংস্করণ, ২৬ জুলাই থেকে ৮ আগস্ট পর্যন্ত চেন্নাইতে অনুষ্ঠিত হবে। ১৯২৭ সালে দাবা অলিম্পিয়াড শুরু হওয়ার পর থেকে, এই প্রথমবারের জন্য এই টুর্নামেন্ট আয়োজন করতে চলেছে ভারত। প্রসঙ্গত উল্লেখ্য, এটি মূলত রাশিয়ায় অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু ইউক্রেন আক্রমণের পর, রাশিয়ার কাছ থেকে এই অধিকার কেড়ে নিয়েছে 'আন্তর্জাতিক দাবা ফেডারেশন'।

**১৮ মার্চ :** মার্কিন যুক্তরাষ্ট্রের কোভিড-১৯ রেসপন্স কোঅর্ডিনেটর হিসাবে মনোনীত হলেন ভারতীয় বংশোদ্ভূত ড.আশিস ঝা।

❑ ২০২২-'২৩ সালের জন্য, 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'র দক্ষিণাঞ্চলের চেয়ারপার্সন হিসাবে মনোনীত হলেন সুচিত্রা কে.ইল্লা।

❑ 'ইনস্টাগ্রাম'এর বিকল্প প্ল্যাটফর্ম হিসাবে 'রসগ্রাম' নামে নিজস্ব ফটো ও ভিডিও শেয়ারিং অ্যাপ চালু করছে রাশিয়া। ২৮ মার্চ থেকে ডাউনলোড করা যাবে এই অ্যাপ। 'ইনস্টাগ্রাম'এর মতোই একই বৈশিষ্ট্য থাকবে এই নতুন অ্যাপটিতে। প্রসঙ্গত উল্লেখ্য, 'ইনস্টাগ্রাম'এর মূল সংস্থা 'মেটা' রাশিয়ান সেনাদের বিরুদ্ধে সহিংসতার আহ্বান জানিয়ে পোস্ট করার পর, ১৪ মার্চ দেশে 'ফেসবুক' ও 'ইনস্টাগ্রাম' নিষিদ্ধ করেছিল রাশিয়া।

❑ ভারতের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ প্রয়াত জেনারেল বিপিন রাওয়াতের ৬৫ তম জন্মদিনের (১৬ মার্চ) প্রাক্কালে, 'ইউনাইটেড সার্ভিস ইনস্টিটিউশন অফ ইন্ডিয়া'য়, তাঁর স্মরণে একটি 'চেয়ার অফ এক্সেলেন্স' প্রতিষ্ঠা করল ভারতীয় সেনাবাহিনী। ইউএসআই'এর ডিরেক্টর মেজর জেনারেল বি.কে শর্মার (অবসরপ্রাপ্ত) কাছে ৫ লাখ টাকার একটি চেক হস্তান্তর করা হয়েছে, যা মনোনীত 'চেয়ার অফ এক্সেলেন্স'কে সম্মান হিসাবে দেওয়া হবে।

❑ ২০২২ সালে ইউএন ওয়ার্ল্ড হ্যাপিনেস রিপোর্টে, ১৪৬টি দেশের মধ্যে ১৩৬ তম স্থান পেল ভারত। সবথেকে সুখী দেশ হিসাবে এই তালিকায় প্রথম স্থানে রয়েছে ফিনল্যান্ড। অন্যদিকে, পৃথিবীর সবথেকে অসুখী দেশ হিসাবে তালিকার শেষে স্থান পেয়েছে আফগান-ই-স্তান। প্রসঙ্গত উল্লেখ্য, এই রিপোর্ট তৈরিতে কোনো দেশের জাতীয় আয়, জীবনের মান, চিকিৎসার সুযোগ, গড় আয়ু প্রভৃতি বিষয়ের ওপর জোর দেওয়া হয়।

❑ দিল্লি থেকে মিরাট করিডরের জন্য, ভারতের প্রথম র‍্যাপিড রেলের কোচ উন্মোচন করল 'ন্যাশনাল ক্যাপিটাল রিজিওনাল ট্রান্সপোর্ট কর্পোরেশন'। রিজিওনাল র‍্যাপিড ট্রানজিট সিস্টেম ট্রেনটি দিল্লি-গাজিয়াবাদ-মিরাট করিডরে চলবে ও মাত্র ৫৫ মিনিটে ৮২ কিলোমিটার দূরত্ব অতিক্রম করবে। ট্রেনটির ৬টি বগিতে মোট ৪০৭টি আসন রয়েছে। অনেকটা বিমানের মতো দেখতে এই ট্রেনটিতে রয়েছে বিভিন্ন অত্যাধুনিক সুযোগ-সুবিধা। এই রিজিওনাল র‍্যাপিড ট্রানজিট সিস্টেম ট্রেনটি হল প্রথম, যেখানে একটি রিজিওনাল করিডরে বিজনেস বা প্রিমিয়াম কোচ থাকবে।

❑ ড্রোন-ভিত্তিক খনিজ অনুসন্ধানের জন্য, আই.আই.টি খড়গপুরের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল দেশের বৃহত্তম লৌহ আকরিক উৎপাদক সংস্থা 'ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড'।

**১৯ মার্চ :** ৫ বছরের জন্য, 'টাটা কনসালট্যান্সি সার্ভিসেস'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে আবার নির্বাচিত হলেন রাজেশ গোপীনাথন।

❑ 'এশিয়া ওয়ান পত্রিকা'র তরফ থেকে, 'কোভিড-১৯ কমিটমেন্ট পুরস্কার' পেলেন হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহর লাল খট্টর। কোভিড-১৯ মহামারির মধ্যেও রাজ্যের অর্থনীতির পুনরুজ্জীবন ও সমাজের সামগ্রিক কল্যাণে অসামান্য অবদান রাখার জন্য এই পুরস্কার পেলেন তিনি।

❑ এবার জ্বালানি ছাড়াই চলবে ট্রেন। বিশ্বে প্রথম এমন ট্রেন তৈরির উদ্যোগ নিল অস্ট্রেলিয়ার লৌহ আকরিক প্রস্তুতকারী সংস্থা 'ফোর্টেসকু'। ট্রেনটির নাম দেওয়া হয়েছে 'ইনফিনিটি ট্রেন'। ২০৩০ সালের মধ্যেই এই ট্রেনের যাত্রা শুরু হয়ে যাবে বলে মনে করা হচ্ছে। ট্রেন ছুটলেই ব্যাটারিতে চার্জ হয়ে যাবে। বিদ্যুৎ উৎপন্ন হবে। আর সেই ব্যাটারিই ছুটিয়ে নিয়ে যাবে ট্রেন। এই ট্রেন চালু হলে যেমন জ্বালানি বাবদ খরচ কমে যাবে, তেমনই পরিবেশ দূষণও কমবে।

❑ ২০২২ সালে 'মলদ্বীপ ক্রীড়া পুরস্কার'এ, মর্যাদাপূর্ণ 'স্পোর্টস আইকন' পুরস্কার পেলেন প্রাক্তন ভারতীয় ক্রিকেটার সুরেশ রায়না। তাঁর কেরিয়ারে বিভিন্ন কৃতিত্বের জন্য তাঁকে এই পুরস্কার দিল মলদ্বীপ সরকার।

❑ ধ্রুব সিতওয়ালাকে হারিয়ে, ২০২২ সালে কাতারের দোহাতে অনুষ্ঠিত ১৯তম 'এশিয়ান ১০০ ইউপি বিলিয়ার্ডস চ্যাম্পিয়নশিপ' জিতলেন ভারতীয় বিলিয়ার্ডস খেলোয়াড় পঙ্কজ আদবানি। সামগ্রিকভাবে এটি আদবানির ২৪ তম আন্তর্জাতিক শিরোপা ও ৮ তম এশিয়ান মুকুট।

❑ ২০২২ সালে 'স্পোর্টস্টার এসেস পুরস্কার'এ 'বর্ষসেরা পুরুষ স্পোর্টস্টার'এর সম্মান পেলেন 'টোকিও অলিম্পিক'এ সোনার পদকজয়ী ভারতীয় জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া। সেইসঙ্গে 'বর্ষসেরা মহিলা স্পোর্টস্টার'এর সম্মান পেলেন 'টোকিও অলিম্পিক'এ রুপোর পদকজয়ী ভারতীয় ভারত্তোলক সাইখোম মীরাবাই চানু।



তুরস্কের উত্তর-পশ্চিমাঞ্চলের দার্দানেলেস প্রণালীতে, বিশ্বের সর্ববৃহৎ ঝুলন্ত সেতুর উদ্বোধন করলেন দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। এই সেতু উদ্বোধনের মধ্যে দিয়ে সংযুক্ত হল ইউরোপ ও এশিয়া। ২,০২৩ মিটার দৈর্ঘ্যবিশিষ্ট এই সেতুটির নাম '১৯১৫ চানাক্কালে'। সেতুটির টাওয়ারগুলি ৩১৮ মিটার উঁচু। তুরস্কের ইউরোপীয় অংশের সঙ্গে এশিয়ার উপকূলের সংযোগ স্থাপনে ১৯১৫ সালে তৈরি এই সেতুর পুনর্নির্মাণে খরচ হয়েছে ২.৫ বিলিয়ন ইউরো। ২০১৭ সালের মার্চে সেতুটির পুনর্নির্মাণের কাজ শুরু হয়।

**২০ মার্চ :** ভারতে, নেপালের রাষ্ট্রদূত হিসাবে মনোনীত হলেন শঙ্কর প্রসাদ শর্মা।

❑ 'ফ্লিপকার্ট হেলথকেয়ার+'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন প্রশান্ত ঝাভেরি।

❑ তামিলনাড়ুর একটি শাস্ত্রীয় সঙ্গীত যন্ত্র 'নরসিংহপেট্টাই নাগাস্বরম' 'জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন' ট্যাগ পেল। 'শ্রেণি ১৫-এর বাদ্যযন্ত্র'এর অধীনে এই ট্যাগ পেল তারা। তামিলনাড়ুর কুম্ভাকোনামের কাছে একটি গ্রামে ঐতিহ্যগতভাবে এই যন্ত্রটি তৈরি করা হয়।

❑ উন্নত মাটির জন্য, দেশের প্রথম রাজ্য হিসাবে কার্বন-নিরপেক্ষ চাষ পদ্ধতি চালু করতে চলেছে কেরালা সরকার। এজন্য ২০২২-'২৩ সালের বাজেটে ৬ কোটি টাকা বরাদ্দ করেছে রাজ্য সরকার। প্রথম ধাপে, রাজ্যের কৃষি বিভাগের অধীনে ১৩টি খামারে ও উপজাতীয় এলাকায় কার্বন-নিরপেক্ষ চাষ কার্যকর করা হবে আর আলুভা রাজ্যের বীজ খামারকে একটি কার্বন-নিরপেক্ষ খামারে রূপান্তরিত করার পদক্ষেপ নেওয়া হচ্ছে। দ্বিতীয় ধাপে, ১৪০টি বিধানসভা কেন্দ্রে মডেল কার্বন-নিরপেক্ষ খামার তৈরি করা হবে।

## এক নজরে
### সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

❑ দেশের প্রথম রাজ্য বিধানসভা হিসাবে, সম্পূর্ণ কাগজবিহীন হওয়ার জন্য জাতীয় ই-বিধান অ্যাপ্লিকেশন প্রোগ্রাম বাস্তবায়ন করে ইতিহাস গড়ল নাগাল্যান্ড। এজন্য রাজ্যের বাজেট অধিবেশনে, ৬০ জন সদস্যের টেবিলে একটি ট্যাবলেট বা ই-বুক সংযুক্ত করেছিল নাগাল্যান্ড বিধানসভা সচিবালয়। যৌথভাবে এই জাতীয় ই-বিধান অ্যাপ্লিকেশনের ব্যায়ভার বহন করবে কেন্দ্রীয় সরকার ও নাগাল্যান্ড সরকার (যথাক্রমে ৯০ : ১০ অনুপাতে)।

❑ 'কন্টিনেন্টাল ইউরোপ সিনক্রোনাস এরিয়া'র সঙ্গে যুক্ত হল ইউক্রেন। এটি একটি বিদ্যুৎ গ্রিড, যা ইউরোপ মহাদেশের বেশিরভাগ অংশ জুড়ে বিস্তৃত। এই পদক্ষেপটি ইউক্রেনকে, শত্রু দেশ রাশিয়ার কাছ থেকে তার পাওয়ার সিস্টেমকে বিচ্ছিন্ন করার সুযোগ দেবে।



কেরালা ব্লাস্টার্স দলকে ১-১ (৩-১ পেনাল্টি শ্যুট-আউটে) ব্যবধানে হারিয়ে, ২০২১-'২২ সালে 'হিরো আইএসএল'এ চ্যাম্পিয়ন হল হায়দরাবাদ এফসি।

❑ কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুসরণ করে, প্রথম 'এক স্টেশন, এক পণ্য' ধারণাটি বাস্তবায়ন করবে 'বিশাখাপত্তনম রেলওয়ে স্টেশন'। স্থানীয় ব্যবসা ও সাপ্লাই চেনকে সাহায্য করার জন্য, ২০২২-'২৩ সালের বাজেটে এই ধারণাটির ঘোষণা করেছিলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। পূর্ব উপকূল রেলওয়ে জোনের প্রথম স্টেশন হিসাবে, প্রাথমিকভাবে ১৫ দিনের জন্য এই ধারণাটি বাস্তবায়ন করবে।

❑ রাজ্যের সব জমির রেকর্ডের ডিজিটালাইজেশনের জন্য, 'দিশাঙ্ক' নামে একটি অ্যাপ চালু করল কর্ণাটকের রাজস্ব বিভাগের 'সার্ভে সেটলমেন্ট অ্যান্ড ল্যান্ড রেকর্ডস'। 'কর্ণাটক স্টেট রিমোট সেন্সিং অ্যাপ্লিকেশনস সেন্টার'এর 'জিওগ্রাফিক্যাল ইনফর্মেশন সিস্টেম' প্রোগ্রামের অধীনে এই অ্যাপটি তৈরি করা হয়েছে। এর ফলে জমির রেকর্ডে স্বচ্ছতা আসবে ও জমি সংক্রান্ত ঝামেলা মিটবে বলে আশা করা হচ্ছে।

❑ ২০২২ সালে ফর্মুলা ওয়ান 'বাহরিন গ্র্যা প্রি' জিতলেন চার্লস লেক্লার্ক (ফেরারি-মোনাকো)।

**২১ মার্চ :** 'রাষ্ট্রসঙ্ঘ'এর উপদেষ্টা বোর্ডের সদস্য হিসাবে মনোনীত হলেন ভারতীয় উন্নয়ন অর্থনীতিবিদ জয়তী ঘোষ।

❑ সর্বসম্মতিক্রমে পঞ্জাব বিধানসভার অধ্যক্ষ হিসাবে মনোনীত হলেন কুলতার সিং সন্ধবান।

❑ ভারতে জলের সমস্যা সমাধানের জন্য, 'অ্যাকোয়াম্যাপ' নামে একটি নতুন আন্তঃবিভাগীয় জল ব্যবস্থাপনা ও নীতি কেন্দ্র তৈরি করল আই.আই.টি মাদ্রাজ। কেন্দ্রীয় সরকারের প্রধান বৈজ্ঞানিক উপদেষ্টা অধ্যাপক কে.রাঘবন এই 'অ্যাকোয়াম্যাপ'এর উদ্বোধন করেন। এছাড়াও 'অ্যাকোয়াম্যাপ'এর ওয়েবসাইটেরও (https://aquamap.iitm.ac.in) উদ্বোধন করা হয়েছে এদিন।

দ্বিতীয়বারের মেয়াদে, মণিপুরের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন এন.বীরেন সিং।



❑ 'কৃত্রিম বুদ্ধিমত্তা' নির্ভর 'পিগ ট্রান্সলেটর' নামে বিশেষ এক ধরনের অ্যালগোরিদম সফটওয়্যার কাজে লাগিয়ে ৪০০ শূকরের ভাষা নির্ভুলভাবে 'ডিকোড' করে সারা বিশ্বকে তাক লাগিয়ে দিলেন ডেনমার্কের বিজ্ঞানীরা। এর মাধ্যমে ৪০০ শূকরের চোদ্দোশোর বেশি অভিব্যক্তিসূচক শব্দ ৯৫% পর্যন্ত নির্ভুলভাবে বিশ্লেষণ করা সম্ভব হয়েছে। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত একটি শূকর যা যা অভিব্যক্তিসূচক শব্দ করে, তা যন্ত্রের মাধ্যমে পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয়েছে। এই এআই ট্রান্সলেটরকে অ্যাপে পরিণত করে পশুপালকদের কাছে পৌঁছে দেওয়া গেলে পশুকল্যাণে ও পশুপালনে বিপ্লব আসবে বলে মনে করা হচ্ছে।

❑ ২৬ মার্চ, হলদিবাড়ি দিয়ে ভারত-বাংলাদেশের মধ্যে যাত্রীবাহী ট্রেন চলাচল শুরু হতে চলেছে। 'মিতালি এক্সপ্রেস' নামে এই ট্রেন যাত্রার সূচনা হচ্ছে বাংলাদেশের রাজধানী শহর ঢাকা থেকে। শিলিগুড়ির এনজেপি থেকে হলদিবাড়ি চিলাহাটি হয়ে ঢাকা যাবে এই ট্রেনটি। ৫ দশকেরও বেশি সময় পর প্রতিবেশী দুই দেশের মধ্যে এই পথে যাত্রীবাহী ট্রেন পরিষেবা চালু হচ্ছে।

❑ ভ্রমনপিপাসু ট্রেকার ও পর্বতারোহীদের সুবিধার্থে, এবার 'মাউন্ট এভারেস্ট'এ বসতে চলেছে বিশ্বের সর্বোচ্চ সেল ফোন টাওয়ার। মাউন্ট এভারেস্টের বেস ক্যাম্পে বসতে চলেছে এই টাওয়ার, যেখানে ৫,২০০ মিটার উচ্চতা পর্যন্ত দ্রুত গতির ৪জি ইন্টারনেট সংযোগ মিলবে। নেপালের একটি বেসরকারি টেলিকমিউনিকেশন কোম্পানি 'এনসেল' এই টাওয়ার তৈরি করবে। এভারেস্টের অন্তত ৫টি স্থানে বেস ট্রান্সসিভার স্টেশন বসানো হবে, যার উচ্চতা সমুদ্রপৃষ্ঠ থেকে শুরু করে ৩,৮৩০ বা ৫,২০৪ মিটার পর্যন্ত করার পরিকল্পনা নেওয়া হয়েছে।




বিশ্বের সর্বকনিষ্ঠ ও দ্রুততম মহিলা সাঁতারু হিসাবে, পক প্রণালী অতিক্রম করে নজির গড়লেন মুম্বইয়ের প্রতিবন্ধী সাঁতারু জিয়া রাই। মাত্র ১৩ বছর ১০ মাস বয়সে, তালাইমান্নার (শ্রীলঙ্কা) থেকে ধনুসকোডি (তামিলনাড়ু) পর্যন্ত, ২৯ কিলোমিটার দূরত্ব ১৩ ঘন্টা ১০ মিনিটে অতিক্রম করেছেন তিনি। এর আগের নজিরটি ছিল ভুলা চৌধুরির দখলে, যিনি ২০০৪ সালে ১৩ ঘন্টা ৫২ মিনিট দূরত্ব অতিক্রম করেছিলেন।

❑ উন্নয়নের ক্ষেত্রে এক মাইলফলক স্পর্শ করল বাংলাদেশ। এদিন, দেশে ১০০% বিদ্যুতায়ন সম্পূর্ণ হয়েছে বলে ঘোষণা করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই মুহূর্তে বাংলাদেশে প্রতিটি ঘর আলোকিত। চিনের সহযোগিতায় পটুয়াখালির পায়রার কলাপাড়ায় বাংলাদেশের সর্ববৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধনে একথা জানান তিনি। ১,৩২০ মেগাওয়াট ক্ষমতার এই কেন্দ্রটি দেশের গ্রীষ্মকালীন বিদ্যুৎ চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

❑ প্রথম প্যারা-অ্যাথলিট হিসাবে, দেশের তৃতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার 'পদ্ম ভূষণ' পেলেন জ্যাভলিন থ্রোয়ার দেবেন্দ্র ঝাঝারিয়া। 'রাষ্ট্রপতি ভবন'এ প্রেসিডেন্ট রামনাথ কোবিন্দের কাছ থেকে এই পুরস্কার নিয়েছেন তিনি। এথেন্সে ২০০৪ সালের প্যারালিম্পিকে প্রথম সোনার পদক-সহ অনেক প্যারালিম্পিক পদক পেয়েছেন তিনি।

☞এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## কেন্দ্রীয় সংস্থায় ১৬ ডিপ্লোমা ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রিক্যাল)' ও 'ডিপ্লোমা ট্রেনি (সিভিল)' পদে ১৬ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) :** পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (পাওয়ার), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং বা, পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) ট্রেডের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৭০% (তপশিলী উপজাতি হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২৫,০০০-১,১৭,৫০০ টাকা। শূন্যপদ : লাদাখ রিজিয়নে ৯টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। কাশ্মীর রিজিয়নে ৫টি (জেনাঃ)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। পোস্ট আই.ডি. : লাদাখে 01, কাশ্মীরে 03.

**ডিপ্লোমা ট্রেনি (সিভিল) :** পলিটেকনিক থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৭০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২৫,০০০-১,১৭,৫০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)। পোস্ট আই.ডি. : 02.

সব পদের বেলায় বয়স হতে হবে ২০-৪-২০২২'র হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : NRTS-II/2022/01/DT., Date: 21.3.2022.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে শ্রীনগর, জম্মু ও চন্ডীগড়ে, জুন মাস নাগাদ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.powergrid.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেজিস্ট্রেশন সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৩০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর ওয়েবসাইট থেকে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটেই পাবেন।

## কলকাতা পুরনিগমে ১০৭

১ পাতার পর

পায়ে চালানো ভ্যান, ব্যাটারিচালিত হাইড্রলিক ডাম্পার্স ও অটো ট্রিপার ট্রাক চালনায় দক্ষতা থাকতে হবে। পে লেভেল -I. শূন্যপদ : ১০৪টি (জেনাঃ ৪, জেনাঃ মেধাবী খেলোয়াড় ৭, জেনাঃ প্রাঃসঃকঃ ২৪, জেনাঃ প্রতিবন্ধী ১, তঃজাঃ ৫, তঃজাঃ প্রাঃসঃকঃ ২৫, তঃউঃজাঃ প্রাঃসঃকঃ ১২, ও.বি.সি.-এ ক্যাটেগরি প্রাঃসঃকঃ ১২, ও.বি.সি. - বি ক্যাটেগরি ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি প্রাঃসঃকঃ ১২)। এই পদের Advertisement No. 4 of 2022.

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। এজন্য প্রথমে লেখা ও পড়ায় দক্ষতা দেখা হবে। তারপর ফিল্ড টেস্ট। এই টেস্টে আবর্জনা সরানো, লোডিং-আনলোডিং সংক্রান্ত কাজের পরীক্ষা করা হবে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২০০ ( তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০) টাকা জমা দেবেন অনলাইন মেথডে (through Indiaideas.com Limited -Bill Desk) এ। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ১৭ স্টেনো

১ পাতার পর

উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি শর্টহ্যান্ড ও টাইপিংয়ে মিনিটে অন্তত যথাক্রমে ১২০টি ও ৩০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট ও কম্পিউটারে সন্তোষজনক ফিঙ্গারিং স্পিড থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর আর প্রতিবন্ধীরা ৪৫ বছর বয়স পর্যন্ত ছাড় পাবেন। মূল মাইনে : ২৮,৯০০-৭৪,৫০০ টাকা। শূন্যপদ : ১৭টি। এর মধ্যে সাম্প্রতিক শূন্যপদ ১৪টি (জেনা: ৪, জেনাঃ ই.সি. ২, জেনাঃ প্রতিবন্ধী ১, তঃজাঃ -২, তঃউঃজাঃ ১, তঃজাঃ ই.সি. ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ই.সি. ১, ও.বি.সি. -বি ক্যাটেগরি ১)। প্রত্যাশিত শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, জেনাঃ ই.সি. ১, তঃজাঃ ১)। এই পদের বিজ্ঞপ্তি : No 1582-RG, Dated, Calcutta, March 22, 2022.

দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের শর্টহ্যান্ড টেস্টে ডাকা হবে। মিনিটে ১২০টি শব্দ তোলার গতিতে এই টেস্ট হবে। এরপর ওই ম্যাটারটি ৪৫ মিনিটে ট্রান্সক্রাইব করতে হবে। এরপর মিনিটে ৩০টি শব্দ তোলার গতিতে কম্পিউটার টেস্ট হবে। কবে কোথায় পরীক্ষা হবে তা কল লেটার পাঠিয়ে জানানো হবে।

দরখাস্ত করবেন সাধারণ 'A-4 (8.5X14 ইঞ্চি)' মাপের কাগজে, নির্দিষ্ট বয়ান টাইপিং করে বা, নিজে হাতে লিখে। এছাড়াও বয়ান পাবেন এই ওয়েবসাইটে : www.calcuttahighcourt.nic.in

পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) জন্ম-তারিখের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল, (২) শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল, (৩) কম্পিউটার যোগ্যতা, শর্টহ্যান্ড ও টাইপিংয়ের গতি থাকার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) তপশিলী, ও.বি.সি.'রা দেবেন কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৫) নিজের নাম-ঠিকানা লেখা ও ৪৫ টাকার ডাকটিকিট সাঁটা ২৫×১১ সেমি মাপের একটি খাম, (৬) এখনকার তোলা ও নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো (১ কপি দরখাস্তের ওপরের ডান কোণে সেঁটে ও আরেক কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (৭) ৮০০ (তপশিলী হলে ৩০০) টাকার পোস্টাল অর্ডার। 'The Registrar General, High Court, Calcutta'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'G.P.O. at Calcutta'. দরখাস্ত-ভরা খামের ওপর পদের নাম ও ক্যাটেগরি লিখবেন। দরখাস্ত পৌঁছনো চাই ১২ এপ্রিলের মধ্যে। এই ঠিকানায় : The Registrar General, High Court at Calcutta, Appellate Side, Calcutta-700 001.

## ব্যাঙ্কে ১৫৯ ম্যানেজার

১ পাতার পর

ঝাড়খন্ডে ৩টি, বিহারে ৭টি, অসমে ৪টি।

প্রাথমিকভাবে দরখাস্ত বাছাই করে প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। তখন প্রার্থী বাছাইয়ের অন্যান্য পদ্ধতি অনুযায়ী বাছাই করা হবে। তারপর মেধা তালিকা তৈরি হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.bankofbaroda.in/career.htm এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৬০০ (তপশিলী, প্রতিবন্ধী ও মহিলা হলে ১০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## কলকাতা পুর নিগমে ৩ পরিবেশবন্ধু

কলকাতা পুর নিগমে কাজের জন্য 'পরিবেশবন্ধু' পদে ৩ জন লোক নিচ্ছে।

সব পদই প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। শূন্যপদের মধ্যে ও.বি.সি. -বি ক্যাটেগরি ১টি, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১টি, তঃউঃজাঃ ১টি। এই পদের বিজ্ঞপ্তি নং : 5 of 2022.

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

চাকরির পরীক্ষার গাইড

# অ্যারিথমেটিক

1. A man can row $9\frac{1}{3}$ km/hour in still water and he finds that it takes him thrice as much time to row up than as to row down the same distance in river. What is the speed of current ?

(1) $3\frac{1}{3}$ km/hour (2) $3\frac{1}{9}$ km/hour (3) 14km/hour (4) $4\frac{2}{3}$ km/hour (5) None of these

2. The batting average for 40 innings of a cricket player is 50 runs. His highest score exceeds his lowest score by 172 runs. If these two innings are excluded, the average of the remaining 38 innings is 48. What was his highest score?

(1) 172 (2) 173 (3) 174 (4) 176 (5) None of these

3. Average temperature during a certain week was 34°C. Average temp. for Sunday, Monday, Tuesday and Wednesday was 30°C and the average temp. for Wednesday, Thursday, Friday and Saturday was 40°C. What was the temp. on Wednesday?

(1) 26°C (2) 30°C (3) 34°C (4) 42°C (5) None of these

4. The sum of three numbers is 98. If the ratio of the first to the second is 2 : 3 and that of the second to the third is 5:8, then what is the second number?

(1) 20 (2) 30 (3) 48 (4) 58 (5) None of these

5. A man plants 15625 apple trees in his garden and arranges them so that there are as many rows as there are apple trees in the row. What is the number of rows?

(1) 125 (2) 85 (3) 105 (4) 135 (5) None of these

6. The sum of two numbers is 528 and their H.C.F. is 33. What is the number of pairs of numbers satisfying the above condition?

(1) 16 (2) 12 (3) 8 (4) 4 (5) None of these

7. What is the value of $\frac{\sqrt{81}}{\sqrt{.09}}$ ?

(1) 3 (2) 0.3 (3) 30 (4) 300 (5) None of these

8. A school has only three classes which contain 40, 50 and 60 students respectively. The pass percentages of these classes are 10, 20 and 10 respectively. What is the pass percentage of the school?

(1) $13\frac{1}{3}$% (2) 15% (3) $16\frac{2}{3}$% (4) 20% (5) None of these

9. A and B invested in a trade. They earned some profit which they divided in the ratio 2 :3 of their investment. If A invested Rs. 40, then what is the amount invested by B ?

(1) Rs. 30 (2) Rs.60 (3) Rs. 90 (4) Rs. 100 (5) None of these

10. The height and the radius of the base of a cone are each increased by 100%. The volume of the new cone becomes how many times of the volume of the original cone?

(1) eight times (2) six times (3) four times (4) three times (5) None of these

11. A man sells 2 horses at the same price. On one he makes a profit of 10% and on the other he loses 10%. On the whole he

(1) makes no profit no loss (2) makes a profit of 1% (3) suffers a loss of 1% (4) suffers a loss of 2% (5) None of these

12. A man gains 10% by selling a certain article for a certain price. If he sells it at double the price, the profit made is

(1) 20% (2) 60% (3) 100% (4) 120% (5) None of these

13. The difference in simple and compound interest on a certain sum of money in 2 year at 15% per annum is Rs. 144. What is the sum (in Rs.)?

(1) 6,000 (2) 6,200 (3) 6,300 (4) 6,400 (5) None of these

14. Water expands $9\frac{1}{11}$ % of its volume as it freezes into ice. The cubic metres of ice which can be obtained from 55 cubic metres of water is

(1) 50 (2) 60 (3) 80 (4) 75 (5) None of these

15. In an examination, 1100 boys and 900 girls appeared. 50% of the boys and 40% of the girls passed the examination. The percentage of candidates failed is

(1) 45.0 (2) 45.5 (3) 54.5 (4) 59.2 (5) None of these

16. A sum of Rs. 1,750 is divided into two parts such that the interests on the first part at 8% simple interest per annum and that on the other part at 6% simple interest per annum are equal. The interest on each part (In rupees) is

(1) 60 (2) 65 (3) 70 (4) 40

17. The simple interest on a sum after 4 years is $\frac{1}{5}$ of the sum. The rate of interest per annum is

(1) 4% (2) 5% (3) 6% (4) 8%

18. Three solid spheres of a metal whose radii are 1 cm, 6 cm and 8 cm are melted to form an other solid sphere. The radius of this new sphere is

(1) 10.5 cm (2) 9.5 cm (3) 10 cm (4) 9 cm

19. The average monthly income of A and B is Rs. 14,000, that of B and C is Rs. 15,600 and A and C is Rs. 14,400. The monthly income of C is

(1) Rs. 16,000 (2) Rs. 15,000 (3) Rs. 14,000 (4) Rs. 15,500

20. The average of first three numbers is thrice the fourth number. If the average of all the four numbers is 5, then find the fourth number.

(1) 4.5 (2) 5 (3) 2 (4) 4

21. The average age of eleven players of a cricket team decreases by 2 months when two new players are included in the team replacing two players of ages 17 years and 20 years. The average age of new players is

(1) 17 years 1 month (2) 17 years 7 months (3) 17 years 11 months (4) 18 years 3 months

22. The ratio of the number of students in three classes is 2 : 3 : 5. If 20 students are increased in each class, the ratio becomes 4 : 5 : 7, what was the total number of students before the increase?

(1) 10 (2) 90 (3) 100 (4) 110

23. By which smallest number should 20184 be multiplied so that it becomes a perfect square?

(1) 2 (2) 3 (3) 5 (4) 6

24. If the expenditure of gas on burning 6 burners for 6 hours a day for 8 days is Rs. 450, then how many burners can be used for 10 days at 5 hours a day for Rs. 625?

(1) 12 (2) 16 (3) 4 (4) 8

25. A sum of Rs. 1240 is distributed among A, B and C such that the ratio of amount received by A and B is 6 : 5 and that of B and C is 10 : 9 respectively. Find the share of C.

(1) Rs. 480 (2) Rs. 360 (3) Rs. 400 (4) Rs. 630

26. $\frac{1}{5}+\frac{1}{5^2}+\frac{1}{5^3}+\frac{1}{5^4}=?$

(1) $\frac{249}{1000}$ (2) $\frac{249}{10000}$ (3) $\frac{0.2496}{1000}$ (4) $\frac{2496}{10000}$

27. The value of $3\frac{1}{3} \div 2\frac{1}{2}$ of $7\frac{1}{4}$ is

(1) $\frac{16}{87}$ (2) $\frac{15}{87}$ (3) $\frac{13}{87}$ (4) $\frac{14}{87}$

28. If $x=\sqrt{2+\sqrt{2+\sqrt{2+}}}$ ..... then value of x is

(1) 2 (2) 1 (3) 3 (4) 5

29. $\frac{(0.35)^2-(0.03)^2}{0.19}$ is equal to

(1) 1.02 (2) 0.32 (3) 0.64 (4) 0.50

30. If $2^{x+4}-2^{x+2}=3$, then x is equal to

(1) 2 (2) 3 (3) − 3 (4) − 2

31. The L. C. M. and H. C. F. of the length and breath of a rectangle are 60 and 4 metre respectively. If the breath is 3/4th of its length what is the length of the rectangle?

(1) 30m. (2) 20m. (3) 24m. (4) 18m.

32. 14 Workers can produce 1400 toys in 5 days. After one day's work 14 more workers joined them. In how many days can they together produce the remaining toys?

(1) 3 days (2) 2 days (3) 1 days (4) None

33. If three-fifth of a number is 420, what will be half of that number?

(1) 340 (2) 345 (3) 350 (4) 360

34. Kumarendra Tiwari borrowed a certain amount at 6% per annum simple interest for 9 years. After 9 years, he returned Rs. 8,470, then find out what amount did he borrow.

(1) Rs. 5,500 (2) Rs. 5,400 (3) Rs. 5,200 (4) Rs. 5,000

## সেকেন্ডে উত্তরের কৌশল

1(4). 2(3). 3(4). $30\times4+40\times4-34\times7=120+160-238=42$. 4(2). প্রশ্নানুযায়ী, $x+y+z=98$ ও $\frac{x}{y}=\frac{2}{3}$, $\frac{y}{z}=\frac{5}{8}$. তাহলে y = 30. 5(1). $\sqrt{15625}=125$. 6(4). এই দুই শর্ত পূরণ করতে পারে এমন জোড় হবে এই 4টি : (33,495), (99,429), (165,363) ও (231,297). 7(3). $\frac{9}{0.3}=30$. 8(1). 150 জন ছাত্রের মধ্যে পাশ করেছে 4 + 10 + 6 = 20 জন। তাহলে পাশের শতকরা হার = $\frac{20}{150}\times100=13\frac{1}{3}\%$. 9(2). লাভ যেহেতু 2 : 3 অনুপাতে ভাগ হবে, তাই বিনিয়োগের অনুপাতও হবে, 2 : 3. এবার B-র বিনিয়োগ x টাকা হলে, $\frac{x}{40}=\frac{3}{2}$ বা, x = 60. 10(1). $\frac{1}{3}\pi(2r)^2\times2h=8\frac{1}{3}\pi r^2h$. 11(3). 12(3). 13(4). 14(2). $\frac{55}{100}\times109\frac{1}{11}=60$. 15(3). 2000 জন ছাত্রের মধ্যে, পাশ করেছে 550+360 = 910 জন ছাত্র-ছাত্রী ও ফেল করেছে 1090 জন। তাহলে ফেল করা ছাত্র-ছাত্রীদের শতকরা হার হবে, $\frac{1090}{2000}\times100=54.5\%$. 16(1). প্রথম ও দ্বিতীয় অংশের আসলের অনুপাত 6 : 8 = 3 : 4. তাহলে প্রতিটি অংশের সুদ $\left(\frac{1750}{7}\times3\times\frac{8}{100}\right)$ টাকা = 60 টাকা। 17(2). সরল সুদে 4 বছরে 5 টাকায় সুদ হয় 1 টাকা। তাহলে সুদের হার হল $\left(\frac{1}{5\times4}\times100\right)=5\%$. 18(4). বড় গোলকের ব্যাসার্ধ হবে $\sqrt[3]{1^3+6^3+8^3}=9$ সেন্টিমিটার। 19(1). A, B ও C-র মোট মাসিক আয় (14,000+15,600+14,400) = 44,000 টাকা। তাহলে C-র মাসিক আয় হল {44,000−(14000×2)} টাকা বা, 16,000 টাকা। 20(3). চতুর্থ সংখ্যাটি হল $\frac{5\times4}{(3\times3)+1}=2$. 21(2). নতুন দু'জন খেলোয়াড়ের মোট বয়স { $(20+17)-\frac{2\times11}{12}$ } বছর = 35 বছর 2 মাস। তাহলে নতুন দু'জনের গড় বয়স হবে $\frac{35\quad2}{2}$ = 17 বছর 7 মাস। 22(3). 20 জন করে বাড়ায় নতুন অনুপাত আগের অনুপাতের থেকে প্রতিটি 2 করে বেড়েছে। তাহলে আগের ছাত্র সংখ্যা হল $\frac{20}{2}\times(2+3+5)$ বা, 100 জন। 23(4). $20184=2^2\times29^2\times2\times3$. তাহলে সংখ্যাটি বর্গ করতে (2×3) বা, 6 দিয়ে গুণ করতে হবে। 24(4). বার্ণার লাগবে $6\times\frac{6}{5}\times\frac{8}{10}\times\frac{625}{450}$ বা, 8 টি। 25(2). $\frac{A}{B}=\frac{6\times2}{5\times2}=\frac{12}{10}$, $\frac{B}{C}=\frac{10}{9}$. তাহলে A : B : C = 12 : 10 : 9. তাহলে C পাবে $1{,}240\times\frac{9}{(12+10+9)}$ বা, 360 টাকা। 26(4). $\frac{1}{5}+\frac{1}{5^2}+\frac{1}{5^3}+\frac{1}{5^4}=\frac{5^3+5^2+5+1}{5^4}=\frac{125+25+5+1}{625}=\frac{156}{625}=0.2496=\frac{2496}{10000}$. 27(1). $3\frac{1}{3}\div2\frac{1}{2}$ এর $7\frac{1}{4}=\frac{10}{3}\div\frac{5}{2}$ এর $\frac{29}{4}=\frac{10}{3}\div\frac{145}{8}=\frac{10}{3}\times\frac{8}{145}=\frac{16}{87}$

28(1). $x=\sqrt{2+\sqrt{2+\sqrt{2+\ldots\ldots}}}$. উভয় পক্ষের বর্গ করে পাই, $x^2=2+\sqrt{2+\sqrt{2+\sqrt{2+\ldots\ldots}}}$ বা, $x^2=2+x$ বা, $x^2-x-2=0$ বা, $x^2-(2-1)x-2=0$ বা, $x^2-2x+x-2=0$ বা, $x(x-2)+1(x-2)=0$ বা, $(x-2)(x+1)=0$ তাহলে $x-2=0$ বা, x = 2 [তাহলে, $x\neq-1$]. 29(3). $\frac{(0.35)^2-(0.03)^2}{0.19}=\frac{(0.35+0.03)(0.35-0.03)}{0.19}=\frac{0.38\times0.32}{0.19}=0.64$

30(4). $2^{x+4}-2^{x+2}=3$ বা, $2x^{x+2}(2^2-1)=3$ বা, $2^{x+2}=\frac{3}{3}=1$ বা, $2^{x+2}=2^0$ বা, x+2 = 0 বা, x = −2. 31(2). 32(2). 5−1 = 4 দিন ও 14+4 = 18 জন কর্মী। তাহলে (14×4)÷28 = 2 দিন। 33(3). সংখ্যাটি x হলে $\frac{3}{5}x=420$ বা, x = (420×5)÷3=140×5 = 700 ও তার অর্ধেক হল 350. 34(1). মূল টাকা 100 হলে 9 বছরে 6% সুদে, সরল সুদ হবে 6×9 = 54 টাকা ও সুদ-আসল হবে 154. এবার সুদ-আসল 8,470 হলে আসল হবে (8,470×100) ÷154 = 5,500 টাকা।

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সিকিউটিভ) পদের প্রিলিমিনারি পরীক্ষা জুন মাসের তৃতীয় সপ্তাহ নাগাদ হবে। অর্থাৎ হাতে আর মাত্র কয়েক মাস। প্রত্যেকটি বড় পরীক্ষার আগেই ওই পরীক্ষা নিয়ে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে, তাতে সবাই 'লাস্ট মিনিট সাজেশন' দেওয়ার অনুরোধ করেন। মিসলেনিয়াস প্রিলি. পরীক্ষা, ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষা, ক্লার্কশিপ, আই.সি.ডি.এস, নার্সিং, রেলের NTPC অর্থাৎ, সব বড় পরীক্ষাতেই 'কর্মসংস্থান'এ প্রকাশিত প্রশ্নোত্তরের সেট থেকে অনেক প্রশ্ন সরাসরি কমন এসেছে। এছাড়াও ২০২০ ও ২০২১ পরপর ২ বছরের WBCS পরীক্ষায় প্রিলিমিনারি পর্যায়ে অনেক প্রশ্ন হুবহু কমন এসেছে। সেইজন্যই হয়তো এতো অনুরোধ। তাই আমাদের লাখ-লাখ পাঠক-পাঠিকাদের অনুরোধ মাথায় রেখে এবছর প্রিলিমিনারি পরীক্ষায় ঠিক যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১৫০টি প্রশ্নের উত্তর নিয়ে আলোচনা করলেন ডব্লু.বি.সি.এস অফিসার নির্মল চন্দ্র ঘোষ।



# W.B.C.S প্রিলিমিনারি পরীক্ষা

1. সরীসৃপ ও স্তন্যপায়ীর মধ্যে সংযোগরক্ষাকারী প্রাণী কোনটি?
(A) পেরিপেটাস (B) লাংফিস
(C) হংসচঞ্চু প্লাটিপাস (D) আর্কিওপটেরিক্স

2. জিন প্রযুক্তি সৃষ্ট প্রথম হরমোন কোনটি?
(A) ইস্ট্রোজেন (B) টেস্টোস্টেরন (C) থাইরক্সিন (D) ইনসুলিন

3. কোন উপাদান রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?
(A) ভিটামিন A (B) ভিটামিন D
(C) ফোলিক অ্যাসিড (D) ভিটামিন K

4. কোন উষ্ণতায় সেলসিয়াস ও ফারেনহাইট স্কেলের পাঠ এক হয়?
(A) +40° (B) +20° (C) −20° (D) −40°

5. অপটিক্যাল ফাইবারের কার্যনীতি কী?
(A) প্রতিসরণ (B) অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন
(C) প্রতিফলন (D) বিক্ষেপ

6. মানুষের স্বাভাবিক রক্ত কেমন?
(A) আম্লিক (B) ক্ষারীয় (C) প্রশমিত (D) পরিবর্তনশীল

7. তড়িৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করে কোনটি?
(A) থার্মোস্ট্যাট (B) মোটর (C) ডায়নামো (D) রেকটিফায়ার

8. নারকেলের কোন অংশ আমরা খাই?
(A) ফলের ত্বক (B) শস্য (C) বীজপত্র (D) ভ্রূণ

9. ঘুমের ওষুধ তৈরিতে নীচের কোনটি ব্যবহৃত হয়?
(A) কলিচুন (B) অ্যামোনিয়াম সালফেট
(C) ইউরিয়া (D) সোডিয়াম কার্বোনেট

10. জার্মান সিলভারে কোন কোন ধাতু থাকে?
(A) তামা, নিকেল, রুপো (B) রুপো, দস্তা, তামা
(C) দস্তা, তামা, নিকেল (D) রুপো, অ্যালুমিনিয়াম, দস্তা

11. দন্ত চিকিৎসকরা দাঁত তোলার সময় অবশ করার জন্য কোন রাসায়নিকটি ব্যবহার করেন?
(A) ক্যালসিয়াম ক্লোরাইড (B) টাইটেনিয়াম ডাই অক্সাইড
(C) সোডিয়াম বাই কার্বনেট (D) ক্যালসিয়াম ফ্লুরাইড

12. এলপিজি সিলিন্ডারে থাকে —
(A) বিউটেন ও আইসোবিউটেন (B) বিউটেন ও প্রোপেন
(C) আইসোবিউটেন ও প্রোপেন (D) বিউটেন, আইসোবিউটেন ও প্রোপেন

13. উষ্ণতা বাড়লে নীচের কোন ধাতুটির রোধ কমে যায়?
(A) তামা (B) লোহা (C) সিলিকন (D) পারদ

14. বৃষ্টির ফোঁটা বৃত্তকার হওয়ার কারণ কি?
(A) পৃষ্ঠটান (B) সান্দ্রতা
(C) অতিরিক্ত চাপ (D) পীড়ন

15. পেট্রোলের রাসায়নিক নাম কী?
(A) ইথার (B) গ্যাসোলিন (C) ইথিলিন (D) ডিজেল

16. কাপড় কাচার সোডা হল—
(A) সোডিয়াম হাইড্রক্সাইড (B) সোডিয়াম কার্বোনেট
(C) ক্যালসিয়াম কার্বোনেট (D) সোডিয়াম বাইকার্বোনেট

17. মানবদেহে কোন ভিটামিন সরাসরি সংশ্লেষিত হয়?
(A) A (B) D (C) C (D) K

18. নীচের কোন নিষ্ক্রিয় গ্যাস বায়ুমণ্ডলে পাওয়া যায় না?
(A) জেনন (B) অর্গন (C) হিলিয়াম (D) রেডন

19. ফল পাকাতে কোন গ্যাস ব্যবহার করা হয়?
(A) কার্বনডাই অক্সাইড (B) ইথিলিন (C) নাইট্রোজেন (D) হাইড্রোজেন

20. বৈদ্যুতিক বাতির ফিলামেন্ট কিসের তৈরি?
(A) টাংস্টেন (B) গ্রাফাইট (C) প্লাটিনাম (D) তামা

21. $E = MC^2$ সমীকরণে C কী প্রকাশ করে?
(A) তড়িৎ প্রবাহকে (B) ধারকত্বকে
(C) শূন্য মাধ্যমে আলোর বেগকে (D) যেকোনো ধ্রুবককে

22. দাঁড়িয়ে থাকা ট্রেন চলতে শুরু করার সঙ্গে সঙ্গে ট্রেনের যাত্রীরা উল্টোদিকে ঝুঁকে যাওয়ার কারণ কী?
(A) গতিজাড্য (B) স্থিতিজাড্য (C) উভয় (D) কোনোটিই নয়

23. নীচের কোনটি ভাইরাসঘটিত রোগ নয়?
(A) ইনফ্লুয়েঞ্জা (B) টিটেনাস (C) চিকেন পক্স (D) হাম

24. মানবদেহের নিউক্লিয়াসে ক্রোমোজোমের সংখ্যা কত?
(A) 44 (B) 48 (C) 46 (D) 23

25. বর্ণালী সৃষ্টির কারণ কী?
(A) আলোর বিচ্ছুরণ (B) আলোর প্রতিফলন (C) আলোর প্রতিসরণ (D) আলোর আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন

26. মুঘল ভারতে কে 'জিন্দাপীর' নামে অভিহিত ছিলেন?
(A) বাবর (B) আকবর (C) শাহজাহান (D) ঔরঙ্গজেব

27. মেগাস্থিনিস কে ছিলেন?
(A) সেলুকাসের দূত (B) চন্দ্রগুপ্ত মৌর্যের প্রধানমন্ত্রী
(C) গ্রিক পরিব্রাজক (D) চিনা পরিভ্রমণকারী

28. লক্ষ্মণ সেনের আমলে কোন মুসলমান আক্রমণকারী বাংলা জয় করেছিলেন?
(A) মহম্মদ ঘোরি (B) বখতিয়ার খিলজী (C) কুতুব-উদ-দ্বীন আইবক (D) ইলতুৎমিস

29. সাতবাহন রাজাদের সময় একটি উল্লেখযোগ্য বন্দর কোনটি ছিল?
(A) সোপারা (B) তাম্রলিপ্ত (C) কালিকট (D) কোচিন

30. নীচের কে 'দীন-ই-ইলাহী'র সদস্য হন?
(A) রাজা মান সিং (B) টোডরমল (C) তানসেন (D) রাজা বীরবল

31. 'দাস' কী?
(A) শেরশাহ প্রবর্তিত তামার মুদ্রা (B) আকবর প্রবর্তিত তামার মুদ্রা (C) শাহজাহান প্রবর্তিত তামার মুদ্রা (D) ঔরঙ্গজেব প্রবর্তিত তামার মুদ্রা

32. সিন্ধু সভ্যতায় কোনটি একটি বড় বন্দর ছিল?
(A) লোথাল (B) কালিবংগান (C) চানহুদারো (D) মেহেরগড়

33. আমীর খসরু কার সভাকবি ছিলেন?
(A) বলবন (B) আলা-উদ-দ্বীন খিলজি (C) গিয়াস-উদ-দ্বীন তুঘলক (D) আকবর

34. 'হুমায়ুন-নামা' কার রচনা?
(A) আবুল ফজল (B) ফৈজী (C) বাদাওনি (D) গুলবদন বেগম

35. 'আর্য' শব্দের অর্থ কী?
(A) চাষ করা (B) জাতি বিশেষ (C) গোচারণভিত্তিক সমাজ (D) ব্রহ্মচারী

36. কোন বিদেশিদের সঙ্গে রাজা কৃষ্ণদেব রায় সুসম্পর্ক বজায় রেখেছিলেন?
(A) ফরাসি (B) ব্রিটিশ (C) পর্তুগিজ (D) দিনেমার

**প্রিলিমিনারি পরীক্ষায় মোট ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হয়। এইসব বিষয়ে : (১) জেনারেল ইংলিশ, (২) জেনারেল সায়েন্স, (৩) কারেন্ট অ্যাফেয়ার্স, (৪) ভারতের ইতিহাস, (৫) ভারতের ভূগোল, (৬) ভারতের রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি। প্রতিটি পার্টে থাকবে ২৫টি করে প্রশ্ন। সময় আড়াই ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হয়।**

37. ঋগ্বেদের গায়ত্রী মন্ত্র কার উদ্দেশ্যে রচিত হয়েছিল?
(A) ইন্দ্র (B) অগ্নি (C) সাবিত্রী (D) উষা

38. 'রাজতরঙ্গিনী' অনুযায়ী অশোকের প্রিয় দেবতা কে ছিলেন?
(A) শিব (B) বিষ্ণু (C) বাসুদেব (D) বুদ্ধ

39. সর্বশেষ তীর্থঙ্করের নাম কী?
(A) পার্শ্বনাথ (B) মহাবীর (C) সিদ্ধার্থ (D) শীলভদ্র

40. শেখ নাসিরউদ্দিন চিরাগ কোন সুফী সংগঠনের সদস্য ছিলেন?
(A) সুরাবর্দি (B) চিস্তি (C) কাদরি (D) নাসবন্দী

41. বক্সারের যুদ্ধের সময় মুঘল সম্রাট কে ছিলেন?
(A) ফারুখশিয়র (B) ঔরঙ্গজেব (C) দ্বিতীয় শাহ আলম (D) দ্বিতীয় বাহাদুর শাহ

42. নীচের দাস বংশীয় কোন সুলতান দাস ছিলেন না?
(A) কুতুব-উদ-দ্বীন আইবক (B) সুলতানা রাজিয়া (C) ইলতুৎমিস (D) বলবন

43. বুদ্ধের সমসাময়িক বিশিষ্ট চিকিৎসক কে ছিলেন?
(A) কৌটিল্য (B) নচিকেতা (C) চরক (D) জীবক

44. 'পদ্মাবৎ' গ্রন্থের লেখক কে?
(A) জইনুল আবেদিন (B) হুসেন শাহ (C) মালিক মুহাম্মদ জয়সি (D) চাঁদ বরদৈ

45. কোন শিলালেখে কলিঙ্গ যুদ্ধের উল্লেখ পাওয়া যায়?
(A) ত্রয়োদশ শিলালেখে (B) দ্বাদশ শিলালেখে (C) ভাব্রু শিলালেখে (D) অষ্টম শিলালেখে

46. কোন রাজা 'বিক্রমশিলা বিশ্ববিদ্যালয়' স্থাপন করেছিলেন?
(A) ধর্মপাল (B) দেবপাল (C) রামপাল (D) গোপাল

47. তামিল 'কুরাল' সাহিত্যের উন্নতি হয়েছিল কোন যুগে?
(A) রাষ্ট্রকূট (B) পল্লব (C) চোল (D) চালুক্য

48. ভারতের প্রথম আফগান শাসক কে?
(A) বহলুল লোদী (B) খিজির খাঁ (C) শেরশাহ সূরি (D) সিকন্দর লোদি

49. কাকে 'সুলতানি আমলের আকবর' বলা হয়?
(A) ফিরোজ তুঘলক (B) ইলতুৎমিস (C) বলবন (D) আলাউদ-উদ-দ্বীন খিলজি

50. কোন মুঘল সম্রাট আগ্রা থেকে দিল্লিতে রাজধানী স্থানান্তরিত করেন?
(A) জাহাঙ্গির (B) শাহজাহান (C) বাহাদুর শাহ (D) ঔরঙ্গজেব

51. 'যুগান্তর' পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন?
(A) বারীন্দ্র কুমার ঘোষ (B) বিপিনচন্দ্র পাল (C) যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় (D) উল্লাস কর দত্ত

52. 'স্বরাজ্য দল' কবে প্রতিষ্ঠিত হয়?
(A) 1922 (B) 1925 (C) 1930 (D) 1941

53. বাংলা ভাষায় প্রথম সংবাদপত্রের নাম কী?
(A) সমাচার দর্পণ (B) সংবাদ কৌমুদী (C) সংবাদ প্রভাকর (D)



# W.B.C.S প্রিলিমিনারি পরীক্ষা

তত্ত্ববোধিনী পত্রিকা

54. নীচের কে 'ভারতীয় বিপ্লববাদের জননী' নামে পরিচিত?
(A) ভগিনী নিবেদিতা (B) অ্যানি বেসান্ত (C) মাদাম কামা (D) মাতঙ্গিনী হাজরা

55. 'সাইমন কমিশন' কেন নিয়োগ করা হয়েছিল?
(A) ভারতের সাংবিধানিক সংস্কারের জন্য (B) শাসন সংস্কারের জন্য (C) শিক্ষা সংস্কারের জন্য (D) জেল কোড সংস্কারের জন্য

56. কোন বছর মুসলিম লীগ পাক-ই-স্তান প্রস্তাব গ্রহণ করেছিল?
(A) 1916 (B) 1940 (C) 1945 (D) 1930

57. দ্বিতীয়বারের জন্য সুভাষচন্দ্র বসু কোথায় কংগ্রেস সভাপতি নির্বাচিত হন?
(A) হরিপুরায় (B) ত্রিপুরীতে (C) ওয়ার্ধায় (D) পাটনায়

58. তিতুমির কে ছিলেন?
(A) ওয়াহাবি আন্দোলনের নেতা (B) ফরাজি আন্দোলনের নেতা (C) নীল বিদ্রোহের নেতা (D) আলিগড় আন্দোলনের নেতা

59. 'স্বত্ব বিলোপ নীতি' কে প্রবর্তন করেন?
(A) লর্ড ডালহৌসি (B) লর্ড ক্যানিং (C) লর্ড লিনলিথগো (D) লর্ড ওয়েলেসলী

60. 'নীল দর্পণ' নাটকটি কে ইংরিজিতে অনুবাদ করেন?
(A) রেভ জেমস লং (B) কালীপ্রসন্ন সিংহ (C) মধুসূদন দত্ত (D) ওপরের কেউ নন

61. ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম ভারতীয় মহিলা সভাপতি কে ছিলেন?
(A) অরুণা আসফ আলি (B) সুচেতা কৃপালনী (C) সরোজিনী নাইডু (D) বিজয়লক্ষ্মী পণ্ডিত

62. 1942 সালে 'ভারত ছাড়ো আন্দোলন'এর সময় ভারতের ভাইসরয় কে ছিলেন?
(A) লর্ড ডালহৌসি (B) লর্ড কার্জন (C) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (D) লর্ড লিনলিথগো

63. 'দ্য লাইফ ডিভাইন' বইটি কে লিখেছিলেন?
(A) সিস্টার নিবেদিতা (B) অরবিন্দ ঘোষ (C) স্বামী বিবেকানন্দ (D) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

64. 'অনুশীলন সমিতি' কে প্রতিষ্ঠা করেন?
(A) জি. মিত্র (B) বারীন্দ্র ঘোষ (C) অশ্বিনীকুমার দত্ত (D) সতীশচন্দ্র বসু

65. কে 1942 সালে ক্রিপস আর ওয়াভেলের সঙ্গে সিমলা অধিবেশনে মধ্যস্থতা করেন?
(A) চক্রবর্তী রাজাগোপালাচারী (B) জে.বি. কৃপালনী (C) জওহরলাল নেহেরু (D) আবুল কালাম আজাদ

66. 'মেকলে মিনিট' কবে পাশ হয়?
(A) 1817 (B) 1838 (C) 1819 (D) 1835

67. ভারতের প্রথম পর্তুগিজ গভর্নর কে ছিলেন?
(A) আফোনসো ডি আলবুকার্ক (B) দিয়াগো লোপেজ (C) ভাস্কো দা গামা (D) নুনো দা চুনহা

68. কত সালে 'ইস্ট ইন্ডিয়া কোম্পানি' মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলমের কাছ থেকে দেওয়ানী লাভ করে ?
(A) 1757 (B) 1760 (C) 1768 (D) 1765

69. 'হিন্দু কলেজ' কবে প্রতিষ্ঠিত হয়?
(A) 1809 (B) 1818 (C) 1817 (D) 1820

70. রাজা রামমোহন রায়কে 'রাজা' উপাধি কে দিয়েছিলেন?
(A) লর্ড মিন্টো (B) বাহাদুর শাহ (C) দ্বিতীয় আকবর (D) রবীন্দ্রনাথ ঠাকুর

71. 'বেদে ফিরে যাও' — কে বলেছিলেন?
(A) বিবেকানন্দ (B) দয়ানন্দ সরস্বতী (C) নেতাজী (D) রামকৃষ্ণ পরমহংসদেব

72. 'হাওয়া মহল' কে তৈরি করেছিলেন?
(A) গুরু রামদাস (B) মহারাজা প্রতাপ সিং (C) সাওয়াই জয় সিং (D) রানা কুম্ভ

73. নীচের কে 'রাইটার্স বিল্ডিং' আক্রমণের সঙ্গে যুক্ত ছিলেন?
(A) বিনয় বসু (B) বাদল গুপ্ত (C) দীনেশ গুপ্ত (D) এঁরা সবাই

74. ভারতের প্রথম ট্রেড ইউনিয়ন কোনটি?
(A) নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস (B) গিরনি কামগড় ইউনিয়ন (C) মাদ্রাজ লেবার ইউনিয়ন (D) ইন্ডিয়ান ট্রেড ইউনিয়ন ফেডারেশন

75. কে ক্রিপস মিশনের প্রস্তাবগুলিকে একটি 'post-dated cheque' বলে অভিহিত করেছিলেন?
(A) মৌলানা আবুল কালাম আজাদ (B) মহাত্মা গান্ধী (C) বি. আর. আম্বেদকর (D) সর্দার বল্লভভাই প্যাটেল

76. কোন মাটিতে ভারতে কার্পাস চাষ সবথেকে ভালো হয়?
(A) ল্যাটেরাইট মৃত্তিকায় (B) পলিমাটিতে (C) কৃষ্ণ মৃত্তিকায় (D) তরাইতে

77. পূর্ব কলকাতার জলাভূমিকে নীচের কোন আখ্যা দেওয়া হয়েছে?
(A) রামসর স্থান (B) বায়োস্ফিয়ার রিজার্ভ (C) সংরক্ষিত বনভূমি (D) জাতীয় উদ্যান

78. 'ছোটনাগপুর মালভূমি' কোন শিলা দিয়ে গঠিত?
(A) প্রাচীন আগ্নেয়শীলা ও রূপান্তরিত শিলা (B) পাললিক শিলা (C) পলিমাটি (D) লাভা প্রবাহ

79. 'টোডা' উপজাতি কোথায় দেখতে পাওয়া যায়?
(A) ঝাড়খণ্ডে (B) ছত্তিশগড়ে (C) উত্তরাখণ্ডে (D) নীলগিরি পর্বতে

80. 'ফরাক্কা বাঁধ' কী উদ্দেশ্যে তৈরি হয়েছে?
(A) হুগলী নদীর জলের প্রবাহ বাড়ানোর জন্য (B) জলবিদ্যুৎ উৎপাদনের জন্য (C) চাষের জমিতে জল সরবরাহের জন্য (D) ওপরের কোনোটি নয়

81. 'ডানকান প্রণালী' নীচের কোন দ্বীপের মধ্যে অবস্থিত?
(A) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (B) দক্ষিণ আন্দামান ও ক্ষুদ্র আন্দামান (C) ক্ষুদ্র আন্দামান ও নিকোবর (D) আমিনদিভি ও লাক্ষাদ্বীপ দ্বীপপুঞ্জ

82. সিন্ধু নদের উৎপত্তিস্থল কোনটি?
(A) শেষনাগ হ্রদ (B) ভীমতাল হ্রদ (C) নাসের হ্রদ (D) মানস সরোবর হ্রদ

83. পূর্ব ও পশ্চিম ঘাটের সংযোগস্থল হল—
(A) পালানী পর্বত (B) নীলগীরি পর্বত (C) পালঘাট গ্যাপ (D) আন্নামালাই পর্বত

84. নীচের কোন বন্দরে স্বাভাবিক পোতাশ্রয় রয়েছে?
(A) চেন্নাই (B) হলদিয়া (C) বিশাখাপত্তনম (D) নব তুতিকোরিন

85. ভারতের কোন রাজ্যে সুলতানপুর পাখি অভয়ারণ্যটি অবস্থিত?
(A) হরিয়ানা (B) উত্তর প্রদেশ (C) গুজরাত (D) অসম

86. 'আপ্পিকো আন্দোলন'এর নেতৃত্ব দেন কে?
(A) আহমেদাবাদের সরলাবেন (B) রাজকোটের মিরাবেন (C) সিরসিক পান্ডুরঙ হেগড়ে (D) কৌসেনের সুন্দরলাল

87. পশ্চিমবঙ্গের কোন জেলার ওপর দিয়ে কর্কটক্রান্তি রেখা গেছে?
(A) মুর্শিদাবাদ (B) নদিয়া (C) মালদহ (D) উত্তর ২৪ পরগনা

88. 'ক্ষেত্রী' কীজন্য বিখ্যাত?
(A) কয়লা (B) তামা (C) গম (D) সোনা

89. 'ধুঁয়াধার জলপ্রপাত' কোন নদীর ওপর দেখা যায়?
(A) ব্রহ্মপুত্র (B) মন্দাকিনী (C) নর্মদা (D) সরাবতী

90. হায়দরাবাদ শহর কোন নদীর তীরে অবস্থিত?
(A) মুসি (B) কৃষ্ণা (C) সবরমতী (D) গোদাবরী

91. 'ফ্যাদোমিটার' যন্ত্রের মাধ্যমে কী মাপা হয়?
(A) ভূমিকম্প (B) তাপমাত্রা (C) সমুদ্রের গভীরতা (D) বায়ুর বেগ

92. 'পন্ডাবনী' ভারতের কোন রাজ্যের একটি বিখ্যাত নৃত্য?
(A) মিজোরাম (B) রাজস্থান (C) মধ্য প্রদেশ (D) হিমাচল প্রদেশ

93. 'আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জ'এর সর্বোচ্চ শৃঙ্গের নাম কী?
(A) ইন্দিরা পয়েন্ট (B) নরকোন্ডাম (C) ব্যারেন (D) স্যাডেল পিক

94. ভারতের কোন রাজ্যে জাফরান উৎপন্ন হয়?
(A) হিমাচল প্রদেশ (B) রাজস্থান (C) সিকিম (D) জম্মু ও কাশ্মীর

95. ভারতের ক্ষুদ্রতম ও বৃহত্তম প্রতিবেশী দেশের নাম কী?
(A) মলদ্বীপ ও চিন (B) ভুটান ও চিন (C) ভুটান ও নেপাল (D) শ্রীলঙ্কা ও পাক-ই-স্তান

96. পশ্চিমবঙ্গের 'রাঢ়' হল একটি ভূপ্রাকৃতিক অঞ্চল, যার অংশ বিশেষ কোন জেলায় দেখা যায়?
(A) কোচবিহার (B) নদিয়া (C) পশ্চিম মেদিনীপুর (D) দক্ষিণ ২৪ পরগনা

97. 'সর্দার সরোবর ড্যাম' কোন নদীর ওপর অবস্থিত?
(A) শতদ্রু (B) নর্মদা (C) মহানন্দা (D) কংসাবতি

98. ভারতের কোন রাজ্যের সীমানা সবথেকে বেশি সংখ্যক রাজ্য স্পর্শ করেছে?
(A) আন্ধ্রা প্রদেশ (B) বিহার (C) মধ্য প্রদেশ (D) উত্তর প্রদেশ

99. 'ইন্দিরা গান্ধী ক্যানেল'এর মাধ্যমে ভারতের কোন রাজ্যে জলসেচ হয়?
(A) রাজস্থান (B) উত্তর প্রদেশ (C) বিহার (D) মধ্য প্রদেশ

100. কোন অঞ্চলকে 'দক্ষিণ ভারতের শস্য ভাণ্ডার' বলা হয়?
(A) কৃষ্ণা নদীর ব-দ্বীপ অঞ্চল (B) গোদাবরী নদীর ব-দ্বীপ অঞ্চল (C) কাবেরী নদীর ব-দ্বীপ অঞ্চল (D) মহানদী নদীর ব-দ্বীপ অঞ্চল

101. রাজ্যসভার চেয়ারম্যান কে?
(A) বিরোধী দলের নেতা (B) রাষ্ট্রপতির মনোনীত সদস্য (C) ভারতের উপ-রাষ্ট্রপতি (D) উপ-রাষ্ট্রপতির মনোনীত সদস্য

102. বিশ্ব উন্নয়ন রিপোর্টটি প্রকাশ করে কোন সংস্থা?
(A) এশিয়ার উন্নয়ন ব্যাঙ্ক (B) বিশ্বব্যাঙ্ক (C) রাষ্ট্রসঙ্ঘ (D) বিশ্ব বাণিজ্য সংস্থা

103. নীচের কোন আধিকারিক পার্লামেন্টের সদস্য না হয়েও পার্লামেন্টের যেকোনো কক্ষে আলোচনায় অংশ নিতে পারেন?
(A) উপ-রাষ্ট্রপতি (B) সলিসিটর জেনারেল (C) অ্যাটর্নি জেনারেল (D) CAG

104. 'গরিবি হঠাও' স্লোগানটি কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনার সঙ্গে যুক্ত ছিল?
(A) তৃতীয় (B) চতুর্থ (C) পঞ্চম (D) ষষ্ঠ

105. কেন্দ্র ও রাজ্যের মধ্যে কোন সংস্থার সুপারিশের ভিত্তিতে রাজস্ব বন্টিত হয়?
(A) পরিকল্পনা কমিশন (B) অর্থ কমিশন (C) জাতীয় উন্নয়ন পরিষদ (D) সরকারি হিসাবরক্ষা সংক্রান্ত কমিটি

106. 'সমাজতান্ত্রিক' ও 'ধর্মনিরপেক্ষ' এই শব্দ দু'টি ভারতীয় সংবিধানের কোন প্রস্তাবনায় অন্তর্ভুক্ত হয়েছিল?
(A) 41তম সংশোধনী (B) 42 তম সংশোধনী (C) 43 তম সংশোধনী (D) 44 তম সংশোধনী

107. 'হেবিয়াস কর্পাস' শব্দটির সঠিক ব্যঞ্জনা কী?
(A) কোনো ব্যক্তিকে জেলের ভেতর আটকে রাখা (B) কোনো ব্যক্তিকে সশরীরে উপস্থিত করা (C) কোনো ব্যক্তিকে অপসারণ করা (D) ওপরের কোনোটিই নয়

108. মুদ্রাস্ফীতিজনিত মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণের জন্য 'রিজার্ভ ব্যাঙ্ক' বাণিজ্যিক ব্যাঙ্কগুলিকে কোন নির্দেশ দেয়?
(A) ঋণের ওপর সুদের হার কমানো (B) স্ট্যাটুটরি লিকুইডিটি রেশিও কমানো (C) ক্যাশ রিজার্ভ রেশিও বৃদ্ধি (D) মূলধনের বাজার থেকে বন্ড কেনা

109. ভারতবর্ষে বার্ষিক পরিকল্পনা করা হয় কবে?
(A) 1969-1971 (B) 1966-1969 (C) 1968-1970 (D) কোনোটি নয়

110. ভারতীয় সংবিধানের কোন ধারায় সবধরনের 'অস্পৃশ্যতার অবলুপ্তি' ঘটানো হয়েছে?
(A) 18 নং ধারা (B) 17 নং ধারা (C) 19 নং ধারা (D) 15 নং ধারা

111. নীচের কোনটি সংবিধানের মাধ্যমে গঠিত নয়?
(A) অর্থ কমিশন (B) যোজনা কমিশন (C) নির্বাচন কমিশন (D) কেন্দ্রীয় লোকসভা আয়োগ

112. বছরে ন্যূনতম কতবার সংসদ অধিবেশন হয়?
(A) 2 (B) 4 (C) 3 (D) 5

113. ভারতের রাষ্ট্রপতির নির্বাচনকে কেন্দ্র করে কোনো বিরোধ দেখা দিলে তার নিষ্পত্তি করে কে?
(A) সংসদ (B) মন্ত্রিসভা (C) সুপ্রিম কোর্ট (D) হাই কোর্ট

114. 1969 সালে কতগুলি ব্যাঙ্ক জাতীয়করণ করা হয়েছিল?
(A) 16 (B) 14 (C) 15 (D) 20

115. নির্দেশমূলক নীতিসমূহের ধারণাটি ভারতীয় সংবিধানে কোন দেশ থেকে গৃহীত হয়েছে?
(A) ব্রিটিশ যুক্তরাজ্য (B) আয়ারল্যান্ড (C) কানাডা (D) মার্কিন যুক্তরাষ্ট্র

116. কত তম সংবিধান সংশোধনী বিল অনুযায়ী ভোটাধিকার প্রয়োগের ন্যূনতম বয়স 21 থেকে কমিয়ে 18 করা হয়েছে?
(A) 48 তম (B) 57 তম (C) 61 তম (D) 63 তম

117. কোন কমিটির সুপারিশ অনুযায়ী NABARD প্রতিষ্ঠিত হয়েছিল?
(A) সারকারিয়া কমিটি (B) নরসিংহ কমিটি (C) শিবরাম কমিটি (D) মালহোত্রা কমিটি

118. রাজ্য মন্ত্রিসভার সদস্যদের শপথ বাক্য পাঠ করান কে?
(A) রাজ্যপাল (B) মুখ্যমন্ত্রী (C) রাজ্য হাই কোর্টের প্রধান বিচারপতি (D) বিধানসভার অধ্যক্ষ

119. ভারতীয় সংবিধান অনুযায়ী একমাত্র স্বেচ্ছাধীন ক্ষমতার অধিকারী কে?
(A) উপ-রাষ্ট্রপতি (B) লোকসভার অধ্যক্ষ (C) রাষ্ট্রপতি (D) রাজ্যপাল.

120. ভারতীয় সংবিধানে 'দলত্যাগ বিরোধী আইন' কত নং তপশিলে বর্ণিত আছে?
(A) 10 তম (B) 9 তম
(C) 7 তম (D) 8 তম

121. কে মানব উন্নয়ন সূচকের (HDI) ধারণা দেন?
(A) অমর্ত্য সেন (B) মেহবুব উল হক
(C) অভিজিৎ ব্যানার্জি (D) এ. এস. কাদির

122. নীচের কোন সংস্থাটি ভারতের বাজার নিয়ন্ত্রক ব্যবস্থা হিসাবে পরিচিত?
(A) IBA (B) SEBI (C) AMFI (D) NSDL

123. সংবিধানের কোন ধারা অনুযায়ী ভারত সরকার 'ভারতরত্ন' ও 'পদ্মশ্রী' পুরস্কার দিয়ে থাকে?
(A) 14 নং (B) 18 নং (C) 22 নং (D) 24 নং

124. MODVAT এর সঙ্গে সম্পর্কিত —
(A) বিক্রয় কর (B) সম্পত্তি কর
(C) আয়কর (D) আবগারি শুল্ক

125. ভারতের মোট অভ্যন্তরীণ সঞ্চয়ে সর্বাধিক অবদান হল —
(A) পরিবার ক্ষেত্রের (B) বেসরকারি শিল্পক্ষেত্রের
(C) সরকারি ক্ষেত্রের (D) বৈদেশিক ক্ষেত্রের

126. 5 এর 10% ও 10 এর 5% যোগ করলে কত হবে?
(A) 0.25 (B) 0.10 (C) 1.0 (D) 2.5

127. যদি CAT = 356, COW = 398, DOG = 490 ও RAT = 256 হয়, তাহলে FOX এর একটি সম্ভাব্য সংকেতলিপি কী হবে?
(A) 701 (B) 107 (C) 791 (D) 790

128. আয়নায় সৃষ্ট প্রতিবিম্বে কোনো ঘড়ি 12 : 40 সময় দেখাচ্ছে। আসল সময়টি কী?
(A) 8 : 50 (B) 10 : 10
(C) 11 : 20 (D) 12 : 40

129. নীচের বর্ণমালার শ্রেণিটিতে শূন্যস্থানে কোন বর্ণটি বসবে?

# W.B.C.S প্রিলিমিনারি পরীক্ষা

G, H, J, M, __, V

(A) Q (B) T (C) O (D) R

130. রাধা সুনিতার ছোট কিন্তু রিতার বড়। রিতা গীতার বড়। শ্যাম রিতার বড় কিন্তু রাধার ছোট। কে সর্বকনিষ্ঠ?

(A) রিতা (B) সুনিতা (C) শ্যাম (D) গীতা

131. 3টি গাড়ির গতিবেগের অনুপাত হল 2 : 3 : 4. ওই 3টি গাড়ি একই দূরত্ব অতিক্রম করতে যে সময় নেবে তার অনুপাত কত হবে?

(A) 2 : 3 : 4 (B) 4 : 3 : 6

(C) 3 : 4 : 6 (D) 6 : 4 : 3

132. P, X এর মা। X, Z এর স্ত্রী। Y, P এর ভাই ও Q, P এর স্বামী। Q, Z এর কে হয়?

(A) জামাই (B) শ্বশুর (C) পুত্র (D) পুত্রবধূ

133. একজন ব্যক্তি 7 কিলোমিটার পূর্বদিকে যান। তারপর দক্ষিণদিকে 2 কিলোমিটার যান। আবার বাঁদিকে ঘুরে 1 কিলোমিটার যাওয়ার পর আবার বাঁদিকে ঘোরেন ও 17 কিলোমিটার যান। প্রথম অবস্থান থেকে তিনি এখন কত কিলোমিটার দূরে?

(A) 17 (B) 18 (C) 20 (D) 27

134. দুটি সংখ্যার অনুপাত 7 : 9 ও তাদের বিয়োগফল 6. সংখ্যা দুটি কী হবে?

(A) 49, 55 (B) 91, 97

(C) 21, 27 (D) 42, 54

135. একটি নৌকা স্রোতের অনুকূলে 35 km/h ও স্রোতের প্রতিকূলে 17 km/h বেগে চলতে পারে। স্রোতের বেগ কত?

(A) 4 km/h (B) 9 km/h

(C) 6 km/h (D) 7 km/h

136. A, B, C, D, E ও F একটি গোল টেবিলে বসে আছে। A, E ও F এর মধ্যে বসে আছে। E, D এর বিপরীতে, C, E এর পাশে নেই। তাহলে B এর বিপরীতে কে আছে?


(A) C (B) D (C) F (D) ওপরের কোনোটিই নয়

137. __ bb __ a __ b __ aabb

(A) aaba (B) baab (C) bbab (D) abaa

138. 3, 7, 16, 35 ?

(A) 70 (B) 75 (C) 74 (D) 68

139.  কটি চতুর্ভুজ আছে?

(A) 8 (B) 14 (C) 5 (D) 4

140. একজন ব্যাটসম্যান 110 রান করল যার ছিল 3টি বাউন্ডারি ও 8টি ওভার বাউন্ডারি। তাহলে কত শতাংশ রান সে দৌড়ে করে?

(A) $45\frac{1}{2}\%$ (B) $45\frac{5}{11}\%$ (C) $54\frac{5}{11}\%$ (D) $54\frac{1}{2}\%$

141. নদী : শাখানদী : : কাণ্ড : ?

(A) ফুল (B) ফল (C) বিটপ (D) শাখা বা ডাল


142. $+ = \div$, $- = \times$, $\div = -$, $\times = +$ হলে $8 + 4 \div 3 \times 5 - 8$ এর মান কত?

(A) 39 (B) 29 (C) 38 (D) 37

143. 36টি বইয়ের ক্রয়মূল্য 30টি বইয়ের বিক্রয়মূল্যের সমানে কত শতাংশ লাভ হয়?

(A) 20% (B) 16% (C) 18% (D) 8%

144.





(A) 3 (B) 1 (C) 5 (D) 6

145. $99\frac{1}{7} + 99\frac{2}{7} + 99\frac{3}{7} + 99\frac{4}{7} + 99\frac{5}{7} + 99\frac{6}{7} = ?$

(A) 795 (B) 579 (C) 597 (D) 567

146.




কারা জার্মান খেলোয়াড় কিন্তু রাজনৈতিক লোক নয়?

(A) B (B) C (C) F (D) G

147. দুটি নল A ও B একটি চৌবাচ্চা যথাক্রমে 6 ও 8 ঘণ্টায় ভরতি করে। নল দুটি একসঙ্গে খুলে দেওয়া হল ও 2 ঘণ্টা পর A নলটি বন্ধ করে দেওয়া হল। B নলটি চৌবাচ্চাটির অবশিষ্ট অংশ ভরতি করতে কত সময় নেবে?

(A) $2\frac{1}{3}$ ঘণ্টা (B) $2\frac{2}{5}$ ঘণ্টা (C) $7\frac{1}{2}$ ঘণ্টা (D) $3\frac{1}{3}$ ঘণ্টা

148. ABJK : EFNO : : CDLM : ?

(A) GHPQ (B) GHSR (C) GHPR (D) GHRS

149. A>B, B>C ও C>D হলে নীচের দেওয়া কোন সিদ্ধান্তটি নিশ্চিতভাবে ভুল?

(A) A > D (B) A > C (C) D > A (D) B > D

150. কোন ভাষায় water কে black, black কে tree, tree কে blue, blue কে rain, rain কে pink, pink কে fish বলে, তবে colour of sky?

(A) Blue (B) Fish (C) Rain (D) Pink

## উত্তর


1(A). 2(D). 3(D). 4(D). 5(B). 6(B). 7(C). 8(B). 9(C). 10(C). 11(C). 12(D). 13(C). 14(A). 15(B). 16(B). 17(B). 18(A). 19(B). 20(A). 21(C). 22(A). 23(A). 24(C). 25(B). 26(D). 27(A). 28(B). 29(A). 30(D). 31(A). 32(A). 33(B). 34(D). 35(B). 36(C). 37(C). 38(A). 39(B). 40(B). 41(C). 42(B). 43(D). 44(C). 45(A). 46(A). 47(B). 48(A). 49(A). 50(B). 51(A). 52(A). 53(A). 54(C). 55(B). 56(B). 57(A). 58(A). 59(A). 60(C). 61(C). 62(D). 63(B). 64(A). 65(D). 66(D). 67(A). 68(D). 69(C). 70(C). 71(B). 72(B). 73(D). 74(C). 75(B). 76(C). 77(A). 78(A). 79(D). 80(A). 81(B). 82(D). 83(B). 84(C). 85(A). 86(C). 87(B). 88(B). 89(C). 90(A). 91(C). 92(D). 93(D). 94(D). 95(A). 96(C). 97(B). 98(D). 99(B). 100(C). 101(C). 102(B). 103(C). 104(B). 105(B). 106(B). 107(B). 108(C). 109(B). 110(B). 111(B). 112(C). 113(C). 114(B). 115(B). 116(C). 117(C). 118(A). 119(C). 120(A). 121(B). 122(B). 123(B). 124(D). 125(A). 126(C). 127(C). 128(C). 129(A). 130(D). 131(D). 132(B). 133(C). 134(C). 135(B). 136(C). 137(B). 138(C). 139(B). 140(B). 141(D). 142(A). 143(A). 144(B). 145(C). 146(C). 147(A). 148(A). 149(C). 150(C).


জুলাই ২০২২-এর ভর্তির বিজ্ঞপ্তি

CCPTR MAKAUT, WB

CCPTR (Centre for Collaborative Programs , Training and Research), under aegis of Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT, West Bengal), Formerly Known as West Bengal University of Technology.

BNG® Hotel Management Institute
AN ISO 9001 : 2015 CERTIFIED



প্লেসমেন্টে সহায়তা

HOTEL & HOSPITALITY MANAGEMENT

ওয়েস্ট বেঙ্গল স্টুডেন্ট ক্রেডিট কার্ডের সুবিধা পাবেন

১. হসপিটালিটি ম্যানেজমেন্টে ডিপ্লোমা- ১২ মাস

২. ফুড প্রোডাকশন অ্যান্ড বেভারেজেস-এ ডিপ্লোমা- ১২ মাস

মোট কোর্স ফী ৪৫,০০০/-

• থাকার জন্য হোস্টেল (ক্যাম্পাসের মধ্যে) • সহজ কিস্তি • অসাধারণ ট্রেনিং ও রেকর্ড প্লেসমেন্ট

BNG- ২০২০ সালের Times Leading Hotel Management School সম্মানে ভূষিত

আসন থাকা অবধি ভর্তি চলবে

BNG HOTEL MANAGEMENT INSTITUTE, KOLKATA

ক্যাম্পাস : সেক্টর-V-এর কাছে- সল্ট লেক এবং নিউ টাউন ব্রিজ, বাসস্টপ- কোল ভবন

সিটি অফিস : ৩২, ড. লালমোহন ভট্টাচার্য রোড, রামলীলা পার্কের বিপরীতে, মৌলালী, কলকাতা- ১৪


W : www.bngkolkata.com | E : admin@bngkolkata.com | P : +91 98307 96307

Toll Free No. : 1800 891 1508

ইচ্ছুক এডুকেশনাল কনসালটেন্টরা যোগাযোগ করুন

bindumedia.co.in

# M.R. GROUP





## M.R. INSTITUTE OF NURSING
## MOTHER TERESA INSTITUTE OF NURSING

# জয়েন্ট ছাড়াই ভর্তি !!

INC listed ও সুপার স্পেশালিটি হসপিটাল যুক্ত পশ্চিমবঙ্গের সেরা কলেজ

# GNM • B.Sc. নার্সিং

2022-23 এর জন্য যোগাযোগ করুন
For Education Consultancy

Helpline
9163292000





বিজ্ঞাপনের এই কাটিংটি সাথে নিয়ে এসে ভর্তি হলে

## ল্যাপটপ ফ্রি

(Offer Valid 26 Feb to 31 Mar, 2022)

১২০ বেডের সুপার স্পেশালিটি নিজস্ব হসপিটাল



Affiliated by INC, WBNC & WBUHS

জেলাভিত্তিক Admission Partner হয়ে সম্মানজনক উপার্জন করে সুপ্রতিষ্ঠিত হন
9163297000

College Campus
Address : BIRA, BALISHA, NORTH 24 PARGANAS
mr.skmindia@gmail.com

For Admission
7595905107
8274091660







# VALLEY
Group of Institutions

INC, KNC & RGUHS. | INC NO- 1502251

College Information : 08431596462

AFFILIATION & ACCREDIATION

2021-22 সেশনে সীমিত সীটে ভর্তি চলছে

400 বেডের নিজস্ব হসপিটালে প্র্যাকটিস

পশ্চিমবঙ্গের যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বিগত বছরগুলিতে বিভিন্ন সংস্থা ও কলেজের দ্বারা প্রতারিত বা বঞ্চিত হয়েছেন তাদের জন্য বিশেষ ব্যবস্থা --
M: 08431596462

YPR স্টেশন থেকে মাত্র ২ কিমি

স্কুল ও টিউশন শিক্ষক-শিক্ষিকা, অবসরপ্রাপ্ত সরকারি ও বেসরকারি কর্মচারী, কম্পিউটার সেন্টার ডিরেক্টর ও সমাজের সম্মানীয় ব্যক্তিবর্গ নিজস্ব এলাকায় Admission Point খুলে প্রতি মাসে সম্মানজনক উপার্জন করুন

জেলাভিত্তিক ব্রাঞ্চ নিতে যোগাযোগ করুন
9163528048

## Sristi Nursing Education & Management
9907728954 / 9051731474
sristinem@gmail.com


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal. Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-6233. E-Mail : karmsang@gmail.com